# রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের ২০২৩-২৪ অর্থবছরের বাজেটের সংক্ষিপ্তসার



মনিটরিং সেল
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.mof.gov.bd

আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি
মন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

A H M Mustafa Kamal, FCA, MP
Minister
Ministry of Finance
Government of the People's
Republic of Bangladesh

## মুখবন্ধ

রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠাসমূহকে অধিকতর দক্ষ ও গতিশীল করে অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা নিশ্চিত করা সম্ভব। শিল্প, বিদ্যুৎ ও গ্যাসের ন্যায় ইউটিলিটি, পরিবহন, যাতায়াত ও বিভিন্ন গুরুত্বপূর্ণ সেবা খাতে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থাসমূহ দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণে তাদের কর্মদক্ষতা, সৃজনশীলতা ও উদ্ভাবনীশক্তিকে কাজে লাগিয়ে ইতিবাচক অবদান রাখার পাশাপাশি উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। এ সকল সংস্থা অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করার মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন, সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা ও দারিদ্র্য বিমোচনে যথাযথ অবদান রাখতে সক্ষম।

এ প্রকাশনায় ৪৮টি অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের ২০২৩-২৪ অর্থবছরের বাজেট প্রাক্কলনসহ ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট অন্তর্ভুক্ত করা হয়েছে। সংস্থাসমূহকে যথাক্রমে শিল্প, বিদ্যুৎ, গ্যাস ও পানি, পরিবহন ও যোগাযোগ, বাণিজ্য, কৃষি ও মৎস্য, নির্মাণ এবং সেবা এই ৭টি সেক্টরে শ্রেণিবিন্যাস করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরের প্রকৃত ও সাময়িক হিসাব অনুযায়ী ৪৮টি রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের নিট মুনাফার পরিমাণ ছিল প্রায় ১,৭০৭.৯৭ কোটি টাকা। কোভিড ১৯ পরিস্থিতি সাফল্যের সাথে মোকাবেলা করে গত ২০২২-২৩ অর্থবছরে ৩৬টি প্রতিষ্ঠান মুনাফা অর্জন করলেও রুশ-ইউক্রেন যুদ্ধের ফলে সৃষ্ঠ বিশ্বমন্দা, বিশ্বব্যাপী মূল্যস্ফীতি ও মার্কিন ডলারের বিপরীতে টাকার মান কমে যাওয়ায় ১২টি প্রতিষ্ঠান লোকসানের সম্মুখীন হয়েছে। উক্ত ১২টি প্রতিষ্ঠানের মোট লোকসানের পরিমাণ ছিল প্রায় ৭৮২৭.০৯ কোটি টাকা।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দীর্ঘলালিত স্বপ্ন ছিল অর্থনৈতিক ও সামাজিক ন্যায়বিচার সমুন্নতকরণের মাধ্যমে একটি দারিদ্র্যমুক্ত সমাজ প্রতিষ্ঠা করা। এ স্বপ্ন বাস্তবায়নে বর্তমান সরকার বিদ্যুৎ ও জ্বালানি খাতের উন্নয়নকে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হয়েছে। শিল্পায়নের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করার লক্ষ্যে বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করেছে। 'শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ' অঙ্গীকার বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হয়েছে। ২০৪১ সালের মধ্যে ৬০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতায় উন্নীতকরণের মহাপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ২৫ হাজার ২৮৪ মেগাওয়াটে উন্নীত হয়েছে এবং দেশের শতভাগ জনগোষ্ঠীকে বিদ্যুৎ সুবিধার আওতায় আনা সম্ভব হয়েছে। ভাড়াভিত্তিক ও তরল জ্বালানিনির্ভর বিদ্যুৎ উৎপাদন, কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদন ও পারমাণবিক বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া, দেশের জ্বালানি চাহিদা মেটাতে নতুন নতুন গ্যাসকূপ খনন এবং এলএনজি আমদানিসহ জ্বালানি উৎসের বহুমুখীকরণের উপরও গুরুত্ব আরোপ করা হয়েছে।

যোগাযোগ ও পরিবহন খাতের উন্নয়ন ও সংরক্ষণে সরকার অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে। সরকার নিজস্ব অর্থায়নে আধুনিকতম প্রযুক্তিতে পদ্মা সেতু নির্মাণ করছে। ২৫ জুন ২০২২ তারিখে সেতুটি যানবাহন চলাচলের লক্ষ্যে খুলে দেয়া হয়েছে। ফলে রাজধানী ঢাকার সাথে দেশের দক্ষিণ, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের দূরত্ব ও যাতায়াতের সময় হ্রাস পেয়েছে। যোগাযোগ ব্যবস্থার এ প্রভূত উন্নয়নে দেশের জিডিপি উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে। এছাড়া, দক্ষিণ এশিয়ায় প্রথম কর্ণফুলী নদীর তলদেশ দিয়ে নির্মাণ করা হয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল। ইতোমধ্যে টানেলের নির্মাণকাজ শেষ হয়েছে, চূড়ান্ত পর্যায়ের কিছু কার্যক্রম গ্রহণের পর অচিরেই টানেলটি জনগণের যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত করে দেয়া হবে।

রাষ্ট্রায়ত্ত খাতে যুগোপযোগী উৎপাদন, সেবার মান ও পরিসর বৃদ্ধিকল্পে বিভিন্ন ধরনের সংস্কার কর্মসূচি চালুর পাশাপাশি সরকারি-বেসরকারি অংশিদারীত্বের (পিপিপি) আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণের মাধ্যমে বেসরকারি খাতকে উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত করা হয়েছে। দেশের বিভিন্ন অঞ্চলে বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের মাধ্যমে রপ্তানি ও অভ্যন্তরীণ বাজার সম্প্রসারণসহ শিল্পায়নের গতিকে ত্বরান্বিত করা হয়েছে।

রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের ২০২৩-২৪ অর্থবছরের বাজেট ও বাজেটের সংক্ষিপ্তসার প্রস্তুতে পরিশ্রম ও অবদানের জন্য আমি অর্থ বিভাগের মনিটরিং সেলের সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিবাদন জানাচ্ছি। আমি আশা করি রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থাসমূহের জন্য প্রণীত এ বাজেট সরকারি নীতিমালার সফল বাস্তবায়ন, গৃহীত কার্যক্রম পরিবীক্ষণের পাশাপাশি স্বচ্ছতা ও দায়বদ্ধতা নিশ্চিতকরণসহ সর্বস্তরে জবাবদিহিতা প্রতিষ্ঠায় কার্যকর ভূমিকা রাখবে।

১০ জ্যৈষ্ঠ,১৪৩০ বঙ্গাব্দ
ঢাকা
২৪ মে,২০২৩ খ্রিস্টাব্দ

আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি

# রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের
# ২০২৩-২৪ অর্থবছরের
# বাজেটের সংক্ষিপ্তসার

মনিটরিং সেল
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.mof.gov.bd

# সূচিপত্র


পৃষ্ঠা

১. মুখবন্ধ

২. রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের বাজেটের সংক্ষিপ্তসার ... ... ... ... ১

**৩. শিল্প সেক্টরের প্রতিষ্ঠানসমূহ**

৩.১. বাংলাদেশ বস্ত্রশিল্প কর্পোরেশন ... ... ... ... ... ... ২

৩.২. বাংলাদেশ পাটকল কর্পোরেশন ... ... ... ... ... ... ৪

৩.৩. বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন ... ... ... ... ... ৬

৩.৪. বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন ... ... ... ... ... ৮

৩.৫. বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন ... ... ... ... ... ১০

৩.৬. বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন ... ... ... ... ... ১২

**৪. বিদ্যুৎ, গ্যাস ও পানি সেক্টরের প্রতিষ্ঠানসমূহ**

৪.১. বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ... ... ... ... ... ... ১৪

৪.২. চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ ... ... ... ... ১৫

৪.৩. ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ ... ... ... ... ১৬

৪.৪. খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ ... ... ... ... ১৭

৪.৫. রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ ... ... ... ... ১৮

৪.৬. বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন ... ... ... ... ১৯

**৫. পরিবহন ও যোগাযোগ সেক্টরের প্রতিষ্ঠানসমূহ**

৫.১. বাংলাদেশ শিপিং কর্পোরেশন ... ... ... ... ... ... ২০

৫.২. বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন ... ... ... ... ২১

৫.৩. চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ... ... ... ... ... ... ... ২২

৫.৪. মোংলা বন্দর কর্তৃপক্ষ ... ... ... ... ... ... ... ২৩

৫.৫. বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ ... ... ... ... ... ... ২৪

৫.৬. বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন ... ... ... ... ... ২৫

৫.৭. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ... ... ... ... ... ... ২৬

**৬. বাণিজ্যিক সেক্টরের প্রতিষ্ঠানসমূহ**

৬.১. বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন ... ... ... ... ... ... ২৭

৬.২. বাংলাদেশ জুট কর্পোরেশন ... ... ... ... ... ২৯

৬.৩. ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ ... ... ... ... ... ... ৩০

পৃষ্ঠা

**৭. কৃষি ও মৎস্য সেক্টরের প্রতিষ্ঠানসমূহ**

৭.১. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন ... ... ... ... ... ... ৩১

৭.২. বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন ... ... ... ... ... ৩২

**৮. নির্মাণ সেক্টরের প্রতিষ্ঠানসমূহ**

৮.১. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ... ... ... ... ... ... ... ৩৪

৮.২. চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ ... ... ... ... ... ... ... ৩৫

৮.৩. খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ ... ... ... ... ... ... ... ৩৬

৮.৪. রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ... ... ... ... ... ... ... ৩৭

৮.৫. জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ... ... ... ... ... ... ... ৩৮

৮.৬. কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ ... ... ... ... ... ... ৩৯

**৯. সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহ**

৯.১. বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট ... ... ... ... ... ... ৪০

৯.২. বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন ... ... ... ... ... ৪১

৯.৩. বাংলাদেশ পর্যটন কর্পোরেশন ... ... ... ... ... ... ৪২

৯.৪. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ... ... ... ... ৪৩

৯.৫. বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ ... ... ... ... ... ৪৪

৯.৬. বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন ... ... ... ... ... ৪৫

৯.৭. বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ ... ... ... ... ৪৬

৯.৮. বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ... ... ... ... ... ৪৭

৯.৯. বাংলাদেশ চা বোর্ড ... ... ... ... ... ... ... ৪৯

৯.১০. বাংলাদেশ তাঁত বোর্ড (বস্ত্র প্রক্রিয়াকরণ কেন্দ্র) ... ... ... ... ৫০

৯.১১. বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড ... ... ... ... ... ... ৫১

৯.১২. রপ্তানী উন্নয়ন ব্যুরো ... ... ... ... ... ... ... ৫২

৯.১৩. বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ... ... ... ... ... ৫৩

৯.১৪. বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন ... ... ... ... ... ৫৪

৯.১৫. বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন ... ... ... ... ৫৫

৯.১৬. বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ ... ... ... ... ... ৫৬

৯.১৭. বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র ... ... ... ... ৫৭

৯.১৮. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার ... ... ... ... ... ৫৮

## রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের ২০২৩-২৪ অর্থবছরের বাজেটের সংক্ষিপ্তসার

(কোটি টাকায়)

| বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|
| **আয়** | | | | |
| পরিচালন রাজস্ব | ৩৫৪,৮৯৪.৩১ | ৩১৪,৬৩১.৩৮ | ২৫৪,০৮০.৬৭ | ২২৭,৯৫৩.২৭ |
| অ-পরিচালন আয় | ৫৪,৯৬৭.৯০ | ৪৮,৬৯১.৯০ | ২৭,১৯৩.০২ | ৩৪,৩৭২.৩১ |
| **মোট আয়** | **৪০৯,৮৬২.২১** | **৩৬৩,৩২৩.২৮** | **২৮১,২৭৩.৬৯** | **২৬২,৩২৫.৫৮** |
| **ব্যয়** | | | | |
| পরিচালন ব্যয় | **৪১২,৯৫৯.৬৭** | **৩৬৬,৬৩৫.১৮** | **২৭৮,১৩৬.৮৪** | **২৫২,৭৯০.৮৩** |
| ক্রীত পণ্য ও সেবা | ৩৯১,০৪৫.০৭ | ৩৪৪,৮৫৩.৬২ | ২৫৭,৩৭১.১২ | ২৩৪,২৫৫.৭৫ |
| বেতন ও ভাতাদি | ৮,৪৫৩.৮৮ | ৭,৮২৬.৬৯ | ৮,০৭৩.৯৫ | ৬,৭৭৩.১৫ |
| অবচয় | ১৩,৪৬০.৭২ | ১৩,৯৫৪.৮৭ | ১২,৬৯১.৭৭ | ১১,৭৬১.৯৩ |
| অ-পরিচালন ব্যয় | **১১,৬০৫.৮৩** | **১০,৪২৮.৭১** | **৬,৫৮৭.৬৯** | **৭,৮২৬.৭৮** |
| শ্রমিক তহবিলে দেয় | ১২০.৭৯ | ১০৪.৩৮ | ৭৭.৪১ | ৭৪.৩০ |
| সুদ বাবদ ব্যয় | ৬,৪৫৫.৯৬ | ৫,৯৫৭.৩০ | ৪,৮৫৮.১৯ | ৪,৬৫১.৯৯ |
| প্রত্যক্ষ কর প্রদান | ৫,০২৯.০৮ | ৪,৩৬৭.০৩ | ১,৬৫২.০৯ | ৩,১০০.৪৯ |
| **মোট ব্যয়** | **৪২৪,৫৬৫.৫০** | **৩৭৭,০৬৩.৮৯** | **২৮৪,৭২৪.৫৩** | **২৬০,৬১৭.৬১** |
| **নিট মুনাফা/(লোকসান)** | **(১৪,৭০৩.২৯)** | **(১৩,৭৪০.৬১)** | **(৩,৪৫০.৮৪)** | **১,৭০৭.৯৭** |
| **মোট তহবিল** | **৭৪৩,৫৬৭.০২** | **৬৯৭,৮৯৭.৬০** | **৭৩৩,৫৪১.১৭** | **৬৬১,০০৭.৭৪** |
| মূলধন | ১৮৭,৪৩৬.৮৫ | ১৯৪,৫৫৯.২০ | ২৩৫,৩৮২.৪৫ | ২০২,১৩৫.৪৯ |
| দীর্ঘমেয়াদি দায় | ২৪৩,১৯২.০০ | ২৫৩,৩৯৫.১২ | ২৯৩,৩৮২.৫৪ | ২৬৫,০৬৯.৭৮ |
| চলতি দায় | ৩১২,৯৩৮.১৭ | ২৪৯,৯৪৩.২৮ | ২০৪,৭৭৬.১৮ | ১৯৩,৮০২.৪৭ |
| **মোট সম্পদ** | **৭৪৩,৫৬৭.০২** | **৬৯৭,৮৯৭.৬০** | **৭৩৩,৫৪১.১৭** | **৬৬১,০০৭.৭৪** |
| স্থায়ী সম্পদ | ৪৬৯,৬৪৫.৯৯ | ৪৪৭,৯০১.৮৯ | ৪৭৪,৮৫৯.১৫ | ৪৩৪,৮৬৯.৫১ |
| চলতি সম্পদ | ২৭৩,৯২১.০৩ | ২৪৯,৯৯৫.৭১ | ২৫৮,৬৮২.০২ | ২২৬,১৩৮.২৩ |
| বিনিয়োগ | ৩৩,৮৮২.২৯ | ২৬,৩৩৪.৩৫ | ৪৮,৮৭৮.৩৭ | ৭২,২৩৪.৭৯ |
| নতুন মূলধন প্রাপ্তি | ৮,৩৬৪.৪৩ | ৭,০১৪.৭৬ | ১৫,২১৫.৯৩ | ৫৩,৭৭৫.২৯ |
| দীর্ঘমেয়াদি ঋণ প্রাপ্তি | ৫,৩৭০.১৬ | ৫,০৫৮.৫০ | ২৮,৬৫১.০১ | ৪,৯৫৮.৩১ |
| দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ২২,৮৯২.০২ | ২৩,৪৬৬.১১ | ৭,০২৭.৯৬ | ৫,৪৪৩.২৪ |
| লভ্যাংশ প্রদান | ৮৯৭.৪০ | ৯৮২.৯২ | ১,১২১.৩৪ | ৮৭৯.৮৪ |
| মোট জনবল (হাজারে) | ১৩১৩৩৮ | ১২৯৮০৫ | ১২৫৩১৪ | ১২৭৫১৬ |

## বাংলাদেশ বস্ত্রশিল্প কর্পোরেশন
## প্রধান কার্যালয়

১৯৭২ সালের ২৬ মার্চ বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ট্রারপ্রাইজেস (রাষ্ট্রীয়করণ) অর্ডার ২৭, ১৯৭২ এর মাধ্যমে বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন (বিটিএমসি) প্রতিষ্ঠিত হয়। ১৯৭২ সালের ১ জুলাই হতে ৭৪টি মিল নিয়ে বিটিএমসি'র যাত্রা শুরু হয়। পরবর্তীতে বিটিএমসি ও সরকারের উদ্যোগে আরও ১২টি মিল প্রতিষ্ঠা করা হয়। এ নিয়ে বিটিএমসি'র সর্বমোট মিলের সংখ্যা দাঁড়ায় ৮৬টি। সরকারের বিরাষ্ট্রীয়করণ শিল্পনীতির ও বেসরকারী নীতির আওতায় ১৯৭৭ সাল থেকে ২০১০ পর্যন্ত সময়ে সর্বমোট ৫৮টি মিল হস্তান্তর, বিক্রি ও অবসায়ন করা হয়। বিটিএমসি'র নিয়ন্ত্রণে বর্তমানে চালু ও বন্ধসহ মোট ২৫টি মিল রয়েছে। এছাড়াও জাতীয়করণকৃত বাস্তব সম্পদবিহীন নামমাত্র ৩ (তিন) টি মিল বিটিএমসি'র তালিকায় রয়েছে। বিটিএমসি'র প্রধান কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে লেভি সংগ্রহ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য সুদ ও ভাড়া | ২২৫০.০০ | ২১০০.০০ | ২২০০.০০ | ১৫৯০.০৩ |
| ০৫. | অন্যান্য | ৫৬১.৫১ | ৫৫৪.৭২ | ৪৯৭.৬৬ | ৬৩৮.৮০ |
| **০৬.** | **মোট আয় (০১+......+০৫)** | **২৮১১.৫১** | **২৬৫৪.৭২** | **২৬৯৭.৬৬** | **২২২৮.৮৩** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ৬৮১.৪৮ | ৭২০.২৭ | ৭০৫.২৪ | ৬৫৪.৬০ |
| ০৮. | কর্মচারিদের ভবিষ্যৎ তহবিল/পেনশন | ৮৬.৩৯ | ১২৫.১২ | ৭৯.৭০ | ১২৫.৪০ |
| ০৯. | অন্যান্য | ২২১৮.৮৫ | ১৮৮০.৮৬ | ২০০৩.০৭ | ১১৭৪.৩২ |
| **১০.** | **মোট ব্যয় (০৭+.....+০৯)** | **২৯৮৬.৭২** | **২৭২৬.২৫** | **২৭৮৮.০১** | **১৯৫৪.৩২** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি): (০৬-১০)** | **-১৭৫.২১** | **-৭১.৫৩** | **-৯০.৩৫** | **২৭৪.৫১** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৪.৭০ | ৪.৫০ | ৮.৬০ | ১৮.৭৮ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৫৯০.১৫ | ৫৬.০৬ | ৬৬২.২১ | ১০৪.১৮ |
| ১৬. | মোট সম্পদ | ৫৮৭৬৩২.০০ | ৫৮৫৬১৪.৯৫ | ৫৭৯১৬০.১৭ | ৫৮৪১৬০.২৩ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৯৩:৭ | ৯৩:৭ | ৯২:৮ | ৯৩:৭ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ১৩০ | ১৩৬ | ১৪০ | ১৩৭ |

২০২১-২২ অর্থবছরে বিটিএমসি'র প্রধান কার্যালয়ের মোট ২২২৮.৮৩ লক্ষ টাকা আয়ের বিপরীতে মোট ব্যয় হয় ১৯৫৪.৩২ লক্ষ টাকা। ফলে বিটিএমসি'র প্রধান কার্যালয়ের পরিচালন উদ্বৃত্ত এর পরিমাণ দাঁড়ায় ২৭৪.৫১ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট আয় যথাক্রমে ২৬৫৪.৭২ লক্ষ ও ২৮১১.৫১ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় প্রাক্কল করা হয় যথাক্রমে ২৭২৬.২৫ লক্ষ ও ২৯৮৬.৭২ লক্ষ টাকা। ফলে বিটিএমসি'র প্রধান কার্যালয়ের পরিচালন ঘাটতির পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৭১.৫৩ লক্ষ ও ১৭৫.২১ লক্ষ টাকা।

২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ৫৮৪১৬০.২৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৯৩:৭। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছেরের প্রাক্কিলত বাজেটে সংস্থার প্রধান কার্যালেয়র মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৫৮৫৬১৪.৯৫ লক্ষ ও ৫৮৭৬৩২.০০ লক্ষ টাকা এবং উভয় বাজেটে ঋণ মূলধন অনুপাত হবে যথাক্রমে ৯৩:৭। ২০২১-২২ অর্থবছরে বিটিএমসি'র প্রধান কার্যালয়ের জনবল ছিল মোট ১৩৭ জন। এ জনবল ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে দাঁড়াবে যথাক্রমে ১৩৬ জন ও ১৩০ জন।

# বাংলাদেশ বস্ত্রশিল্প কর্পোরেশন
## ইউনিটসমূহ

বিটিএমসি'র নিয়ন্ত্রণে বর্তমানে ৬টি চালু মিলসহ মোট ২৫টি মিল রয়েছে। চালু ৬টি মিলের ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| ০১. | **আয়** | | | | |
| | মোট সার্ভিস চার্জ | ৫২.২০ | ৫২.২০ | ৬১.২০ | ৫৭.৩৯ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | প্রশাসনিক ব্যয় | ৬৮৭.০৪ | ৭৯৫.৪৬ | ৭৪৩.৫৫ | ৫২০.৩০ |
| **০৪.** | **মোট ব্যয় (০২+০৩)** | ৬৮৭.০৪ | **৭৯৫.৪৬** | **৭৪৩.৫৫** | **৫২০.৩০** |
| **০৫.** | **পরিচালন মুনাফা/(লোকসান) (০১-০৪)** | **-৬৩৪.৮৪** | **-৭৪৩.২৬** | **-৬৮২.৩৫** | **-৪৬২.৯১** |
| ০৬. | অ-পরিচালন আয় | ১৬৪.১০ | ১৬১.৫০ | ১৫৬.৮০ | ১৮৪.৩৭ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ১০২২.৩০ | ১০১২.৩০ | ১০২৮.৩০ | ৭৪৭.৩৬ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **০৯.** | **নিট মুনাফা/(লোকসান) (০৫+০৬-০৭-০৮)** | **-১৪৯৩.০৪** | **-১৫৯৪.০৬** | **-১৫৫৩.৮৫** | **-১,০২৫.৯০** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৪.৭০ | ৪.৫০ | ৮.৬০ | ১৮.৭৮ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ১৪.১০ | ১৪.১০ | ১৪.১০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ১৪১.৬৯ | ৩২.৭৫ | ১১৮.০২ | ০.১৩ |
| ১৪. | মোট সম্পদ | ৬৫৮৬.৬৯ | ৬২৫২.০০ | ৬৫৯৯.৫৭ | ৬০৫৫.৮৯ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৯৩০:-৮৩০ | ৯৫১:-৮৫১ | ৯১৩:-৮১৩ | ৯৫২:-৮৫২ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ১৩২ | ১৩৭ | ১৩২ | ১৩৭ |

২০২১-২২ অর্থবছরে বিটিএমসি'র ইউনিটসমূহের মোট আয় ৫৭.৯৩ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় হয় ৫২০.৩০ লক্ষ টাকা। ফলে বিটিএমসি'র ইউনিটসমূহের পরিচালন লোকসানের পরিমাণ দাঁড়ায় ৪৬২.৯১ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট আয় যথাক্রমে ৫২.২০ লক্ষ ও ৫২.২০ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হয় যথাক্রমে ৭৯৫.৪৬ লক্ষ ও ৬৮৭.০৪ লক্ষ টাকা। ফলে বিটিএমসি'র ইউনিটসমূহের পরিচালন লোকসানের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৭৪৩.২৬ লক্ষ ও ৬৩৪.৮৪ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে বিটিএমসি'র ইউনিটসমূহের নিট লোকসানের পরিমাণ ছিল ১,০২৫.৯০ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিটিএমসি'র ইউনিটসমূহের নিট লোকসান দাঁড়াবে যথাক্রমে ১৫৯৪.০৬ লক্ষ ও ১৪৯৩.০৪ লক্ষ টাকা।

২০২১-২২ অর্থবছরে বিটিএমসি বিভিন্ন খাতে মোট ১৮.৭৮ লক্ষ টাকা সরকারি কোষাগারে প্রদান করে। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিটিএমসি বিভিন্ন খাতে যথাক্রমে মোট ৪.৫০ লক্ষ ও ৪.৭০ লক্ষ টাকা সরকারি কোষাগারে প্রদান করবে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৬০৫৫.৮৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৯৫২:-৮৫২। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছেরের প্রাক্কিলত বাজেটে সংস্থার ইউনিটসমূহের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৬২৫২.০০ লক্ষ ও ৬৫৮৬.৬৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ৯৫১ : -৮৫১ ও ৯৩০ : -৮৩০। ২০২১-২২ অর্থবছরে বিটিএমসি'র ইউনিটসমূহের জনবল ছিল মোট ১৩৭ জন। এ জনবল ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে হ্রাস পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১৩৭ জন ও ১৩২ জন।

## বাংলাদেশ পাটকল কর্পোরেশন
## প্রধান কার্যালয়

রাষ্ট্রীয় ও ঐতিহ্যবাহী বাংলাদেশ পাটকল করপোরেশন তাদের প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ বাস্তবায়নের অঙ্গিকার হিসেবে কাজ করে আসছে।বিজেএমসি'র বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিট সমূহ হ'তে সংগৃহীত লেভি | ৪৬৩৮.২০ | ৩৯৯১.৭২ | ৪৬৮০.০০ | ৩৫৮০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৫. | অন্যান্য | ৫.০০ | ৩৭৪.৮৭ | ৩৮২.৯৫ | ৫.৪২ |
| ০৬. | **মোট আয় (১+...+৫)** | **৪৬৪৩.২০** | **৪৩৬৬.৫৯** | **৫০৬২.৯৫** | **৩৫৮৫.৪২** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ২৫৭৫.৪৪ | ২৫৪৪.০৭ | ২৬৩০.২৯ | ২২৬৭.৬৯ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৫২৭.০২ | ৫০১.৯২ | ৫৩৩.৮১ | ৪৬০.৩৮ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ১৫০৩.৩৪ | ১২৬৭.৯১ | ১৮৩৬.৭২ | ৮০৯.১২ |
| ১০. | **মোট ব্যয় ( ৭+...+৯)** | **৪৬০৫.৮০** | **৪৩১৩.৯০** | **৫০০০.৮২** | **৩৫৩৭.১৯** |
| ১১. | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি) (৬-১০)** | **৩৭.৪০** | **৫২.৬৯** | **৬২.১৩** | **৪৮.২৩** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৪৩৯.৬৭ | ৮৬৪.৮০ | ৬৫২.৩৭ | ৭০৯.৩৭ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ৩৫১.৩৮ | ৩৩৬.৫৮ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৮৯৯.৫২ | ৭৮.৪৭ | ৯১০.২৫ | ৯৩.৯৮ |
| ১৬. | মোট সম্পদ | ১৬১৪৯৮০.৭৫ | ১৫৮৫৬৩৮.৮২ | ১০৯১৪২৩.১৭ | ১৪৮৪৭৩৭.৬৬ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৯৩:৭ | ৯২:৮ | ১০০:০ | ৯২:৮ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ৩২০ | ৩২০ | ৩১৭ | ৩০৮ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৩৬৬.৫৯ লক্ষ ও ৪৬৪৩.২০ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৩১৩.৯০ লক্ষ ও ৪৬০৫.৮০ লক্ষ টাকা। ফলে এ প্রতিষ্ঠানের ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ৫২.৬৯ লক্ষ ও ৩৭.৪০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থ বছরে এ সংস্থার ৩৫৮৫.৪২ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৩৫৩৭.১৯ লক্ষ টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ৪৮.২৩ লক্ষ টাকা।

২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার প্রধান কার্যালয়ের মোট সম্পদের পরিমাণ ছিল ১৪৮৪৭৩৭.৬৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৯২:৮। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার প্রধান কার্যালয়ের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১৫৮৫৬৩৮.৮২ লক্ষ ও ১৬১৪৯৮০.৭৫ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত দাঁড়াবে যথাক্রমে ৯২:৮ ও ৯৩:৭ । ২০২১-২২ অর্থবছরে সংস্থার প্রধান কার্যালয়ে কর্মরত জনবলের সংখ্যা ছিল ৩০৮ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থাটির প্রধান কার্যালয়ের জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে ৩২০ জন।

## বাংলাদেশ পাটকল কর্পোরেশন
## ইউনিটসমূহ

বাংলাদেশ পাটকল কর্পোরেশন এর অধীন ৩ (তিন) টি ননজুট প্ল্যান্টসহ মোট ২৬ টি মিল ছিল, যা সরকারি সিদ্ধান্তে বর্তমানে বন্ধ রয়েছে। ইউনিট সমূহের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ১৩০৩.৫২ | ২২৯.০২ | ০.০০ | ৭০৯.৬২ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ১৮৪৩২.৪৪ | ১৭৫৭৪.৩৩ | ১৮০১৮.২৫ | ১৮০৮৯.০৮ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৫২০০.১৬ | ৪৫৩০.৪৫ | ৫৩৭৩.১৪ | ৪৩৫১.৯৮ |
| ০৪. | **মোট ব্যয় (২+৩)** | **২৩৬৩২.৬০** | **২২১০৪.৭৮** | **২৩৩৯১.৩৯** | **২২৪৪১.০৬** |
| ০৫. | **পরিচালন মুনাফা/(লোকসান)( ১-৪)** | **-২২৩২৯.০৮** | **-২১৮৭৫.৭৬** | **-২৩৩৯১.৩৯** | **-২১৭৩১.৪৪** |
| ০৬. | অ-পরিচালন আয় | ৪৯৫.১২ | ৭৩৯.১৩ | ৪৮৯.৮৪ | ৪৮৪.৫০ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ২৮১৬.৫৪ | ৩৭২০.৮২ | ৮৪৪১.৭৭ | ৭৪১৮.৪২ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৯. | **নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)** | **-২৪৬৫০.৫০** | **-২৪৮৫৭.৪৫** | **-৩১৩৪৩.৩২** | **-২৮৬৬৫.৩৬** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৪৩৯.৬৭ | ৮৬৪.৮০ | ৬৫২.৩৭ | ৭০৯.৩৭ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৯৫.৮৪ | ৮২.৯৪ | ১১৬.৫৭ | ৪১.৭৫ |
| ১৪. | মোট সম্পদ | ১৫৮৭৮৮৫.৪৯ | ১৫৬৭৪৫৯.০৮ | ১৬৮৮২৩৬.২৪ | ১৫৫৩৭৭৯.২১ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত ( Debt Equity Ratio) | ১১০:-১০ | ১০৮:-৮ | ১০৭:-৭ | ১০৭:-৭ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ২৩৬৭ | ২৪১০ | ২৫২৮ | ২৪৮০ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিজেএমসি'র উৎপাদিত পণ্যদ্রব্যের মোট বিক্রয় রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২২৯.০২ লক্ষ এবং ১৩০৩.৫২ লক্ষ টাকা। এর বিপরীতে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২২১০৪.৭৮ লক্ষ এবং ২৩৬৩২.৬০ লক্ষ টাকা। ফলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ব্যয় পরবর্তী পরিচালন লোকসান দাঁড়াবে ২১৮৭৫.৭৬ লক্ষ টাকা। অপরদিকে ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে পরিচালন লোকসান ২২৩২৯.০৮ লক্ষ টাকায় দাঁড়াবে। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে অপরিচালন আয় ও ব্যয় সমন্বয়ের ফলে নিট লোকসানের পরিমাণ দাঁড়াবে ২৪৮৫৭.৪৫ লক্ষ টাকা, যা ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ২৪৬৫০.৫০ লক্ষ টাকা হবে। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৭০৯.৬২ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২২৪৪১.০৬ লক্ষ টাকা এবং পরিচালন লোকসানের পরিমাণ ছিল ২১৭৩১.৪৪ লক্ষ টাকা। অপরিচালন আয় ও ব্যয় সমন্বয়ের পর নিট লোকসানের পরিমাণ ছিল ২৮৬৬৫.৩৬ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশ হিসাবে কোন লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের পরিমাণ ছিল ৭০৯.৩৭ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১৫৫৩৭৭৯.২১ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ১০৭:-৭। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১৫৬৭৪৫৯.০৮ লক্ষ ও ১৫৮৭৮৮৫.৪৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ১০৮:-৮ ও ১১০:-১০। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ইউনিটসমূহের কর্মরত জনবলের সংখ্যা ছিল ২৪৮০ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহের কর্মরত জনবলের এ সংখ্যা দাঁড়াবে যথাক্রমে ২৪১০ ও ২৩৬৭ জন।

## বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন
## প্রধান কার্যালয়

১৯৭২ সালে রাষ্ট্রপতির ২৭ নং আদেশে প্রতিষ্ঠিত বাংলাদেশ ইস্পাত মিল কর্পোরেশন ও বাংলাদেশ জাহাজ নির্মাণ কর্পোরেশন ১৯৭২ সালের ১ জুলাই হতে কার্যক্রম শুরু করে। ১৯৭৬ সালের জুলাই মাসে শিল্প প্রতিষ্ঠান সংক্রান্ত দ্বিতীয় সংশোধনী অনুযায়ী উল্লিখিত কর্পোরেশনদ্বয় একীভূত করে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন নামকরণ করা হয়। বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের প্রধান কার্যালয়ের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ৪০০.০০ | ৪০০.০০ | ৪০০.০০ | ৪০০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ১৩০০.০০ | ১২৬০.০০ | ১১০০.০০ | ১১৫৪.৫২ |
| ০৫. | অন্যান্য | ৩০৭.২০ | ৩০১.০০ | ৩০১.০০ | ১৩১.৮৯ |
| **০৬.** | **মোট আয় (০১+... +০৫)** | **২০০৭.২০** | **১৯৬১.০০** | **১৮০১.০০** | **১৬৮৬.৪১** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ১০০৬.২০ | ১০২৮.৬৫ | ১০৪১.৩০ | ৯৪৪.৭৩ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ২৮০.০০ | ১৮২.০০ | ১৮২.০০ | ১৬০.৬৭ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ৭৭৩.০০ | ১০৫৬.১৫ | ৬৯৫.০০ | ৬১২.৪৬ |
| **১০.** | **মোট ব্যয় (০৭+... +০৯)** | **২০৫৯.২০** | **২২৬৬.৮০** | **১৯১৮.৩০** | **১৭১৭.৮৬** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) (০৬-১০)** | **-৫২.০০** | **-৩০৫.৮০** | **-১১৭.৩০** | **-৩১.৪৫** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশ | ৩০০.০০ | ৩০০.০০ | ৫০০.০০ | ১০০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৩৪৬২৯.৬৫ | ৪২৮০১.৭১ | ৪৪১২০.২৩ | ১১৪২১.৮৯ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ২৮৫.০০ | ২৭৬.০০ | ৩৩৫.০০ | ১৪.০৪ |
| ১৬. | মোট সম্পদ | ২০৩৮৩৮.৩০ | ২০৩৮৯৯.১০ | ২০৪৪০০.৮৫ | ২০৩৯৫৬.১০ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৮৪:১৬ | ৮৪:১৬ | ৮৬:১৪ | ৮৪:১৬ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ১২৬ | ১২৬ | ১৯৩ | ১৩১ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৯৬১.০০ লক্ষ ও ২০০৭.২০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২২৬৬.৮০ লক্ষ ও ২০৫৯.২০ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত ঘাটতি দাঁড়াবে যথাক্রমে ৩০৫.৮০ লক্ষ ও ৫২.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের সংস্থার ১৬৮৬.৪১ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ১৭১৭.৮৬ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত ঘাটতির পরিমাণ ছিল ৩১.৪৫ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে লভ্যাংশ প্রদানের লক্ষ্যমাত্র ধার্য করা হয়েছে ৩০০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশের পরিমাণ ছিল ১০০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২০৩৯৫৬.১০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৮৪:১৬। ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ২০৩৮৯৯.১০ লক্ষ ও ২০৩৮৩৮.৩০ লক্ষ টাকা এবং উভয় অর্থবছরে ঋণ মূলধন অনুপাত হবে ৮৪:১৬। ২০২১-২২ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ১৩১ জন। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ উভয় অর্থবছরে প্রধান কার্যালয়ের জনবলের সংখ্যা দাঁড়াবে ১২৬ জন।

## বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন
## ইউনিটসমূহ

প্রতিষ্ঠার শুরুতে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন এর নিয়ন্ত্রণাধীন ৬৪টি শিল্প প্রতিষ্ঠান ছিল। পরবর্তীকালে কর্পোরেশন কর্তৃক ২টি নতুন শিল্প প্রতিষ্ঠান যথা-চিটাগাং ড্রাইডক এবং বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরি স্থাপন করা হয়। সরকারের বর্তমান বেসরকারিকরণ নীতির আওতায় কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কিছু শিল্প প্রতিষ্ঠান হতে পুঁজি প্রত্যাহার ও কিছু অবলুপ্ত ঘোষণার কারণে বর্তমানে কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন চালু শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা ৯টি। এ সকল শিল্প প্রতিষ্ঠানে মোটরগাড়ি ও মোটর সাইকেল সংযোজনসহ বৈদ্যুতিক কেবলস, ট্রান্সফরমার, বাল্ব, সেভিং ব্লেড ইত্যাদি উৎপাদন করা হয়। বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের ইউনিটসমূহের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ১২১৫৫৭.৪৮ | ১১২৪৫২.৬৪ | ১১০৮১১.৪৮ | ৫০১৮৫.৭৫ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ১০৮১৪৮.৮৭ | ১০০৮২০.৮৮ | ৯৮১৯৬.৩১ | ৪৫৫৯৫.৯৯ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৬৩০৬.০৮ | ৫৮৪১.৯৪ | ৫৬৭৭.৬৫ | ৪৭১৩.৯৭ |
| **০৪.** | **মোট ব্যয় (২+৩)** | **১১৪৪৫৪.৯৫** | **১০৬৬৬২.৮২** | **১০৩৮৭৩.৯৬** | **৫০৩০৯.৯৬** |
| **০৫.** | **পরিচালন মুনাফা/(লোকসান) (১-৪)** | **৭১০২.৫৩** | **৫৭৮৯.৮২** | **৬৯৩৭.৫২** | **-১২৪.২১** |
| ০৬. | অ-পরিচালন আয় | ৩৮৯৪.৩০ | ৩৯৭৪.৭৯ | ৪৩২৩.১০ | ৩৬০৬.১৭ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ১৮৪৯.১০ | ১৬৮৪.৯০ | ১৫৬৪.২৬ | ১৩০৭.৭৭ |
| ০৮. | আয়কর | ২৫০৬.৩৯ | ২২১১.৮৮ | ২৩৮৮.৭০ | ১১৫৫.৩৭ |
| **০৯.** | **নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)** | **৬৬৪১.৩৪** | **৫৮৬৭.৮৩** | **৭৩০৭.৬৬** | **-১০১৮.৮২** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৩৪৬২৯.৬৫ | ৪২৮০১.৭১ | ৪৪১২০.২৩ | ১১৪২১.৮৯ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ৬৫০০.০০ | ০.০০ | ৮৩৩.৩৮ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ১৭৬৯৬.০০ | ৬৭৪.৮২ | ১৬৫৯১.২৪ | ৩৪৪৮.৪৩ |
| ১৪. | মোট সম্পদ | ৪৭৮১৯৫.৬৯ | ৪৪২২০২.৮৪ | ৩৬৭৫৪৭.১২ | ৪২৬১৭৭.৪২ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৪১:৫৯ | ৩৮:৬২ | ৪৮:৫২ | ৩৬:৬৪ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ১৭৯০ | ১৯১২ | ১৭৯০ | ১২৯৮ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ইউনিটসমূহের মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১১২৪৫২.৬৪ লক্ষ ও ১২১৫৫৭.৪৮ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১০৬৬৬২.৮২ লক্ষ ও ১১৪৪৫৪.৯৫ লক্ষ টাকা। ফলে পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ৫৭৮৯.৮২ লক্ষ ও ৭১০২.৫৩ লক্ষ টাকা এবং নিট মুনাফার পরিমাণ দাড়াঁবে যথাক্রমে ৫৮৬৭.৮৩ ও ৬৬৪১.৩৪ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের সংস্থার ৫০১৮৫.৭৫ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৫০৩০৯.৯৬ লক্ষ টাকা। ফলে পরিচালন লোকসানের পরিমাণ ছিল ১২৪.২১ লক্ষ টাকা ও নিট লোকসানের পরিমাণ ছিল ১০১৮.৮২ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদানের পরিমাণ ধার্য করা হয়েছে যথাক্রমে ৪২৮০১.৭১ লক্ষ ও ৩৪৬২৯.৬৫ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সরকারি কোষাগারে প্রদানকৃত সংস্থার মোট অবদান ছিল ১১৪২১.৮৯ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী প্রতিষ্ঠানসমূহের মোট সম্পদের পরিমাণ ছিল ৪২৬১৭৭.৪২ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৩৬:৬৪। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ হবে যথাক্রমে ৪৪২২০২.৮৪ লক্ষ টাকা ও ৪৭৮১৯৫.৬৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে যথাক্রমে ৩৮:৬২ ও ৪১:৫৯। ২০২১-২২ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ১২৯৮ জন। ২০২২-২৩ অর্থবছরে এবং ২০২৩-২৪ অর্থবছরে সংস্থায় মোট কর্মরত জনবলের সংখ্যা হবে যথাক্রমে ১৯১২ ও ১৭৯০ জন।

## বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন
### প্রধান কার্যালয়

বাংলাদেশ স্বাধীনতার পর রাষ্ট্রপতির ২৭ (১৯৭২ সালে রাষ্ট্রপতির ২৭ নম্বর আদেশ) নম্বর আদেশক্রমে গঠিত বাংলাদেশ সুগার মিলস্ করপোরেশন এবং বাংলাদেশ ফুড অ্যান্ড অ্যালাইড ইন্ডাস্ট্রিজ করপোরেশন নামক করপোরেশন দুটি একীভূত করে ১৯৭৬ সালের ১ জুলাই হতে রাষ্ট্রপতির ২৫ নং আদেশবলে (সংশোধিত) বাংলাদেশ সুগার অ্যান্ড ফুড ইন্ডাস্ট্রিজ করপোরেশন (Bangladesh Sugar and Food Industries Corporation) বিএসএফআইসি (BSFIC) গঠিত হয়। বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন ২০১৮ অনুযায়ী বিএসএফআইসি শিল্পমন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে পরিচালিত হচ্ছে। বর্তমানে ১৫টি চিনিকল, ১টি ইঞ্জিনিয়ারিং কারখানা ও ২টি বাণিজ্যিক প্রতিষ্ঠান নিয়ে করপোরেশন এর কর্মকান্ড অব্যাহত আছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শিল্পমন্ত্রণালয়ের নির্দেশক্রমে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (বিএসএফআইসি) এর নিয়ন্ত্রণাধীন চিনিকলের লোকসান কমিয়ে আনার জন্য ২০২০-২০২১ আখ মাড়াই মৌসুম থেকে ১৫ টি চিনিকলের মধ্যে ০৯ টি চিনিকলে আখ মাড়াই অব্যাহত আছে। বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর বাজেট - সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিট সমূহ হ'তে সংগৃহীত লেভি | ৩৪২৫.৬৯ | ৩৪০৯.৮১ | ৩৩৮৯.৮৭ | ২৫৬১.৮৫ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ৫৩৭.৫৪ | ৪৭২.৯১ | ৫০৫.৪০ | ৪৩৩.৫৬ |
| ০৫. | অন্যান্য | ১৫.৫০ | ১৫.৫০ | ১৫.৫০ | ৩৪.৯০ |
| ০৬. | **মোট আয় (১+...+৫)** | **৩৯৭৮.৭৩** | **৩৮৯৮.২২** | **৩৯১০.৭৭** | **৩০৩০.৩১** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ২৬০৩.৭৯ | ২৫৫৫.০০ | ২৬০৬.০৬ | ২১৩৫.০৯ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৫৫৫.১৯ | ৫২৮.২৭ | ৪৮১.৯৪ | ৪৫৪.৯৬ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ৮১৯.৭৫ | ৮১৪.৯৫ | ৮২২.৭৭ | ৪৪০.২৬ |
| ১০. | **মোট ব্যয় ( ৭+...+৯)** | **৩৯৭৮.৭৩** | **৩৮৯৮.২২** | **৩৯১০.৭৭** | **৩০৩০.৩১** |
| ১১. | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি) (৬-১০)** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ২১৪৭২.৪৪ | ১৮২২৯.৮৬ | ১২৩০৯.৬৪ | ১৩৬৪৮.৫১ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৩৭১.৬৫ | ১৮২.৪২ | ৫১৪.৫৭ | ৫৮৭.৩৯ |
| ১৬. | মোট সম্পদ | ৫১১৫০১.০৯ | ৫১১৩৪৩.২৯ | ৪৯১৯৭৩.৭৫ | ৫১১৩৪৩.২৯ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৯৮:২ | ৯৮:২ | ৯৮:২ | ৯৮:২ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ২৪০ | ২৪০ | ২৪৮ | ২৪৮ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিএসএফআইসির প্রধান কার্যালয়ের মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে **৩৮৯৮.২২** লক্ষ এবং **৩৯৭৮.৭৩** লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে **৩৮৯৮.২২** লক্ষ ও **৩৯৭৮.৭৩** লক্ষ টাকা। ফলে সংস্থার প্রধান কার্যালয়ের কোন ব্যয় উদ্বৃত্ত আয় থাকবে না। উল্লেখ্য, ২০২১-২২ অর্থবছরে সংস্থার **৩০৩০.৩১** লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল **৩০৩০.৩১** লক্ষ টাকা।

২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার প্রধান কার্যালয়ের মোট সম্পদের পরিমাণ ছিল ৫১১৩৪৩.২৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হিসাব করা হয়েছে ৯৮:২। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে প্রধান কার্যালয়ের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৫১১৩৪৩.২৯ লক্ষ এবং ৫১১৫০১.০৯ লক্ষ টাকা। উভয় বাজেটে ঋণ মূলধন অনুপাত হবে ৯৮:২। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের সংস্থার প্রধান কার্যালয়ে কর্মরত জনবলের সংখ্যা ছিল ২৪৮ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে জনবলের এ সংখ্যা ২৪০ জন হবে।

# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন
## ইউনিটসমূহ

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর অধীন বর্তমানে মোট ১৫ টি মিল আছে। উক্ত ১৫ টি মিলের বাজেট - সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ৮৭৮৮৮.৭৩ | ৫৭৫২৩.৩৮ | ৭০০৭০.৪৯ | ৫৯৩৮২.৩১ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ৯৩৪৩৪.৩৭ | ৭৪৬৮৭.০৫ | ৯০০৭৮.৯৫ | ৭৮৩৬৮.৭৩ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৭৪৬৯.৩৬ | ৬৮১৪.০৬ | ৫১৭৫.৫৬ | ৭৫৬৬.৮০ |
| ০৪. | **মোট ব্যয় (২+৩)** | **১০০৯০৩.৭৩** | **৮১৫০১.১১** | **৯৫২৫৪.৫১** | **৮৫৯৩৫.৫৩** |
| ০৫. | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **-১৩০১৫.০০** | **-২৩৯৭৭.৭৩** | **-২৫১৮৪.০২** | **-২৬৫৫৩.২২** |
| ০৬. | অ-পরিচালন আয় | ১০৭৮৫.৪৯ | ৯৭৫৯.৩৩ | ১১৮৫৯.৩৮ | ৭৩৩৭.৬৪ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ৫৫৪০৩.২৮ | ৫৩৬১৪.৮১ | ৭১২৩৮.৬৯ | ৪১৭৪৯.৯৮ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৯. | **নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)** | **-৫৭৬৩২.৭৯** | **-৬৭৮৩৩.২১** | **-৮৪৫৬৩.৩৩** | **-৬০৯৬৫.৫৬** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ২১৪৭২.৪৪ | ১৮২২৯.৮৬ | ১২৩০৯.৬৪ | ১৩৬৪৮.৫১ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৫৭৫০.০০ | ৪৩৯২.৩৯ | ১৪২৭২.৪৩ | ১২৩২.১৯ |
| ১৪. | মোট সম্পদ | ৬১৮১১৮.০৫ | ৫৯২৬৮৫.৪৪ | ১৫৭২০২.৯৬ | ৫৭০৫৭৮.৩১ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ২১৬:-১১৬ | ২১১:-১১১ | ৭৬৯:-৬৬৯ | ২০৪:-১০৪ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ৯৬৮৫ | ৯৬৭২ | ৯৮৮৩ | ১০০০২ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিএসএফআইসি'র উৎপাদিত পণ্যদ্রব্যের মোট বিক্রয় রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫৭৫২৩.৩৮ লক্ষ এবং ৮৭৮৮৮.৭৩ লক্ষ টাকা। এর বিপরীতে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮১৫০১.১১ লক্ষ এবং ১০০৯০৩.৭৩ লক্ষ টাকা। ফলে এ সংস্থার পরিচালন লোকসান দাঁড়াবে যথাক্রমে ২৩৯৭৭.৭৩ লক্ষ এবং ১৩০১৫.০০ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে অ-পরিচালন আয় ও ব্যয় সমন্বয়ের ফলে নিট লোকসানের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৬৭৮৩৩.২১ লক্ষ ও ৫৭৬৩২.৭৯ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে এ সংস্থার ৫৯৩৮২.৩১ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৮৫৯৩৫.৫৩ লক্ষ টাকা এবং পরিচালন লোকসানের পরিমাণ ছিল ২৬৫৫৩.২২ লক্ষ টাকা। অ-পরিচালন আয় ও ব্যয় সমন্বয়ের পর নিট লোকসানের পরিমাণ ছিল ৬০৯৬৫.৫৬ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ হিসাবে কোন লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের পরিমাণ ছিল ১৩৬৪৮.৫১ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৫৭০৫৭৮.৩১ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ২০৪:-১০৪। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৫৯২৬৮৫.৪৪ লক্ষ ও ৬১৮১১৮.০৫ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত দাঁড়াবে ২১১:-১১১ ও ২১৬:-১১৬। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থার ইউনিটসমূহে কর্মরত জনবলের সংখ্যা ছিল ১০,০০২ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহের কর্মরত জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৯,৬৭২ জন এবং ৯,৬৮৫ জন।

## বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন
## প্রধান কার্যালয়

বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন, ২০১৮ এর অধীনে ‘বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)’ পরিচালিত হয় (পুরাতন ১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নম্বর ২৭)। বিসিআইসি’র প্রধান কার্যালয়ের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরুপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিট সমূহ হ’তে সংগৃহীত লেভি | ১১৯৫২.২৯ | ১০৯০১.৭৯ | ১০১৫৬.৭৩ | ৯১৫৬.৬৬ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ১১০৩.৬০ | ১১০৩.৬০ | ১২৪৪.৩০ | ১০৪১.৬৮ |
| ০৫. | অন্যান্য | ১৭৫৭১৫৩.৩৮ | ১৮৫৫৪৮০.৩৭ | ১২৬৬২২৬.৩৪ | ১১৯৬০০৭.০৮ |
| ০৬. | **মোট আয় (১+...+৫)** | **১৭৭০২০৯.২৭** | **১৮৬৭৪৮৫.৭৬** | **১২৭৭৬২৭.৩৭** | **১২০৬২০৫.৪২** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ৪৯০৪.৩০ | ৪৬৫৯.৪৩ | ৪৫৯৬.৭৭ | ৩৯২২.১৪ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৯২৪.৮২ | ১০৪২.১৬ | ১০৯৩.২৩ | ২৫০৫.২১ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ১৭৬৪৩৮০.১৫ | ১৮৬১৭৮৪.১৭ | ১২৭১৯৩৭.৩৭ | ১১৯৯৭৭৮.০৭ |
| ১০. | **মোট ব্যয় ( ৭+...+৯)** | **১৭৭০২০৯.২৭** | **১৮৬৭৪৮৫.৭৬** | **১২৭৭৬২৭.৩৭** | **১২০৬২০৫.৪২** |
| ১১. | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি) (৬-১০)** | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ ✓ | ১০০০.০০ | ১০০০.০০ | ২০০০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৪০১৫৬.৫৫ | ৩৭৭৮৯.৭৪ | ৩০৩৫৯.৭৯ | ৩১৩৩১.১৩ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ১৭৯৮২.৪২ | ১০৮৩২.২৪ | ২৭৬৬৯.৯৩ | ৬৩৭১.১৩ |
| ১৬. | মোট সম্পদ | ২৭৯৫৮২১.২৫ | ২৭৭৮২৫৮.৮৩ | ১৮৭৫৩৫২.৯১ | ২৭৬৭৮৪৬.৫৯ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৭২:২৮ | ৭২:২৮ | ৫৭:৪৩ | ৭২:২৮ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ৮৩৯ | ৮৩৯ | ৮৩৯ | ৫৭৪ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহ থেকে লেভি ও অন্যান্য আয়সহ মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৮৬৭৪৮৫.৭৬ লক্ষ ও ১৭৭০২০৯.২৭ লক্ষ টাকা। এর বিপরীতে উক্ত অর্থবছরে ব্যয়ের পরিমাণ একই রকম থাকবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ফলে কোন উদ্বৃত্ত থাকবে না। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ১২০৬২০৫.৪২ লক্ষ টাকার আয়ের বিপরীতে সম-পরিমাণ অর্থ ব্যয় হওয়ায় কোন উদ্বৃত্ত ছিল না।

২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২৭৬৭৮৪৬.৫৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৭২:২৮। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার প্রধান কার্যালয়ের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ২৭৭৮২৫৮.৮৩ লক্ষ ও ২৭৯৫৮২১.২৫ লক্ষ টাকা। ঋণ মূলধন অনুপাত হবে যথাক্রমে ৭২:২৮ ও ৭২:২৮। ২০২২-২৩ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৫৭৪ জন। ২০২১-২২ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থার প্রধান কার্যালয়ের জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে ৮৩৯ জন।

# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন
## ইউনিটসমূহ

বর্তমানে সংস্থার নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপঃ

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ৭০৮২০১.৩৫ | ৪৯২৪২২.৯৯ | ৪৭৩৯৮৮.৪৩ | ৩০৯১০২.৬৯ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ৫৩৬৭৬০.৬৬ | ৩৯১৮০৮.৩৪ | ৪৩০০৬৮.৯৫ | ২৯৬৭৫৩.০৫ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৭৪০৯০.১৬ | ৭০৫৮৭.৬৬ | ৭৩৮২৩.৩৯ | ৫৬২৯৫.৩১ |
| ০৪. | **মোট ব্যয় (২+৩)** | **৬১০৮৫০.৮২** | **৪৬২৩৯৬.০০** | **৫০৩৮৯২.৩৪** | **৩৫৩০৪৮.৩৬** |
| ০৫. | **পরিচালন মুনাফা/(লোকসান)( ১-৪)** | **৯৭৩৫০.৫৩** | **৩০০২৬.৯৯** | **-২৯৯০৩.৯১** | **-৪৩৯৪৫.৬৭** |
| ০৬. | অ-পরিচালন আয় | ২০১১৮.৮৮ | ১৯৯৬৪.৯২ | ২৩৬০৯.৩৩ | ২৯১২০.৫৫ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ৫৩৪৮৫.৯৪ | ২৫৮২৮.২৮ | ১৭৭৬৪.৪০ | ২৫৭৬৮.৯২ |
| ০৮. | আয়কর | ২২১৮৫.৩৩ | ১৫৫২১.০৫ | ৭৯৭৫.৩৮ | ৫৭৮৯.৯৯ |
| ০৯. | **নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)** | **৪১৭৯৮.১৪** | **৮৬৪২.৫৮** | **-৩২০৩৪.৩৬** | **-৪৬৩৮৪.০৩** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ✓ | ১০০০.০০ | ১০০০.০০ | ২০০০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৪০১৫৬.৫৫ | ৩৭৭৮৯.৭৪ | ৩০৩৫৯.৭৯ | ৩১৩৩১.১৩ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএল সহ) | ১১৭৫০০.৩২ | ১৫৮৪৩.৩০ | ১৫৯০০.০৭ | ৭২৭৭.২০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ১২৩০২৫.৩১ | ৭১৭৬৩.৮৬ | ৩৮২৩০৯.১৭ | ৬৫৩৯৩.৭৩ |
| ১৪. | মোট সম্পদ | ১৬২১৯৩০.১৩ | ১৪৮০৬৩৭.১৯ | ১৯২০৪১০.৬৩ | ১৩৭৫৩২১.৯৬ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৭১:২৯ | ৭১:২৯ | ৯০:১০ | ৭০:৩০ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ৮১৫৭ | ৭৭১১ | ৮৩৮০ | ৫৯৪৪ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিসিআইসি’র ইউনিটসমূহের উৎপাদিত পণ্যদ্রব্যের মোট বিক্রয় রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৯২৪২২.৯৯ লক্ষ এবং ৭০৮২০১.৩৫ লক্ষ টাকা। এর বিপরীতে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৬২৩৯৬.০০ লক্ষ এবং ৬১০৮৫০.৮২ লক্ষ টাকা। ফলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ব্যয় পরবর্তী পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ৩০০২৬.৯৯ লক্ষ ও ৯৭৩৫০.৫৩ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে অ-পরিচালন আয় অর্থাৎ ব্যাংকে জমাকৃত অর্থের সুদ যোগ করার ফলে এবং অ-পরিচালন ব্যয় ও আয়কর পরিশোধের পর কর উত্তর নিট মুনাফা দাঁড়াবে যথাক্রমে ৮৬৪২.৫৮ লক্ষ এবং ৪১৭৯৮.১৪ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৩০৯১০২.৬৯ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৩৫৩০৪৮.৩৬ লক্ষ এবং পরিচালন লোকসানের পরিমাণ ছিল ৪৩৯৪৫.৬৭ লক্ষ টাকা। অ-পরিচালন আয় অর্থাৎ ব্যাংকে জমাকৃত অর্থের সুদ যোগ করার ফলে এবং অ-পরিচালন ব্যয় ও আয়কর পরিশোধের পর ২০২১-২২ অর্থবছরে সংস্থার নিট লোকসানের পরিমাণ ছিল ৪৬৩৮৪.০৩ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ১০০০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে কোন অবদান/লভ্যাংশ প্রদান করা হয়নি। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশসহ মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৭৭৮৯.৭৪ লক্ষ এবং ৪০১৫৬.৫৫ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছে সংস্থা কর্তৃক লভ্যাংশসহ সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের পরিমাণ ছিল ৩১৩৩১.১৩ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার ইউনিটসমূহের মোট সম্পদের পরিমাণ ছিল ১৩৭৫৩২১.৯৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৭০:৩০। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছের প্রাক্কিলত বাজেটে সংস্থার ইউনিটসমূহের মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১৪৮০৬৩৭.১৯ লক্ষ এবং ১৬২১৯৩০.১৩ লক্ষ টাকা। ঋণ মূলধন অনুপাত হবে ৭১:২৯ ও ৭১:২৯। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থার ইউনিটসমূহে কর্মরত জনবলের সংখ্যা ছিল ৫,৯৪৪ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থার ইউনিটসমূহের জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৭,৭১১ জন ও ৮,১৫৭ জন।

## বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

### প্রধান কার্যালয়

১৯৫৯ সালের XII নং অধ্যাদেশ বলে তৎকালীন পূর্বপাকিস্তান বনশিল্প উন্নয়ন কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়। পরবর্তীকালে বাংলাদেশের স্বাধীনতার পর ১৯৭২ সালে রাষ্ট্রপতির ২৭ নং আদেশ বলে এর নামকরণ করা হয় 'বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন।' এ কর্পোরেশনের মূল লক্ষ্য হচ্ছে দুর্গম বনাঞ্চল হতে কাঠও বনজ সম্পদ সংগ্রহ ও প্রক্রিয়াকরণের মাধ্যমে বনজ সম্পদ নির্ভর শিল্পের উন্নয়ন তথা দেশকে বনজ সম্পদে স্বনির্ভর করে তোলা এবং উদ্বৃত্ত উৎপাদন রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা আয় করা। বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের প্রধান কার্যালয়ের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট–সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ১০৯৯.০০ | ১০৮২.৫০ | ৮১০.১০ | ১০০৮.৩৫ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ১৩৭০.০০ | ১৩৭০.০০ | ১৩৭০.০০ | ১২৯২.৬৩ |
| ০৫. | অন্যান্য | ১.০০ | ১.০০ | ১.০০ | ১০.৭৬ |
| **০৬.** | **মোট আয় (১+... +৫)** | **২৪৭০.০০** | **২৪৫৩.৫০** | **২১৮১.১০** | **২৩১১.৭৪** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ৯১৬.০০ | ৯১৫.০০ | ৯০৩.০০ | ৭৮৪.৬৬ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ২১০.০০ | ২১০.০০ | ২১০.০০ | ১১৪.৩৩ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ১১৫০.৫০ | ৯৫১.৫০ | ৫৯২.৫০ | ২৩৯.১২ |
| **১০.** | **মোট ব্যয় (০৭+... +০৯)** | **২২৭৬.৫০** | **২০৭৬.৫০** | **১৭০৫.৫০** | **১১৩৮.১১** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) (০৬-১০)** | **১৯৩.৫০** | **৩৭৭.০০** | **৪৭৫.৬০** | **১১৭৩.৬৩** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ২৬৯১.০০ | ২২৭০.০০ | ২০৮৭.৬০ | ৩৯৫৪.৬২ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৩১৬.০০ | ১৫৭.০০ | ৮১২.০০ | ১৮৯.৬৭ |
| ১৬. | মোট সম্পদ | ৩৯৭৭৩.৪২ | ৩৯৭২৯.৯২ | ৩১৭৮৯.০৩ | ৩৯৭০২.৯২ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত | ৪৩:৫৭ | ৪৪:৫৬ | ৩১:৬৯ | ৪৫:৫৫ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ১০৪ | ১০৪ | ১০৪ | ৮৪ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৪৫৩.৫০ লক্ষ ও ২৪৭০.০০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২০৭৬.৫০ লক্ষ ও ২২৭৬.৫০ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ৩৭৭.০০ লক্ষ ও ১৯৩.৫০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ২৩১১.৭৪ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ১১৩৮.১১ লক্ষ টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ১১৭৩.৬৩ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে লভ্যাংশ বাবদ ৫০.০০ লক্ষ টাকাসহ সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২২৭০.০০ ও ২৬৯১.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান ছিল ৩৯৫৪.৬২ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৩৯৭০২.৯২ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৪৫:৫৫। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরের ৩০ জুন তারিখে সংস্থার মোট সম্পদের পরিমাণ হবে যথাক্রমে ৩৯৭২৯.৯২ লক্ষ ও ৩৯৭৭৩.৪২ লক্ষ টাকা এবং ঋণমূলধন অনুপাত হবে ৪৪:৫৬ ও ৪৩:৫৭। ২০২১-২২ অর্থবছরে প্রধান কার্যালয়ে কর্মরত জনবলের সংখ্যা ছিল ৮৪ জন। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ উভয় অর্থবছরে সংস্থার প্রধান কার্যালয়ে জনবলের সংখ্যা দাঁড়াবে ১০৪ জন।

## বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
## ইউনিটসমূহ

বর্তমানে বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কাঠজাত শিল্প ইউনিটের সংখ্যা ৮টি ও রাবার বাগানের সংখ্যা ১৮টি। এ সংস্থার উৎপাদিত সামগ্রীকে কয়েকটি শ্রেণিতে ভাগ করা হয়েছে,যেমন- গোল কাঠ, চিড়াই কাঠ, প্রক্রিয়াজাত কাঠ, ফার্ণিচার, রাবার ইত্যাদি। ১৮ টি রাবার বাগান হতে উৎপাদিত রাবার দেশের মোট চাহিদার প্রায় ৬৫% পূরণ করে আসছে। এতে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা সাশ্রয়সহ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থানের সৃষ্টি হচ্ছে। বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ইউনিটসমূহ এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিতবাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ২১৮২৪.২০ | ২১৭৯৯.৪২ | ২০৫২২.৮৯ | ১৮৬৮৪.৬৫ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ১৭৭২৮.৯৭ | ১৬৮৮৮.৩৮ | ১৬১৭০.৬৪ | ১৩৫৮৪.৯০ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৬১৩২.১৪ | ৫৯২৫.৭৩ | ৫৮২০.৬৬ | ৪৭৩৫.৯৪ |
| **০৪.** | **মোট ব্যয় (২+৩)** | **২৩৮৬১.১১** | **২২৮১৪.১১** | **২১৯৯১.৩০** | **১৮৩২০.৮৪** |
| **০৫.** | **পরিচালন মুনাফা/(ক্ষতি) (১-৪)** | **-২০৩৬.৯১** | **-১০১৪.৬৯** | **-১৪৬৮.৪১** | **৩৬৩.৮১** |
| ০৬. | অ-পরিচালন আয় | ৭১৮.৭০ | ৯৫৯.৭০ | ৫০০.৪০ | ১৪০৬.২৬ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **০৯.** | **নিট মুনাফা/(ক্ষতি) (৫+৬-৭-৮)** | **-১৩১৮.২১** | **-৫৪.৯৯** | **-৯৬৮.০১** | **১৭৭০.০৭** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ২৬৯১.০০ | ২২৭০.০০ | ২০৮৭.৬০ | ৩৯৫৪.৬২ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৩৩৫৫.৯৫ | ২০৬১.৭৫ | ১১৩৩২.০৩ | ৭৫২.৬৮ |
| ১৪. | মোট সম্পদ | ১৭৭৩৩৬.৮৯ | ১৬৩০৩১.৭০ | ১৮০০৩৩.৪৬ | ১৫০৯৮৮.৮৪ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৮২:১৮ | ৭৯:২১ | ৮২:১৮ | ৭৮:২২ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ৩৫৯৪ | ৩৫৬৩ | ৩৫৯৪ | ৪০৯৯ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২১৭৯৯.৪২ লক্ষ ও ২১৮২৪.২০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২২৮১৪.১১ লক্ষ ও ২৩৮৬১.১১ লক্ষ টাকা। ফলে পরিচালন ক্ষতির পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১০১৪.৬৯ লক্ষ ও ২০৩৬.৯১ লক্ষ টাকা এবং নিট লোকসানের পরিমাণ দাঁড়াবে ৫৪.৯৯ লক্ষ ও ১৩১৮.২১ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ১৮৬৮৪.৬৫ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ১৮৩২০.৮৪ লক্ষ টাকা এবং পরিচালন মুনাফার পরিমাণ ছিল ৩৬৩.৮১ লক্ষ টাকা ও নিট মুনাফা পরিমাণ ছিল ১৭৭০.০৭ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে বিভিন্ন ধরনের কর ও শুল্ক বাবদ প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২২৭০.০০ লক্ষ ও ২৬৯১.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদানকৃত অবদান ছিল ৩৯৫৪.৬২ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১৫০৯৮৮.৮৪ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৭৮:২২। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরের ৩০ জুন তারিখে সংস্থার মোট সম্পদের পরিমাণ হবে যথাক্রমে ১৬৩০৩১.৭০ লক্ষ ও ১৭৭৩৩৬.৮৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ৭৯:২১ ও ৮২:১৮। ২০২১-২২ অর্থবছরে ইউনিটসমূহে কর্মরত জনবলের সংখ্যা ছিল ৪০৯৯ জন। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের ইউনিটসমূহের জনবলের সংখ্যা দাঁড়াবে যথাক্রমে ৩৫৬৩ ও ৩৫৯৪ জন।

# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

মহামান্য রাষ্ট্রপতির আদেশ নম্বর ৫৯ (PO-৫৯) এর মাধ্যমে ১৯৭২ সালের ৩১ মে প্রাক্তন ওয়াপদা নামীয় সংস্থাকে বিভক্ত করে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড গঠন করা হয়। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের অধীন একটি সেবামূলক জনহিতকর প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্য নিরবিচ্ছিন্ন ও গুণগতমান সম্পন্ন বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে দেশের আর্থ-সামজিক ও মানবসম্পদের উন্নয়নে সরকার কর্তৃক গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন করা। এছাড়া বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত জ্বালানির বিকল্প বা নতুন নতুন উৎসের সন্ধান, উন্নয়ন এবং বিদ্যুতের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরার লক্ষ্যে সার্বিক পরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়ন করা বিউবো'র একটি অন্যতম দায়িত্ব। বিউবো সবার জন্য সাশ্রয়ী মূল্যে বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ঢাকাসহ চট্টগ্রাম, কুমিল্লা, ময়মনসিংহ ও সিলেট অঞ্চলের শহর এলাকাসহ কিছু কিছু পল্লী এলাকায় বিদ্যুৎ বিতরণের দায়িত্ব পালন করে আসছে। বর্তমানে বিউবো নিজস্ব বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি Single Buyer হিসাবে সরকারি ও বেসরকারি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র থেকে বিদ্যুৎ ক্রয় করছে। পাশাপাশি ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো, আরইবি ও বিউবোর নিজস্ব বিতরণ অঞ্চলে বিদ্যুৎ বিক্রয় করছে। বিউবো'র বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

## বাজেট-সংক্ষিপ্তসার

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ৫৯১৭১৯৪.০০ | ৫১৫১৫৮২.৭৯ | ৪৬৭৬৮১১.৬২ | ৪৩৫৯৯৮৯.১১ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ১০৬৬৮৫৪০.০০ | ৯৫৩৩৪২৫.৭৫ | ৬৯৯০৯১১.৫১ | ৭০৯৫৬৩০.৬৭ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ২৪৯৪০৬.০০ | ২৩৬৩৫৪.৩৪ | ২৪৪৯৩৩.৬৬ | ২১২৪৭৭.০০ |
| ০৪. | **মোট পরিচালন ব্যয় (২+৩)** | **১০৯১৭৯৪৬.০০** | **৯৭৬৯৭৮০.০৯** | **৭২৩৫৮৪৫.১৭** | **৭৩০৮১০৭.৬৭** |
| ০৫. | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **(৫০০০৭৫২.০০)** | **(৪৬১৮১৯৭.৩০)** | **(২৫৫৯০৩৩.৫৫)** | **(২৯৪৮১১৮.৫৬)** |
| ০৬. | অ-পরিচালন আয় | ৫০৭৯৮৫৮.০০ | ৪৫৬৬৪২৬.০০ | ২৩৫৪১৬৩.৬১ | ৩০৩৩৬৪৪.০০ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ২৮১৪৭৪.০০ | ৩৯১৬৯১.০০ | ২৫৩৬৯৩.৯৪ | ২৬৫৪৫৩.৭৫ |
| ০৮. | আয়কর | ২৯৩৫৪৪.০০ | ২৫২৩১০.০০ | ৯৩৬৭.৮১ | ১৪৩৩৩৯.০০ |
| ০৯. | **নিট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)** | **(৪৯৫৯১২)** | **(৬৯৫৭৭২.৩০)** | **(৪৬৭৯৩১.৬৯)** | **(৩২৩২৬৭.৩১)** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ২১০১৯২.০০ | ২০৫১৩৩.২৯ | ২০৬০০৭.০২ | ১৯৩৩২৬.২০ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ১৮০৯৩৫.০০ | ২১৬৯৭৮.০০ | ১৮০৯৩৫.০০ | ২৫৪৩২৫ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৫৫৭০২২.০৯ | ৪৮৭৮২৬.৯৭ | ১০২৭০৩৪.১৩ | ৪০৬৪১৮.১০ |
| ১৪. | মোট সম্পদ | ১৪৯৭০২৫৪.২৬ | ১৪৪৪২৮০২.৬৮ | ১৩৬৯৫৫৩২.৫২ | ১৪১৩৩২৪৮.৪৪ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত ( Debt Equity Ratio ) | ৯৮:২ | ৯৫:৫ | ৯২:৮ | ৯১:৯ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ১২৯২২ | ১২৯২২ | ১২৯২২ | ১২৯৬৬ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার বিক্রয় রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫১৫১৫৮২.৭৯ লক্ষ টাকা ও ৫৯১৭১৯৪.০০ লক্ষ টাকা এবং এর বিপরীতে পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৯৭৬৯৭৮০.০৯ লক্ষ টাকা ও ১০৯১৭৯৪৬.০০ লক্ষ টাকা। ফলে পরিচালন ব্যয় পরবর্তী এ বছরদ্বয়ে পরিচালন লোকসান দাঁড়াবে যথাক্রমে ৪৬১৮১৯৭.৩০ লক্ষ টাকা ও ৫০০০৭৫২.০০ লক্ষ টাকা। অপরদিকে, ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৪৩৫৯৯৮৯.১১ লক্ষ টাকা বিক্রয় রাজস্বের বিপরীতে পরিচালন ব্যয়ের পরিমাণ ছিল ৭৩০৮১০৭.৬৭ লক্ষ টাকা এবং পরিচালন ব্যয় পরবর্তী পরিচালন লোকসানের পরিমাণ ছিল ২৯৪৮১১৮.৫৬ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার যথাক্রমে ৬৯৫৭৭২.০০ লক্ষ টাকা ও ৪৯৫৯১২.০০ লক্ষ টাকা নিট লোকসান হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে সংস্থার নিট লোকসানের পরিমাণ ছিল ৩২৩২৬৭.৩১ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২০৫১৩৩.২৯ লক্ষ টাকা এবং ২১০১৯২.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ১৯৩৩২৬.২০ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১৪১৩৩২৪৮.৪৪ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল (Debt Equity Ratio) ৯১:৯। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১৪৪৪২৮০২.৬৮ লক্ষ টাকা ও ১৪৯৭০২৫৪.২৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত যথাক্রমে ৯৫:৫ ও ৯৮:২ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবল ছিল ১২৯৬৬ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ১২৯২২ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

## চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

চট্টগ্রাম বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম শহর এবং বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী। চট্টগ্রাম মহানগরের বিপুলজন সংখ্যা, কলকারখানা, ব্যবসায়িক প্রতিষ্ঠানসমূহকে নিরাপদ পানি সরবরাহের গুরুদায়িত্ব নিয়ে চট্টগ্রাম ওয়াসা অর্ডিন্যান্স ১৯৬৩ এর আওতায় চট্টগ্রাম ওয়াসা প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ (৬নং) এর আওতায় একে চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ নামে অভিহিত করা হয়। এটি একটি স্বায়ত্ত্বশাসিত সংস্থা। সংস্থা প্রতিষ্ঠার পর থেকে চট্টগ্রাম ওয়াসা চট্টগ্রাম মহানগরীতে সার্বক্ষণিক পানি সরবরাহ করে যাচ্ছে। সম্প্রতি গ্লোবাল ট্রেডলিডার্স এর একটি অনলাইন জরিপে গ্রাহক চাহিদাপূরণ ও বিশুদ্ধ পানি সরবরাহের সক্ষমতার জন্য এ সংস্থা বিশ্বের ৯৫টি শহরের মধ্যে সেরা হয়েছে। চট্টগ্রাম ওয়াসার বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ২৬৬৪৭.৯২ | ২৪৩৯৯.০৫ | ১৯৩১৯.০০ | ১৬৪৬৪.৯৭ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ১৮৪৩৯.০৫ | ১৭০৯৮.৬২ | ১৫৮৬৭.৪৫ | ১২৯৯৩.৭২ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৩৯৫২.৭৯ | ৪৫০০.২১ | ৪২৯৮.৯৯ | ৩৬০০.১১ |
| **০৪.** | **মোট ব্যয় (২+৩)** | **২২৩৯১.৮৪** | **২১৫৯৮.৮৩** | **২০১৬৬.৪৪** | **১৬৫৯৩.৮৩** |
| **০৫.** | **পরিচালন মুনাফা/(ক্ষতি) (১-৪)** | **৪২৫৬.০৮** | **২৮০০.২২** | **-৮৪৭.৪৪** | **-১২৮.৮৬** |
| ০৬. | অ-পরিচালন আয় | ৩৪৫৮.০০ | ৩৪৫২.৯৬ | ৩৪৯৯.৫০ | ৩১৭২.৫৯ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৮. | আয়কর | ৬০.০০ | ৬০.০০ | ৬০.০০ | ৬০.০০ |
| **০৯.** | **নিট মুনাফা/(ক্ষতি) (৫+৬-৭-৮)** | **৭৬৫৪.০৮** | **৬১৯৩.১৮** | **২৫৯২.০৬** | **২৯৮৩.৭৩** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশ | ১১০.০০ | ১১০.০০ | ১১০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ২২০.০০ | ২২০.০০ | ২৩০.০০ | ৬০.০০ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ২১২১.৬০ | ২১২১.৬০ | ২৮৮.০০ | ২৮৮.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৩৪২৭.২০ | ৩৩৫০.২০ | ২২৯৫.৯০ | ৩৩৯৩.৫৯ |
| ১৪. | মোট সম্পদ | ৭১৪৫৪০.৬৬ | ৬৮১৩১৬.০৬ | ৪৭০১১১.৮১ | ৬৫০২৬৭.১৮ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৯০:১০ | ৯১:৯ | ৯৭:৩ | ৯১:৯ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ১০৪৮ | ১০৪৮ | ১০৪৮ | ৬০৭ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৪৩৯৯.০৫ লক্ষ ও ২৬৬৪৭.৯২ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২১৫৯৮.৮৩ লক্ষ ও ২২৩৯১.৮৪ লক্ষ টাকা। ফলে ২০২২-২৩ অর্থবছরে সংস্থার পরিচালন মুনাফা দাঁড়াবে ২৮০০.২২ লক্ষ ও ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন মুনাফার পরিমাণ দাঁড়াবে ৪২৫৬.০৮ লক্ষ টাকা। এ সময়ে নিট মুনাফার পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৬১৯৩.১৮ লক্ষ ও ৭৬৫৪.০৮ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের সংস্থার ১৬৪৬৪.৯৭ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ১৬৫৯৩.৮৩ লক্ষ টাকা। ফলে পরিচালন লোকসানের পরিমাণ ছিল ১২৮.৮৬ লক্ষ টাকা। উক্ত সময়ে ৩১৭২.৫৯ লক্ষ টাকা অপরিচালন আয়ের ফলে নিট মুনাফার পরিমাণ দাঁড়াবে ২৯৮৩.৭৩ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় ১১০.০০ লক্ষ টাকা লভ্যাংশসহ সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ২২০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে জমাকৃত অর্থের পরিমাণ ছিল ৬০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ৬৫০২৬৭.১৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৯১:৯। ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরের ৩০ জুন তারিখে মোট সম্পদ দাঁড়াবে যথাক্রমে ৬৮১৩১৬.০৬ লক্ষ ও ৭১৪৫৪০.৬৬ লক্ষ টাকা ও ঋণমূলধন অনুপাত যথাক্রমে ৯১:৯ ও ৯০:১০। ২০২১-২২ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৬০৭ জন। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ উভয় অর্থবছরে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে ১০৪৮ জন।

## ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

ঢাকা পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ, একটি স্বায়ত্তশাসিত বাণিজ্যিক সেবামূলক প্রতিষ্ঠান, যা ১৯৬৩ সালে প্রতিষ্ঠিত হয়। এ সংস্থা পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ অনুযায়ী পরিচালিত হচ্ছে। বর্তমানে ঢাকা ওয়াসা প্রায় ৩৬০ বর্গ কিঃমিঃ এলাকার ২০ মিলিয়ন জনগণকে দৈনিক ২৭০০ মিলিয়ন লিটার পানি সরবরাহ করছে। ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ বর্তমানে ১০ টি ভৌগলিক অঞ্চল বা মডস জোন, ১২ টি রাজস্ব জোন এবং অন্যান্য অফিস/দপ্তরের মাধ্যমে সার্বিক কার্যক্রম পরিচালনা করে আসছে। সংস্থার বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ২৩২৪৪৮.০০ | ২০২২২৬.০০ | ২১৫১৫২.০০ | ১৭৯১৭৮.০০ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ২২৬৬৯১.৫০ | ১৯০৯৪১.০০ | ২১০৪০১.০০ | ১৫১১৫০.০০ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **০৪.** | **মোট ব্যয় (২+৩)** | **২২৬৬৯১.৫০** | **১৯০৯৪১.০০** | **২১০৪০১.০০** | **১৫১১৫০.০০** |
| **০৫.** | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **৫৭৫৬.৫০** | **১১২৮৫.০০** | **৪৭৫১.০০** | **২৮০২৮.০০** |
| ০৬. | অ-পরিচালন আয় | ১৫৬১০.০০ | ১৪১৯১.০০ | ১৮৩২৪.০০ | ১২৬১৩.০০ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ১৬১৫০.০০ | ১৫২০০.০০ | ১৮৬১৯.০০ | ৩৫৭৬৯.০০ |
| ০৮. | আয়কর | ১৯২৫.০০ | ১২৯৯.০০ | ২৩৬৪.০০ | ২৯০২.০০ |
| **০৯.** | **নিট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)** | **৩২৯১.৫০** | **৮৯৭৭.০০** | **২০৯২.০০** | **১৯৭০.০০** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয়অবদান/লভ্যাংশ | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৬৮২০০.০০ | ৬৮২০০.০০ | ৫০২০০.০০ | ৪৫০৩৮.০০ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ৬৮০০০.০০ | ৬৮০০০.০০ | ৫০০০০.০০ | ৪৫০৩৮.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৩৮১৯৮.০০ | ৩৫০৯৬.০০ | ৪৩০০১.০০.০০ | ২৮৯৩৭.০০ |
| ১৪. | মোট সম্পদ | ২১৯৬২৩৬.৪৭ | ২২১৯৮৯০.৭০ | ১৮২৩১৯৪.৮৫ | ২২৪৭০২৪.০০ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt | ৪:৯৬ | ৫:৯৫ | ৪:৯৬ | ৬:৯৪ |
| ১৬. | মোট জনবল ( সংখ্যা) | ২৭২৮ | ২৮৬৬ | ৫৭২৫ | ২৮৬৬ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট পরিচালন রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২০২২২৬.০০ লক্ষ টাকা এবং ২৩২৪৪৮.০০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৯০৯৪১.০০ লক্ষ টাকা ও ২২৬৬৯১.৫০ লক্ষ টাকা। ফলে পরিচালন ব্যয় পরবর্তী এ বছরদ্বয়ে পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ১১২৮৫.০০ লক্ষ টাকা ও ৫৭৫৬.৫০ লক্ষ টাকা। অপরদিকে অ-পরিচালন ব্যয় পরকর্তী কর উত্তর নিট মুনাফা দাঁড়াবে যথাক্রমে ৮৯৭৭.০০ লক্ষ ও ৩২৯১.৫০ লক্ষ টাকা। অপরদিকে, ২০২১-২২ অর্থবছরে সংস্থার ১৭৯১৭৮.০০ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ১৫১১৫০.০০ লক্ষ টাকা ফলে ব্যয় পরবর্তী পরিচালন মুনাফার পরিমাণ ছিল ২৮০২৮ লক্ষ টাকা এবং অ-পরিচালন ব্যয় পরিবর্তী নিট মুনাফার পরিমাণ ছিল ১৯৭০.০০ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক লভ্যাংশ হিসাবে ২০০.০০ লক্ষ টাকাসহ সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা উভয় অর্থবছরে ধার্য করা হয়েছে ৬৮২০০.০০ লক্ষ টাকা। তন্মধ্যে সরকারি ঋণের সুদ হিসেবে উভয় অর্থবছরে জমা প্রদান করবে ৬৮০০০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক লভ্যাংশ ব্যতিত সরকারি কোষাগারে মোট অবদানের পরিমাণ ছিল ৪৫০৩৮.০০ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২২৪৭০২৪.০০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ছিল ৬:৯৪। ২০২২-২৩ অর্থবছরে সংশোধিত ও ২০২৩-২৪ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদ যথাক্রমে ২২১৯৮৯০.৭০ লক্ষ এবং ২১৯৬২৩৬.৪৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত যথাক্রমে ৫:৯৫ ও ৪:৯৬ দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ২৮৬৬ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছের প্রাক্কলিত বাজেটে ঢাকা ওয়াসা-এর জনবলের সংখ্যা যথাক্রমে ২৮৬৬ জনে ও ২৭২৮ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

## খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন একটি স্বায়ত্বশাষিত সেবাধর্মী প্রতিষ্ঠান। খুলনা সিটি কর্পোরেশন সৃষ্টি হওয়ার পূর্বে খুলনা শহরে পানি বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা দ্বারা পরিচালিত হত। ১৯৮৪ সাল থেকে সৃষ্ট পানি সরবরাহ বিভাগ খুলনা সিটি কর্পোরেশন এর অধীনে পরিচালিত হয়ে আসছিল। নগরবাসীর চাহিদার পরিপ্রেক্ষিতে গত ০২-০৩-২০০৮ খ্রি: তারিখ বাংলাদেশ সরকার কর্তৃক পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ এর মাধ্যমে খুলনা ওয়াসা সৃষ্টি হয়। খুলনা ওয়াসার বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ২৯২২.০৫ | ২৮৫৮.০০ | ২৫০৩.০০ | ২৬৮১.২৭ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ২৭০৮.৯৫ | ২৬৫০.৫০ | ২৫৩৮.৫৭ | ২৫৬৪.১৮ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | **মোট পরিচালন ব্যয় (২+৩)** | **২৭০৮.৯৫** | **২৬৫০.৫০** | **২৫৩৮.৫৭** | **২৫৬৪.১৮** |
| ০৫. | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **২১৩.১০** | **২০৭.৫০** | **-৩৫.৫৭** | **১১৭.০৯** |
| ০৬. | অ-পরিচালন আয় | ১৭৯.৮৫ | ১৭৪.৬৫ | ৬৭.৩০ | ৯৪.২২ |
| ০৭. | অপরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৯. | **নিট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)** | **৩৯২.৯৫** | **৩৮২.১৫** | **৩১.৭৩** | **২১১.৩১** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৮,২৭০.০০ | ৬৫৬০.০০ | ৮,৯৫৫.০০ | ৫৯৩৫.৪৯ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৪৩৯০০.১০ | ২৭৪৬৪.৭০ | ৩৭৯০১.৬০ | ১৪৫৫৬.২২ |
| ১৪. | মোট সম্পদ | ৩৪৬৮৭৩.৬৩ | ৩০২৪৯৫.৬১ | ৩৩৩৪৯৫.৯১ | ২৭৪৬৭৩.৩৯ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ১৭:৮৩ | ১০:৯০ | ৬৮:৩২ | ৫:৯৫ |
| ১৬. | মোট জনবল ( সংখ্যা) | ২৭৮ | ২৭৬ | ২৮৫ | ২৭৬ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট পরিচালন আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৮৫৮.০০ লক্ষ টাকা ও ২৯২২.০৫ লক্ষ টাকা এবং এর বিপরীতে পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৬৫০.৫০ লক্ষ টাকা ও ২৭০৮.৯৫ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ২০৭.৫০ লক্ষ টাকা ও ২১৩.১০ লক্ষ টাকা। অ-পরিচালন আয় (ব্যাংকে জমাকৃত টাকার সুদ) যোগ করার ফলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে নিট মুনাফার পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৩৮২.১৫ লক্ষ টাকা এবং ৩৯২.৯৫ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ২৬৮১.২৭ লক্ষ টাকা পরিচালন আয়ের বিপরীতে পরিচালন ব্যয়ের পরিমাণ ছিল ২৫৬৪.১৮ লক্ষ টাকা এবং পরিচালন মুনাফার পরিমাণ ছিল ১১৭.০৯ লক্ষ টাকা। অপরদিকে এ বছর করউত্তর নিট মুনাফার পরিমাণ ছিল ২১১.৩১ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদানের (শুল্ক ও বিভিন্ন কর বাবদ) লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৬৫৬০.০০ লক্ষ টাকা এবং ৮২৭০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ৫৯৩৫.৪৯ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২৭৪৬৭৩.৩৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ৫:৯৫। ২০২২-২৩ সংশোধিত ও ২০২৩-২৪ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৩০২৪৯৫.৬১ লক্ষ টাকা এবং ৩৪৬৮৭৩.৬৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে যথাক্রমে ১০:৯০ এবং ১৭:৮৩। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ২৭৬ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছের প্রাক্কলিত বাজেটে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে যথাক্রমে ২৭৬ জন ও ২৭৮ জন।

## রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন) এর ধারা ৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১ আগস্ট ২০১০ তারিখে রাজশাহী সিটি কর্পোরেশনভূক্ত এলাকার জন্য "রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ" (রাজশাহী ওয়াসা) প্রতিষ্ঠা করে। রাজশাহী ওয়াসা স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা। রাজশাহী ওয়াসার বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ১৮৯০.৪০ | ১৮৪৮.৩২ | ১৭৮৫.০০ | ৭০৭.৫৬ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ১০১৯.৯৮ | ৯২৪.২৩ | ১০৫১.৩৭ | ১০৮৭.৬৬ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ১০২৭.৩২ | ৯৯১.৭০ | ৯৯৮.৫৫ | ৯৮৯.২৫ |
| ০৪. | **মোট পরিচালন ব্যয় (২+৩)** | **২০৪৭.৩০** | **১৯১৫.৯৩** | **২০৪৯.৯২** | **২০৭৬.৯১** |
| ০৫. | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **-১৫৬.৯০** | **-৬৭.৬১** | **-২৬৪.৯২** | **-১৩৬৯.৩৫** |
| ০৬. | অ-পরিচালন আয় | ২০৯৭.৩০ | ২০২০.৯৩ | ২১০৮.৮২ | ২৪১৫.৯২ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৯. | **নিট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)** | **১৯৪০.৪০** | **১৯৫৩.৩২** | **১৮৪৩.৯০** | **১০৪৬.৫৭** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৭৪৫.০০ | ৭০৭.৮৬ | ১৭০.০০ | ৬২৪.৪৪ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ (ডিএসএল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৮০০৫০.০০ | ৭২৯০৫.০০ | ৫৬৬৭২.৬৮ | ৩৭৮৫.৯৬ |
| ১৪. | মোট সম্পদ | ১৮৫০২৬.৯৭ | ১০৪৩৭৭.৭৪ | ৮৫১৬২.০৭ | ৩০৯২৭.৯৮ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | -৪:১০৪ | -৩: ১০৩ | -৯: ১০৯ | ০:১০০ |
| ১৬. | মোট জনবল ( সংখ্যা) | ৩৩৯ | ৩৩৯ | ৩৪১ | ২৮৭ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট পরিচালন আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৮৪৮.৩২ লক্ষ এবং ১৮৯০.৪০ লক্ষ টাকা। এর বিপরীতে পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৯১৫.৯৩ লক্ষ এবং ২০৪৭.৩০ লক্ষ টাকা। ফলে পরিচালন লোকসান দাঁড়াবে যথাক্রমে ৬৭.৬১ লক্ষ এবং ১৫৬.৯০ লক্ষ টাকা। অ-পরিচালন আয়/সরকারি অনুদান যোগ করার ফলে নিট মুনাফার পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১৯৫৩.৩২ লক্ষ এবং ১৯৪০.৪০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৭০৭.৫৬ লক্ষ টাকা পরিচালন আয়ের বিপরীতে পরিচালন ব্যয়ের পরিমাণ ছিল ২০৭৬.৯১ লক্ষ টাকা এবং পরিচালন লোকসানের পরিমাণ ছিল ১৩৬৯.৩৫ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের অ-পরিচালন আয়/সরকারি অনুদান যোগ করার ফলে নিট মুনাফার পরিমাণ দাঁড়ায় ১০৪৬.৫৭ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এসংস্থা কর্তৃক (শুল্ক ও বিভিন্ন কর বাবদ) সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৭০৭.৮৬ লক্ষ এবং ৭৪৫.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ৬২৪.৪৪ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৩০৯২৭.৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ০ : ১০০। ২০২২-২৩ সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১০৪৩৭৭.৭৪ লক্ষ এবং ১৮৫০২৬.৯৭ লক্ষ টাকা। পাশাপাশি ঋণ মূলধনের অনুপাত দাঁড়াবে যথাক্রমে - ৩: ১০৩এবং - ৪:১০৪ । ২০২১-২২ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ২৮৭ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছেরর প্রাক্কিলত উভয় বাজেটে সংস্থার জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে ৩৩৯ জন।উল্লেখ্য, সরকারি অনুদান বাবদ প্রাপ্ত অর্থ সংস্থার সর্বশেষ ১৫.০৩.২০২৩খ্রি. তারিখের হিসাব বিবরণী অনুযায়ী দেখানো হয়েছে।

## বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন

২৬ মার্চ, ১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নং ২৭ এর মাধ্যমে দেশের তেল, গ্যাস ও খনিজ সম্পদ অনুসন্ধান ও উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ খনিজ, তেল ও গ্যাস করপোরেশন (বিএমওজিসি) গঠিত হয়। ১৯৭২ সালের ২৭ সেপ্টেম্বর রাষ্ট্রপতির আদেশ নং ১২০ এর মাধ্যমে দেশের খনিজ অনুসন্ধান ও উন্নয়ন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে "বাংলাদেশ খনিজ অনুসন্ধান ও উন্নয়ন করপোরেশন" (বিএমইডিসি) নামে অপর একটি সংস্থা গঠন করা হয়। বাংলাদেশ খনিজ, তৈল ও গ্যাস করপোরেশন (বিএমওজিসি)-কে বাংলাদেশ তৈল ও গ্যাস করপোরেশন (বিওজিসি) নামে পুনর্গঠন করা হয় এবং ১৯৭৪ সালের ২২ আগস্ট রাষ্ট্রপতির আদেশ নং ১৫ এর মাধ্যমে বিওজিসি'কে 'পেট্রোবাংলা' নামে সংক্ষিপ্ত নামকরণ করা হয়। ১৯৮৫ সালের ১১ এপ্রিল জারিকৃত ২১ নং অধ্যাদেশের মাধ্যমে বিওজিসি ও বিএমইডিসিকে একিভূত করে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (বিওজিএমসি) গঠন করা হয়। অতঃপর উক্ত অধ্যাদেশের আংশিক সংশোধনক্রমে ১৯৮৯ সালের ১১ ফেব্রুয়ারি জারিকৃত ১১ নং আইন এর মাধ্যমে এই করপোরেশনকে "পেট্রোবাংলা" নামে সংক্ষিপ্ত নামকরণ করা হয় এবং তৈল, গ্যাস ও খনিজ অনুসন্ধান ও উন্নয়নের উদ্দেশ্যে গঠিত কোম্পানিসমূহের শেয়ার ধারণের ক্ষমতা অর্পণ করা হয়। পরবর্তীতে, বাংলাদেশ জাতীয় সংসদের ২০২২ সনের ১৯ নং আইন দ্বারা বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন আইন, ২০২২ গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে জারি করা হয়। বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট -সংক্ষিপ্তসার

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিট সমূহ হ'তে সংগৃহীত লেভি | ১৮০০.০০ | ১৮০০.০০ | ১৮০০.০০ | ১৪০০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ১৫০০০.০০ | ১৫০০০.০০ | ১৫০০০.০০ | ১৫৬৩৩.৬৫ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ৫৬৩৭৫.০০ | ৫৯৩৭৫.০০ | ৮৯৯১৫.০৯ | ৮৪০৭০.৫৩ |
| ০৫. | অন্যান্য | ৬৭২৪.৫০ | ৫৬৩৪.৫০ | ৪৯০০.৫০ | ৪৯১৫.৭৯ |
| ০৬. | **মোট আয় (১+...+৫)** | **৭৯৮৯৯.৫০** | **৮১৮০৯.৫০** | **১১১৬১৫.৫৯** | **১০৬০১৯.৯৭** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ৫৭৪৪.৫৫ | ৫৩১৯.১০ | ৬৬০৯.৭১ | ৩৩২৬.০৯ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ১১৩২০.০০ | ৯৯২০.০০ | ৯৪২০.০০ | ৬৮৪২.৭৫ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ১৭৯৫২.০০ | ১৯৩৫৩.৪৪ | ৩০১৬২.৩৭ | ২৬২৫৯.৭৯ |
| ১০. | **মোট ব্যয় ( ৭+...+৯)** | **৩৫০১৬.৫৫** | **৩৪৫৯২.৫৪** | **৪৬১৯২.০৮** | **৩৬৪২৮.৬৩** |
| ১১. | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি) (৬-১০)** | **৪৪৮৮২.৯৫** | **৪৭২১৬.৯৬** | **৬৫৪২৩.৫১** | **৬৯৫৯১.৩৪** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ✓ | ৪৬০০০.০০ | ৪৬০০০.০০ | ৬৫০০০.০০ | ৬১৭৫৭.৭২ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৪৬০০০.০০ | ৪৬০০০.০০ | ৬৫০০০.০০ | ৬১৭৫৭.৭২ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ২৮০০০.০০ | ৩০০০০.০০ | ৩৮৩০৪.৯১ | ৪৪৮২২.৬৩ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ১৮৭০.০০ | ৪৮৯.০০ | ১৯৬০.০০ | ৫৬১১৩৪২.২ |
| ১৬. | মোট সম্পদ | ২১০৮৯০২.১৮ | ২১০৮৮১৯.২৩ | ২১৪৪২৬৯.৮৯ | ২১০৬৪০২.২৭ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ১৮৪:-৮৪ | ১৮৭:-৮৭ | ৬৯:৩১ | ১৮৯:-৮৯ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ৪৬৯ | ৪২৫ | ৪৯৮ | ৩৯০ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮১৮০৯.৫০ লক্ষ এবং ৭৯৮৯৯.৫০ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৪৫৯২.৫৪ লক্ষ এবং ৩৫০১৬.৫৫ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ৪৭২১৬.৯৬ লক্ষ এবং ৪৪৮৮২.৯৫ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ১০৬০১৯.৯৭ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৩৬৪২৮.৬৩ লক্ষ টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ৬৯৫৯১.৩৪ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ প্রদানের লক্ষ্যমাত্র ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৬০০০.০০ লক্ষ এবং ৪৬০০০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান/ লভ্যাংশের পরিমাণ ছিল ৬১৭৫৭.৭২ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২১০৬৪০২.২৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ১৮৯:-৮৯। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ২১০৮৮১৯.২৩ লক্ষ ও ২১০৮৯০২.১৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত দাঁড়াবে ১৮৭:-৮৭ ও ১৮৪:-৮৪। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৩৯০ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থার জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৪২৫ জন ও ৪৬৯ জন।

# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

বাংলাদেশ শিপিং কর্পোরেশন আন্তর্জাতিক সমুদ্রপথে বাণিজ্যিক জাহাজ পরিচালনাকারী একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। নৌপথে দক্ষ শিপিং সেবা প্রদান এবং আন্তর্জাতিক নৌবাণিজ্যের সাথে সম্পর্কযুক্ত দেশের বৈদেশিক বাণিজ্যের যাবতীয় কার্যাবলী সুষ্ঠুভাবে সমাধাকল্পে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাত ধরে ১৯৭২ সালের ৫ ফেব্রুয়ারি মহামান্য রাষ্ট্রপতির ১০ নং আদেশের মাধ্যমে বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) প্রতিষ্ঠিত হয়। জন্মলগ্ন হতে অদ্যাবধি এ-সংস্থা অত্যন্ত স্পর্শকাতর পণ্য, খাদ্য ও জ্বালানি পরিবহনের মাধ্যমে রাষ্ট্রের খাদ্য ও জ্বালানি- নিরাপত্তায় গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও প্রতিষ্ঠার পর হতে ক্রমাগত প্রচেষ্টা ও সরকারি পৃষ্ঠপোষকতায় বিএসসি সর্বমোট ৪৪টি জাহাজ অর্জন করতে সক্ষম হয়। পুরাতন ও অলাভজনক জাহাজ বিক্রির পাশাপাশি বর্তমান গণতান্ত্রিক সরকারের সুযোগ্য দিক-নির্দেশনা ও সক্রিয় সহযোগিতায় চীনে নির্মিত ০৬টি জাহাজ বিএসসি বহরে যোগ হয়েছে। বর্তমানে বিএসসি বহরে মোট ০৭ টি জাহাজ রয়েছে, যা বাণিজ্যিক কার্যক্রমে নিয়োজিত রয়েছে এবং আন্তর্জাতিক সমুদ্র পথে জাতীয় পতাকাবাহী জাহাজ হিসেবে বাংলাদেশের প্রতিনিধিত্ব করছে। বিএসসি'র বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

## বাজেট- সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক | বিববরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | পরিচালন রাজস্ব | ৩৫৫০০.০০ | ৪০৮০০.০০ | ২৬৩০০.০০ | ৪৪৯৫৭.৩০ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | পরিচালন ব্যয় | ৩০০৮৫.০৬ | ২৬২১৩.০৬ | ২০৪৭১.১৫ | ২০৬৭৭.৮৩ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৫০৯৯.৫০ | ৫০৫৩.১০ | ৪৫৪৩.১০ | ৩৪৯৯.০৯ |
| ০৪. | মোট ব্যয় (২+৩) | ৩৫১৮৪.৫৬ | ৩১২৬৬.১৬ | ২৫০১৪.২৫ | ২৪১৭৬.৯২ |
| **০৫.** | **পরিচালন মুনাফা/(লোকসান)(১-৪)** | **৩১৫.৪৪** | **৯৫৩৩.৮৪** | **১২৮৫.৭৫** | **২০৭৮০.৩৮** |
| ০৬. | অ-পরিচালন আয় | ৮১১৩.৮২ | ৭৯৪১.১৪ | ৬৪৭৫.৩০ | ৬৭৮২.৯৮ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ২৫৬.৭৫ |
| ০৮. | আয়কর | ২১০৭.৩২ | ৪৩৬৮.৭৫ | ১৯৪০.২৬ | ৪৭২৬.৪৫ |
| **০৯.** | **নিট মুনাফা/(লোকসান)(৫+৬-৭-৮)** | **৬৩২১.৯৪** | **১৩১০৬.২৩** | **৫৮২০.৭৯** | **২২৫৮০.১৬** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান✓/লভ্যাংশ | ১৫০০.০০ | ২২০০.০০ | ২২০০.০০ | ৯৫৩.৫৬ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৩৬০৫.০০ | ৬৫৭৮.৭৩ | ৪২১৬.২৪ | ১৫৯৮.৬০ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি.এস.এল.সহ) | ৬১.২৩ | ৬১.২৩ | ৬১.২৩ | ১২২.৪৫ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৯৩৩০.০০ | ৩২৪৭.০০ | ৪৪২০.০০ | ৭৪৪.৫২ |
| ১৪. | মোট সম্পদ | ৩৩৯৪৭২.০০ | ৩২১২৯৯.৮৪ | ৩০০৭৩৭.৭৪ | ৩১০৫৩৭.৪৩ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত(Debt-Equity Ratio) | ৬৩:৩৭ | ৬২:৩৮ | ৬৬:৩৪ | ৬৪:৩৬ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ২০৮ | ২১৩ | ২৩৩ | ২৩৫ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪০৮০০.০০ লক্ষ এবং ৩৫৫০০.০০ লক্ষ টাকা। এর বিপরীতে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩১২৬৬.১৬ এবং ৩৫১৮৪.৫৬ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে পরিচালন মুনাফা দাড়াবে যথাক্রমে ৯৫৩৩.৮৪ লক্ষ এবং ৩১৫.৪৪ লক্ষ টাকা। অ-পরিচালন আয় এবং আয়কর পরিশোধের পর কর উত্তর নিট মুনাফা দাঁড়াবে যথাক্রমে ১৩১০৬.২৩ লক্ষ এবং ৬৩২১.৯৪ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৪৪৯৫৭.৩০ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২৪১৭৬.৯২ লক্ষ এবং পরিচালন মুনাফার পরিমাণ ছিল ২০৭৮০.৩৮ লক্ষ টাকা। অ-পরিচালন আয় অর্থাৎ ব্যাংকে জমাকৃত অর্থের সুদ যোগ করার ফলে এবং অ-পরিচালন ব্যয় ও আয়কর পরিশোধের পর ২০২১-২২ অর্থবছরে সংস্থার নিট মুনাফার পরিমাণ ছিল ২২৫৮০.১৬ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশের পরিমাণ ধার্য করা হয়েছে যথাক্রমে ২২০০.০০ লক্ষ এবং ১৫০০.০০ লক্ষ টাকা। উক্ত সময়ে লভ্যাংশসহ মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৬৫৭৮.৭৩ লক্ষ এবং ৩৬০৫.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৩১০৫৩৭.৪৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৬৪:৩৬। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৩২১২৯৯.৮৪ লক্ষ এবং ৩৩৯৪৭২.০০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত দাঁড়াবে ৬২:৩৮ এবং ৬৩:৩৭। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ২৩৫ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটেসংস্থার জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ২১৩ এবং ২০৮ জন।

## বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন

১৯৭২ সালে রাষ্ট্রপতির ২৮ নং আদেশ বলে দেশের অভ্যন্তরীণ নৌ-পথ ও উপকূলীয় অঞ্চলসমূহে সুষ্ঠু নৌ-পরিবহন ব্যবস্থা পরিচালনা এবং এর উন্নয়ন ও বিস্তার সাধনের লক্ষ্যে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের অধীন একটি স্ব-শাসিত সংস্থা। এ কর্পোরেশন বাংলাদেশের অভ্যন্তরীণ জলপথ ও সমুদ্র উপকূলে নিরাপদে যাত্রী এবং যাবতীয় পণ্য সামগ্রী পরিবহন করে থাকে। এ ছাড়া কর্পোরেশন কয়েকটি গুরুত্বপূর্ণ সড়ক সংযোগ পথে ফেরি পারাপারের দায়িত্ব পালন করে থাকে। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশনের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট–সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ৩৩৩৩০.১০ | ৩৩২১১.০০ | ৩৩৯০০.০০ | ৪১৮৬৮.৭৩ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ৩৭৪৭৭.৮০ | ৩৭৮৯৭.৮৪ | ৩৮৩৩৯.১২ | ৪১৩১৭.৪৮ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **০৪.** | **মোট ব্যয় (২+৩)** | **৩৭৪৭৭.৮০** | **৩৭৮৯৭.৮৪** | **৩৮৩৩৯.১২** | **৪১৩১৭.৪৮** |
| **০৫.** | **পরিচালন মুনাফা/(ক্ষতি) (১-৪)** | **-৪১৪৭.৭০** | **-৪৬৮৬.৮৪** | **-৪৪৩৯.১২** | **৫৫১.২৫** |
| ০৬. | অ-পরিচালন আয় | ১৫৪৬.৪০ | ১৫৪০.০০ | ১১৫০.০০ | ১০৪২.৭২ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ১৭৮৪.০০ | ১৭৮৪.০০ | ২০৬০.০০ | ১৭৮৪.৫৪ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ৭৫০.০১ |
| **০৯.** | **নিট মুনাফা/(ক্ষতি) (৫+৬-৭-৮)** | **-৪৩৮৫.৩০** | **-৪৯৩০.৮৪** | **-৫৩৪৯.১২** | **-৯৪০.৫৮** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ১৮০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ৯৩০.০১ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ১৭৮৪.০০ | ১৭৮৪.০০ | ১৫০০.০০ | ১৭৮৪.৫৪ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৭৮৫০.০০ | ৭৩৭৮.০০ | ১০৭২২.৫০ | ৯৩৫৬.৭৩ |
| ১৪. | মোট সম্পদ | ১৬৬০৭১.৭৬ | ১৫৮৪৯৮.৮২ | ১৭৬৬৯৩.৩২ | ১৫০৭৩৬.৩২ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত | ৭৪:২৬ | ৭০:৩০ | ৭৪:২৬ | ৬৫:৩৫ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ৩৪০৬ | ৩৪০৬ | ৩৪৬৯ | ৩৪৬৯ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৩২১১.০০ লক্ষ ও ৩৩৩৩০.১০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৭৮৯৭.৮৪ লক্ষ ও ৩৭৪৭৭.৮০ লক্ষ টাকা। ফলে পরিচালন লোকসানের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে -৪৬৮৬.৮৪ লক্ষ ও -৪১৪৭.৭০ লক্ষ টাকা এবং নিট লোকসানের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৪৯৩০.৮৪ লক্ষ ও ৪৩৮৫.৩০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৪১৮৬৮.৭৩ লক্ষ টাকা আয়ের বিপরীতে ৪১৩১৭.৪৮ লক্ষ টাকা ব্যয় পরবর্তী পরিচালন মুনাফা ছিল ৫৫১.২৫ লক্ষ টাকা এবং নিট লোকসানের পরিমাণ ছিল ৯৪০.৫৮ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেট নিট লোকসান থাকায় সংস্থা কর্তৃক কোন অর্থ লভ্যাংশ বাবদ সরকারকে প্রদান করা হবে না মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক ১৮০.০০ লক্ষ টাকা লভ্যাংশসহ সরকারি কোষাগারে প্রদানকৃত মোট অবদান ছিল ৯৩০.০১ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ১৫০৭৩৬.৩২ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৬৫:৩৫। ২০২২-২৩ অর্থবছরের এবং ২০২৩-২৪ অর্থবছরের ৩০ জুন তারিখে মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১৫৮৪৯৮.৮২ লক্ষ ও ১৬৬০৭১.৭৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৭০:৩০ ও ৭৪:২৬। ২০২১-২২ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৩৪৬৯ জন। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ উভয় অর্থবছরে সংস্থার মোট জনবলের সংখ্যা দাঁড়াবে ৩৪০৬ জন।

## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

১৯৭৬ সালে রাষ্ট্রপতির ৫২ নং অধ্যাদেশ বলে চট্টগ্রাম বন্দর ট্রাস্টকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক)-তে রূপান্তর করা হয়। চবক দেশের প্রধান সামুদ্রিক বন্দর। দেশের বহিঃবাণিজ্যের প্রায় ৯২ শতাংশ মালামালই চট্টগ্রাম বন্দরের মাধ্যমে হ্যান্ডলিং হয়ে থাকে। মালামাল হ্যান্ডলিং এর বার্ষিক প্রবৃদ্ধি গড়ে ১০% এর বেশি। বহিঃনোঙর থেকে প্রায় ৮ নটিক্যাল মাইল ভিতরে কর্ণফুলী নদীর তীরে চট্টগ্রাম বন্দরের বিভিন্ন জেটি বার্থ ও সুবিধাদি অবস্থিত। বন্দর সংরক্ষিত এলাকাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা শক্তিশালী CCTVএবং Fire Alarm দ্বারা সুরক্ষিত ও সুনিয়ন্ত্রিত। চবক এর ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | মোট পরিচালন রাজস্ব | ৩৬২০৭৮.৭২ | ৩৫৫১১৭.১৮ | ৩৩০০০০.০০ | ৩৪৫৯৩৩.০৪ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | পরিচালন ব্যয় | ২০৮৭৮০.৭৫ | ২০২৫৭৯.৬৬ | ২১৭৬৮১.৫৫ | ১৭৯৭৮১.৮০ |
| ০৩. | প্রশাসনিক ব্যয় | ১০১০৩.৬৩ | ৯৮৮৪.৩১ | ৯৭১৬.০২ | ৭৪৯২.৭০ |
| **০৪.** | **মোট পরিচালন ব্যয় (২+৩)** | **২১৮৮৮৪.৩৮** | **২১২৪৬৩.৯৭** | **২২৭৩৯৭.৫৭** | ১৮৭২৭৪.৫০ |
| **০৫.** | **পরিচালন মুনাফা/(লোকসান) (১-৪)** | **১৪৩১৯৪.৩৪** | **১৪২৬৫৩.২১** | **১০২৬০২.৪৩** | **১৫৮৬৫৮.৫৪** |
| ০৬. | অ-পরিচালন আয় | ৫২৪৩৬.১৫ | ৫২১৫১.৪৩ | ৯৫৩৬.৫১ | ৬১৩২২.০৮ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ৫৫০.০০ | ৫৫০.০০ | ৫৫০.০০ | ৫৪৬.৭৩ |
| ০৮. | আয়কর | ৫৫০০০.০০ | ৫৫০০০.০০ | ৫২০০০.০০ | ৫৫১০০.০০ |
| **০৯.** | **নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)** | **১৪০০৮০.৪৯** | **১৩৯২৫৪.৬৪** | **৫৯৫৮৮.৯৪** | **১৬৪৩৩৩.৮৯** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশ | ১০০০০.০০ | ৮০০০.০০ | ৮০০০.০০ | ৮০০০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৬৬২৫০.০০ | ৬৪২৫০.০০ | ৬১২৩০.০০ | ৬৭৩৮৬.১৮ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ৫০০.০০ | ৫০০.০০ | ৫০০.০০ | ৪৮৭.০৮ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ১৫৯৮৭০.০০ | ১৭০৯৭৪.৭৮ | ২১৭৬৪৭.৪৮ | ১৪৯৩৩৮.৪৯ |
| ১৪. | মোট সম্পদ | ২৭৮৩২৯৯.২০ | ২৬৩৬৪৩৫.৭৪ | ২৭০১৭১৫.৩৬ | ২৪৭৯৯০৩.২৭ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৩৯:৬১ | ৪০:৬০ | ৪৩:৫৭ | ৪২:৫৮ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ৫৫১৯ | ৫৫১৯ | ৫৩৫৯ | ৫২৪৮ |

২০২১-২২ অর্থবছরে চবক এর রাজস্ব আয় মোট ৩৪৫৯৩৩.০৪ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় হয় ১৮৭২৭৪.৫০ লক্ষ টাকা। ফলে চবক এর পরিচালন মুনাফার পরিমাণ দাঁড়ায় ১৫৮৬৫৮.৫৪ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট রাজস্ব আয় যথাক্রমে ৩৫৫১১৭.১৮ লক্ষ ও ৩৬২০৭৮.৭২ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হয় যথাক্রমে ২১২৪৬৩.৯৭ লক্ষ ও ২১৮৮৮৪.৩৮ লক্ষ টাকা। ফলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে চবক এর পরিচালন মুনাফার পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১৪২৬৫৩.২১ লক্ষ ও ১৪৩১৯৪.৩৪ লক্ষ টাকা।

২০২১-২২ অর্থবছরে চবক লভ্যাংশ বাবদ ৮০০০.০০ লক্ষ টাকাসহ বিভিন্ন খাতে সরকারি কোষাগারে মোট ৬৭৩৮৬.১৮ লক্ষ টাকা প্রদান করে। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে চবক লভ্যাংশ হিসেবে যথাক্রমে ৮০০০.০০ লক্ষ ও ১০০০০.০০ লক্ষ টাকাসহ বিভিন্ন খাতে মোট যথাক্রমে ৬৪২৫০.০০ লক্ষ ও ৬৬২৫০.০০ লক্ষ টাকা সরকারি কোষাগারে প্রদান করবে। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী কর্তৃপক্ষের মোট সম্পদের পরিমাণ ছিল ২৪৭৯৯০৩.২৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৪২:৫৮। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছেরের প্রাক্কিলত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ২৬৩৬৪৩৫.৭৪ লক্ষ ও ২৭৮৩২৯৯.২০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ৪০:৬০ ও ৩৯:৬১। ২০২১-২২ অর্থবছরে চবক এর জনবল ছিল মোট ৫২৪৮ জন। ২০২২-২৩ ও ২০২৩-২৪ উভয় অর্থবছরে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে ৫৫১৯ জন।

## মোংলা বন্দর কর্তৃপক্ষ

১৯৫০ সালের ১ ডিসেম্বর চালনা বন্দর কর্তৃপক্ষ প্রতিষ্ঠা লাভ করে। ১১ ডিসেম্বর ১৯৫০ সালে জয়মনিরগোলে ‘দি সিটি অব লিয়নস’ বৃটিশ বাণিজ্যিক জাহাজ নোঙ্গারের মাধ্যমে এ্যাংকোরেজ পোর্ট হিসেবে সরকারি অধিদপ্তর রূপে কার্যক্রম শুরু করে। ১৯৭৬ সালের Ordinance এর আওতায় ১৯৭৭ সালে চালনা বন্দর কর্তৃপক্ষ নামে একটি স্বশাসিত সংস্থা হিসেবে রূপ পায়। ১৯৮৭ সালে অধ্যাদেশটি সংশোধন করে **Mongla Port Authority Ordinance, 1976** করা হয় যা বর্তমানে মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন- ২০২২ হিসাবে চলমান রয়েছে। একজন চেয়ারম্যান ও তিন জন সদস্যের সমন্বয়ে মোংলা বন্দর কর্তৃপক্ষ এর বোর্ড গঠিত। মোংলা বন্দর পরিবেশবান্ধব এবং দেশের দ্বিতীয় বৃহত্তম সমুদ্র বন্দর। মবক'র ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | পরিচালন রাজস্ব | ২৬৯৫০.০০ | ২৬১৯৫.০০ | ২৯১৩৭.০০ | ২৬৪৩৪.২০ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | পরিচালন ব্যয় | ২২৮০৮.০৩ | ২২০৪৭.৬৩ | ২১৫৭৪.৯২ | ১৮৪২৩.২১ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৩৬৮২.০০ | ৩৫৩৭.৬৭ | ৩৫৫২.৬১ | ৩৫৭৫.৭৫ |
| ০৪. | মোট ব্যয় (২+৩) | ২৬৪৯০.০৩ | ২৫৫৮৫.৩০ | ২৫১২৭.৫৩ | ২১৯৯৮.৯৬ |
| **০৫.** | **পরিচালন মুনাফা/(লোকসান)(১-৪)** | **৪৫৯.৯৭** | **৬০৯.৭০** | **৪০০৯.৪৭** | **৪৪৩৫.২৪** |
| ০৬. | অ-পরিচালন আয় | ৪০১০.০০ | ৩৮০৮.০০ | ৪৮৭৩.০০ | ৫২৭৩.৫৮ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৮. | আয়কর | ১০৬৫.০০ | ১০৫৫.০০ | ২১৭০.০০ | ২৩৭৭.২০ |
| **০৯.** | **নিট মুনাফা/(লোকসান)(৫+৬-৭-৮)** | **৩৪০৪.৯৭** | **৩৩৬২.৭০** | **৬৭১২.৪৭** | **৭৩৩১.৬২** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ✓ | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১৩৬৫.০০ | ২১৩৫৫.০০ | ২৪৭০.০০ | ২৫৭৭.২০ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ১৬১৭০৮.৫০ | ৯৬১৩৩.৮৫ | ১৬১৭০৮.৫০ | ১৯৬২.৮৫ |
| ১৪. | মোট সম্পদ | ৪৭৬৫০৭.৪০ | ২৯১৮৮৩.৪৩ | ৪২৮৯৯৪.৮২ | ১৭৩৬১৯.১৬ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt-Equity Ratio) | ১৬:৮৪ | ১৬:৮৪ | ১২:৮৮ | ১০:৯০ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ১২৫৩ | ১১৯৬ | ১২১৫ | ১১৩২ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৬১৯৫.০০ লক্ষ এবং ২৬৯৫০.০০ লক্ষ টাকা। এর বিপরীতে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৫৫৮৫.৩০ লক্ষ এবং ২৬৪৯০.০৩ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ৬০৯.৭০ লক্ষ এবং ৪৫৯.৯৭ লক্ষ টাকা। অ-পরিচালন আয় অর্থাৎ ব্যাংকে জমাকৃত অর্থের সুদ যোগ করার ফলে এবং আয়কর পরিশোধের পর কর উত্তর নিট মুনাফা দাঁড়াবে যথাক্রম ৩৩৬২.৭০ লক্ষ এবং ৩৪০৪.৯৭ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ২৬৪৩৪.২০ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২১৯৯৮.৯৬ লক্ষ টাকা এবং পরিচালন মুনাফার পরিমাণ ছিল ৪৪৩৫.২৪ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার নিট মুনাফার পরিমাণ ছিল ৭৩৩১.৬২ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ২০০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের পরিমাণ ছিল ২৫৭৭.২০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১৭৩৬১৯.১৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ১০:৯০ । ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ২৯১৮৮৩.৪৩ লক্ষ ও ৪৭৬৫০৭.৪০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত দাড়াবে ১৬:৮৪ ও ১৬:৮৪। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ১১৩২ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থায় জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১১৯৬ এবং ১২৫৩ জন।

## বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ

প্রতিবেশী দেশগুলোর সাথে স্থল পথে আমদানি-রপ্তানি কার্যক্রমকে সহজতর ও গতিশীল করার লক্ষ্যে ২০০১ সালে বাংলাদেশ স্থলবন্দর আইন, ২০০১ (২০০১ সালের ২০নং আইন) এর আওতায় সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের অধীনে ২০২২-২৩ অর্থবছর পর্যমত্ম ২৪ টি স্থলবন্দর রয়েছে। যথা- বেনাপোল, বুড়িমারী, আখাউড়া, ভোমরা, সোনামসজিদ, হিলি, টেকনাফ, বাংলাবন্ধ, বিবির বাজার, বিরল, তামাবিল, গোবরাকুড়া-কড়ইতলী, দর্শনা, বিলোনিয়া, রামগড়, নাকুগাঁও, সোনাহাট, টেগামুখ, চিলাহাটি, দৌলতগঞ্জ, ধানুয়া-কামালপুর, বালস্না, শেওলা ও ভোলাগঞ্জ। ২৪ টি স্থলবন্দরের মধ্যে বর্তমানে ৫টি স্থলবন্দর যথা- বাংলাবান্ধা, সোনামসিজদ, হিলি, টেকনাফ ও বিবির বাজার স্থলবন্দর চুক্তি ভিত্তিতে (BOT) পোর্ট অপারেটরের মাধ্যমে পরিচালিত হচ্ছে। বেনাপোল, বুড়িমারী, আখাউড়া, ভোমরা, তামাবিল, নাকুগাঁও এবং সোনাহাট এই ৭টি স্থলবন্দর বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সরাসরি নিয়ন্ত্রণে পরিচালিত হচ্ছে। অতি শীঘ্রই ৫টি স্থলবন্দর গোবরাকুড়া-কড়ইতলী, বিলোনিয়া, রামগড়, শেওলা ও বালস্না স্থলবন্দর এর অপারেশনাল কার্যক্রম কর্তৃপক্ষের সরাসরি নিয়ন্ত্রণে পরিচালিত হবে। অবশিষ্ট ৭টি স্থলবন্দরের উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। উলেস্নখ্য যে, বাংলাদেশ, ভারত, নেপাল ও ভূটান এর মধ্যে মোটরযান চুক্তির (BBIN MVA) আওতায় অদূর ভবিষ্যতে স্থল পথে প্রতিবেশী দেশসমূহের সাথে বাণিজ্য বৃদ্ধির পাশাপাশি সরকারি রাজস্বের পরিমাণও বহুলাংশে বৃদ্ধি পাবে। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | পরিচালন রাজস্ব | ২৮৭৩৯.২৫ | ২৫০১৩.১৩ | ২৭৩৮৩.৮৬ | ২৪৬৫২.০৭ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | পরিচালন ব্যয় | ১২৩১৯.১৬ | ১০৯৭১.১০ | ১১৪০০.৯৩ | ৮৫৪২.০৯ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৩৭১১.৯৪ | ২৭৪৮.০৯ | ২১৩২.৯০ | ৩৫৫৭.৩৮ |
| ০৪. | **মোট পরিচালন ব্যয় (২+৩)** | **১৬০৩১.১০** | **১৩৭১৯.১৯** | **১৩৫৩৩.৮৩** | **১২০৯৯.৪৭** |
| ০৫. | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **১২৭০৮.১৫** | **১১২৯৩.৯৪** | **১৩৮৫০.০৩** | **১২৫৫২.৬০** |
| ০৬. | অ-পরিচালন আয় | ২৮১৫.০০ | ২৫৩৩.০০ | ৩০৩০.০০ | ২৫৮০.০০ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৮. | আয়কর | ৪২০০.০০ | ৪২০০.০০ | ৪০০০.০০ | ৩৬০০.০০ |
| ০৯. | **নিট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)** | **১১৩২৩.১৫** | **৯৬২৬.৯৪** | **১২৮৮০.০৩** | **১১৫৩২.৬০** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয়অবদান/লভ্যাংশ√ | ২২০.০০ | ২১০.০০ | ২১০.০০ | ২১০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৮৭৩০.৮৯ | ৮১৬১.৯৭ | ৮৩১৭.৫৮ | ৭৫০৭.৮১ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ১০০০.০০ | ৩০০০.০০ | ২০০০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৮০১৬.৫৫ | ৪৭২৮.৩০ | ৬০৭৯.৬০ | ৯৩১৭.০৮ |
| ১৪. | মোট সম্পদ | ১০৭৫৪৫.৩৩ | ৯৪২৯২.৪০ | ৯৯৭০২.২৩ | ৮৪৭৭৫.২১ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ১৬:৮৪ | ১৬:৮৪ | ১৭:৮৩ | ১৮:৮২ |
| ১৬. | মোট জনবল ( সংখ্যা) | ৩১৮ | ৩১৮ | ৩১৮ | ৩১৯ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার পরিচালন রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৫০১৩.১৩ লক্ষ টাকা ও ২৮৭৩৯.২৫ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৩৭১৯.১৯ লক্ষ টাকা ও ১৬০৩১.১০ লক্ষ টাকা। ফলে এ বছরদ্বয়ে ব্যয় পরবর্তী পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ১১২৯৩.৯৪ লক্ষ টাকা ও ১২৭০৮.১৫ লক্ষ টাকা এবং অপরিচালন আয় ও ব্যয় পরবর্তী কর উত্তর নিট মুনাফা দাঁড়াবে যথাক্রমে ৯৬২৬.৯৪ লক্ষ ও ১১৩২৩.১৫ লক্ষ টাকা। অপরদিকে, ২০২১-২২ অর্থবছরে সংস্থার ২৪৬৫২.০৭ লক্ষ টাকা পরিচালন রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ১২০৯৯.৪৭ লক্ষ টাকা। ফলে পরিচালন ব্যয় পরবর্তী পরিচালন মুনাফার পরিমাণ ছিল ১২৫৫২.৬০ লক্ষ টাকা এবং অপরিচালন আয় ও ব্যয় পরবর্তী নিট মুনাফার পরিমাণ ছিল ১১৫৩২.৬০ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক লভ্যাংশ হিসাবে ২১০.০০ লক্ষ টাকা ও ২২০.০০ লক্ষ টাকা লভ্যাংশ প্রদান সহ সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮১৬১.৯৭ লক্ষ টাকা এবং ৮৭৩০.৮৯ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক ২১০.০০ লক্ষ টাকা লভ্যাংশ সহ সরকারি কোষাগারে মোট অবদানের পরিমাণ ছিল ৭৫০৭.৮১ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ৮৪৭৭৫.২১ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ছিল ১৮:৮২। ২০২২-২৩ সংশোধিত ও ২০২৩-২৪ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৯৪২৯২.৪০ লক্ষ টাকা এবং ১০৭৫৪৫.৩৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত যথাক্রমে ১৬:৮৪ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৩১৯ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছেরের প্রাক্কিলত বাজেটে ৩১৮ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

# বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) একটি রাষ্ট্রীয় পরিবহন সংস্থা। সড়ক পরিবহন কর্পোরেশন অধ্যাদেশ, ১৯৬১ মোতাবেক আধুনিক সড়ক পরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে এ সংস্থাটি প্রতিষ্ঠিত হয়। সম্প্রতি বাংলাদেশ সড়ক পরিবহন আইন, ২০২০ জারি করা হয়েছে। স্বাধীনতা অর্জনের পর ক্ষতিগ্রস্থ এ প্রতিষ্ঠানটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রত্যক্ষ দিক-নির্দেশনায় পুনর্গঠিত হয়ে নতুন আঙ্গিকে যাত্রা শুরু করে। যাত্রী ও পণ্য পরিবহণ এবং দক্ষ চালক ও কারিগর তৈরিতে এ সংস্থাটি ইতিবাচক ভূমিকা পালন করে আসছে। বিআরটিসি বাস এবং ট্রাক পরিচালনার মাধ্যমে নিরাপদ ও সাশ্রয়ী মূল্যে যাত্রী ও পণ্য পরিবহন সেবা খাতে অনন্য অবদান রেখে চলেছে। পাশাপাশি প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে দক্ষ চালক ও কারিগর তৈরি করছে। ফলে দক্ষ জনশক্তি সৃজনে বিআরটিসি ভূমিকা রাখছে। বিআরটিসি'র বাজেট - সংক্ষিপ্তসার নিম্নরূপ:

## বাজেট-সংক্ষিপ্তসার

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | পরিচালন রাজস্ব | ১১১০০০.০০ | ৮০৫০০.০০ | ৫০১৮৫.৮৩ | ৪৪৮৪৮.৭১ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | পরিচালন ব্যয় | ১১৩৮৪১.৯২ | ৮৭১২৪.৯৬ | ৫৭২৭৭.৯৩ | ৫৩৯৮২.১১ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৪৪৫৩.২৮ | ৩৮৪৭.৯৬ | ৫১৪৬.৭৪ | ৩০৭৮.০৫ |
| ০৪. | **মোট ব্যয় (২+৩)** | **১১৮২৯৫.২০** | **৯০৯৭২.৯২** | **৬২৪২৪.৬৭** | **৫৭০৬০.১৬** |
| ০৫. | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **-৭২৯৫.২০** | **-১০৪৭২.৯২** | **-১২২৩৮.৮৪** | **-১২২১১.৪৫** |
| ০৬. | অ-পরিচালন আয় | ৩২৯৫.৯৭ | ৩০২০.৬১ | ২৬৭০.০২ | ২৬৬৬.৯২ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ১১৬০.৪৮ | ৯৯০.৮৭ | ৭৮৮.৫১ | ৬৪২.১৮ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৯. | **নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)** | **-৫১৫৯.৭১** | **-৮৪৪৩.১৮** | **-১০৩৫৭.৩৩** | **-১০১৮৬.৭১** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৪৩০.০০ | ৩৭৫.০০ | ৩৩০.০০ | ৩৫৬.২৬ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ১৫০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ১২০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৬১৯৫.০০ | ৩১৩৩.৯০ | ৩৪০৭.০০ | ৪৩৬.১২ |
| ১৪. | মোট সম্পদ | ৮৮৭০৫.৯৬ | ৯৭১৯৫.৪৪ | ৯০৫৪৮.৬১ | ১০৭৩৬১.৫৮ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ২৪৯:-১৪৯ | ২৩১:-১৩১ | ২৫১:-১৫১ | ২১১:-১১১ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ৩৭৩৪ | ৩৭৩৪ | ৩৪৪৬ | ৩৭৩৪ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮০৫০০.০০ লক্ষ এবং ১১১০০০.০০ লক্ষ টাকা। এর বিপরীতে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৯০৯৭২.৯২ লক্ষ এবং ১১৮২৯৫.২০ লক্ষ টাকা। ফলে পরিচালন লোকসান দাঁড়াবে যথাক্রমে ১০৪৭২.৯২ লক্ষ এবং ৭২৯৫.২০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৪৪৮৪৮.৭১ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৫৭০৬০.১৬ লক্ষ এবং পরিচালন লোকসানের পরিমাণ ছিল ১২২১১.৪৫ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ হিসাবে কোন লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি। অন্যান্য খাতে মোট অবদানের পরিমাণ যথাক্রমে ৩৭৫.০০ লক্ষ এবং ৪৩০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে ও সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদান ছিল ৩৫৬.২৬ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১০৭৩৬১.৫৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ২১১:-১১১। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৯৭১৯৫.৪৪ লক্ষ এবং ৮৮৭০৫.৯৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত দাঁড়াবে ২৩১:-১৩১ এবং ২৪৯:-১৪৯ । ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৩৭৩৪ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থার জনবলের সংখ্যা অপরিবর্তিত থাকবে অর্থাৎ ৩,৭৩৪ জন।

# বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

নদীমাতৃক বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে সুষ্ঠু, নিরাপদ, সময় সাশ্রয়ী, সুলভ ও সমন্বিত যাতায়াত ব্যবস্থা গড়ে তোলার বিকল্প নেই। এ লক্ষ্যে ১৯৮৫ সালে সৃজিত যমুনা বহুমুখী সেতু কর্তৃপক্ষের কার্যপরিধি বৃদ্ধি এবং পুনর্গঠন করে ২০০৯ সালের ৫৬ নং আইন দ্বারা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ গঠন করা হয়। ২৪ জুলাই ২০১৬ তারিখ Bangladesh Bridge Authority Ordinance, ১৯৮৫ রহিতক্রমে 'বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ আইন, ২০১৬' (২০১৬ সনের ৩৪ নং আইন) জাতীয় সংসদে পাস হয়, যা ০১ আগস্ট ২০১৬ তারিখ বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। এ কর্তৃপক্ষের মূল কাজ হলো ১৫০০ মিটার ও তদূর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, টানেল ও এলিভেটেড এক্সপ্রেসওয়ে এবং ফ্লাইওভার কজওয়ে, সাবওয়ে, লিংক রোড ইত্যাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণ। সেতু বিভাগের সচিব পদাধিকারবলে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালকের দায়িত্ব পালন করেন। এ কর্তৃপক্ষের আওতায় নির্মিত বঙ্গবন্ধু সেতু, মুক্তারপুর সেতু এবং পদ্মা বহুমুখী সেতু জাতীয় জিডিপি বৃদ্ধি এবং দারিদ্র নিরসনের মাধ্যমে দেশের আর্থ সামাজিক উন্নয়নে মাইল ফলক হিসেবে কাজ করে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ-এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

## বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | আয় | | | | |
| ০১. | ইউনিট সমূহ হ'তে লেভি সংগ্রহ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ১০৪.২০ | ১০৪.৭০ | ৮৫.২০ | ১০৭.০৫ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য সুদ ও ভাড়া | ১১৬৬৩৭.৯৬ | ১১৫৮১৬.৩৯ | ৮৯৫২২.২৫ | ৮৬১০১.৯৮ |
| ০৫. | অন্যান্য | ৪৫.০০ | ৫৮.০০ | ৪৫.০০ | ১১৪.৮১ |
| **০৬.** | **মোট আয় (১+. . .+৫)** | **১১৬৭৮৭.১৬** | **১১৫৯৭৯.০৯** | **৮৯৬৫২.৪৫** | **৮৬৩২৩.৮৪** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ১,০৭৭.৭৮ | ১০৭০.২১ | ১,০৫৯.১৩ | ৯৩৩.০৫ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ২৫৬.৪০ | ২৩৩.১১ | ৩১৮.২০ | ২৯৪.৯৩ |
| ০৯. | অন্যান্য | ৭১৪১০.০২ | ৭৯২১৫.৯৩ | ২৮১৭৬.৬৯ | ২৭৮৯৭.৫৮ |
| **১০.** | **মোট ব্যয় (৭+. . .+৯)** | **৭২৭৪৪.২০** | **৮০৫১৯.২৫** | **২৯৫৫৪.০২** | **২৯১২৫.৫৬** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি): (৬-১০)** | **৪৪০৪২.৯৬** | **৩৫৪৫৯.৮৪** | **৬০০৯৮.৪৩** | **৫৭১৯৮.২৮** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান✓/লভ্যাংশ | ১০০০.০০ | ১০০০.০০ | ১০০০.০০ | ১০০০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১১৫৬৮৪.১৩ | ১১৯৩৭৫.৮৯ | ৪৮৮০৭.৯৫ | ৪৫৩২৩.৯৭ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি.এস.এল.সহ) | ৪০৭২৮.২২ | ৪৪২৬৭.৩০ | ১২৮৯০.৯৪ | ১২৮৯০.৯৩ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ২১৭৭৬.৭০ | ৯০১৩.০০ | ১৮০১১.০০ | ৩১৭০৬.৪৯ |
| ১৬. | মোট সম্পদ | ৫২৯৩৮৭.৭৬ | ৪৮৭৫৪৭.৪৯ | ৫০০৯০৮.৫৪ | ৪৬২০৬৩.৩৯ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ১৩:৮৭ | ১৫:৮৫ | ৭:৯৩ | ১৮:৮২ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ১৮৬ | ১৮৬ | ১৫৫ | ১৫৪ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১১৫৯৭৯.০৯ লক্ষ এবং ১১৬৭৮৭.১৬ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮০৫১৯.২৫ লক্ষ এবং ৭২৭৪৪.২০ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ৩৫৪৫৯.৮৪ লক্ষ এবং ৪৪০৪২.৯৬ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৮৬৩২৩.৮৪ লক্ষ টাকার আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২৯১২৫.৫৬ লক্ষ টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ৫৭১৯৮.২৮ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ১০০০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছের সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ প্রদানের পরিমাণ ছিল ১০০০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৪৬২০৬৩.৩৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ১৮:৮২। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৪৮৭৫৪৭.৪৯ লক্ষ এবং ৫২৯৩৮৭.৭৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ১৫:৮৫ এবং ১৩:৮৭। ২০২১-২২ অর্থবছরে সংস্থার কর্মরত জনবলের সংখ্যা ছিল ১৫৪ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থার জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে ১৮৬ জন।

# বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) The Bangladesh Petroleum Corporation Ordinance, ১৯৭৬ এর মাধ্যমে গঠিত একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। বিপিসি সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে তেলজাত দ্রব্যাদি সমগ্র বাংলাদেশে সরবরাহ করে থাকে। সংস্থার নিয়ন্ত্রণাধীন ৭টি প্রতিষ্ঠান হচ্ছে: ১. ইস্টার্ন রিফাইনারি লিমিটেড; ২. পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড; ৩. মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড; ৪. যমুনা অয়েল কোম্পানি লিমিটেড; ৫. স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানি লিমিটেড; ৬. ইস্টার্ন লুব্রিক্যান্ট ব্লেন্ডার্স লিমিটেড ও ৭. এল পি গ্যাস লিমিটেড। বিপিসি শোধিত ও অশোধিত তেলজাত পদার্থ আমদানি করে উপরোল্লিখিত কোম্পানিসমূহের মাধ্যমে শোধন ও বাজারজাত করে থাকে। আমদানিকৃত অশোধিত তেলজাত পদার্থের পাশাপাশি সংস্থাটি সিলেটের হরিপুর তেল ক্ষেত্রের উত্তোলিত তেল ও বিভিন্ন গ্যাস ফিল্ড হতে প্রাপ্ত কনডেন্সড গ্যাসও পরিশোধন করে থাকে। বিপিসি'র প্রধান কার্যালয়ের বাজেটের সংক্ষিপ্তসার নিম্নরূপ:

## বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ১০২৮০৫৫২.৯১ | ৭৯৪৫৫৫০.৩২ | ৬৩০৫৫৯৬.৯৯ | ৫৩৫৭৫৫৬.৮ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ১১২০৭৯১০.১৭ | ৮৭০৩৪৩২.৫১ | ৬৬৮১৯৯২.৩৫ | ৫৭০১২৮৩.৯৯ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ১৮৬৯০.৪০ | ৪৩৮০.৬৮ |
| **০৪.** | **মোট পরিচালন ব্যয় (২+৩)** | **১১২০৭৯১০.১৭** | **৮৭০৩৪৩২.৫১** | **৬৭০০৬৮২.৭৫** | **৫৭০৫৬৬৪.৬৭** |
| **০৫.** | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **(৯২৭৩৫৭.২৬)** | **(৭৫৭৮৮২.১৯)** | **(৩৯৫০৮৫.৭৬)** | (৩৪৮১০৭.৭৯) |
| ০৬. | অ-পরিচালন আয় | ১১২৮১৭.০০ | ১২৭৮১২.০০ | ১১৬১৩১.৭২ | ১৮২৬৪৫.৩১ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ১২৫০০০.০০ | ১২০০০০.০০ | ১৯০০০.০০ | ৫৬৭৫৯.৯২ |
| ০৮. | আয়কর | ৬২৩৬০.২২ | ৪৮৪৪০.১৭ | ৩৮৫৩০.৩৭ | ৪৮৩৪২.১০ |
| **০৯.** | **নিট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)** | **(১০০১৯০০.৪৮)** | **(৭৯৮৫১০.৩৬)** | **(৩৩৬৪৮৪.৪১)** | **(২৭০৫৬৪.৫০)** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ১০০০০.০০ | ২০০০০.০০ | ২০০০০.০০ | ১০০০০০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১৪২৬৩০৮.৩৩ | ১১৮৬৭২৫.৮৩ | ৯২৫১৩৯.১৮ | ১৫৭৯৮১৯.২৭ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ১৪০০০০০.০০ | ১৫২৭৪৩০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৩৯২৩৯১.০০ | ২০৫২১০.০০ | ৫৯০৩৯৫.৫৬ | ১০১২৬৫.৫০ |
| ১৪. | মোট সম্পদ | ৮৫৪৭৭৮৩.৭২ | ৭৬৯৪৯১১.৮২ | ৮৩২৪১০২.৮৪ | ৭০৭০১৬৪.৬৪ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত ( Debt Equity | ৯৪:৬ | ৮০:২০ | ৭৫:২৫ | ৬৭:৩৩ |
| ১৬. | মোট জনবল ( সংখ্যা) | ১৭৮ | ১৩৬ | ১৭৮ | ১২৪ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার বিক্রয় রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৭৯৪৫৫৫০.৩২ লক্ষ টাকা ও ১০২৮০৫৫২.৯১ লক্ষ টাকা এবং এর বিপরীতে পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮৭০৩৪৩২.৫১ লক্ষ টাকা ও ১১২০৭৯১০.১৭ লক্ষ টাকা। ফলে এ বছরদ্বয়ে ব্যয় পরবর্তী পরিচালন লোকসান হবে যথাক্রমে ৭৫৭৮৮২.১৯ লক্ষ টাকা ও ৯২৭৩৫৭.২৬ লক্ষ টাকা। অপরদিকে, ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৫৩৫৭৫৫৬.৮৮ লক্ষ টাকা বিক্রয় রাজস্বের বিপরীতে পরিচালন ব্যয়ের পরিমাণ ছিল ৫৭০৫৬৬৪.৬৭ লক্ষ টাকা এবং পরিচালন ব্যয় পরবর্তী পরিচালন লোকসানের পরিমাণ ছিল ৩৪৮১০৭.৭৯ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার যথাক্রমে ৭৯৮৫১০.৩৬ লক্ষ টাকা ও ১০০১৯০০.৪৮ লক্ষ টাকা নিট লোকসান হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে সংস্থার নিট লোকসানের পরিমাণ ছিল ২৭০৫৬৪.৫০ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১১৮৬৭২৫.৮৩ লক্ষ টাকা ও ১৪২৬৩০৮.৩৩ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ১৫৭৯৮১৯.২৭ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৭০৭০১৬৪.৬৪ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ( Debt Equity Ratio) ছিল ৬৭:৩৩। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৭৬৯৪৯১১.৮২ লক্ষ টাকা এবং ৮৫৪৭৭৮৩.৭২ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত যথাক্রমে ৮০:২০ ও ৯৪:৬ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ১২৪ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছেরর প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ১৩৬ জনে এবং ১৭৮ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

## বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
## ইউনিটসমূহ

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) নিয়ন্ত্রণাধীন ৭টি প্রতিষ্ঠান হচ্ছে: ১. ইস্টার্ন রিফাইনারি লিমিটেড; ২. পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড; ৩. মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড; ৪. যমুনা অয়েল কোম্পানি লিমিটেড; ৫. স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানি লিমিটেড; ৬. ইস্টার্ন লুব্রিক্যান্ট ব্লেন্ডার্স লিমিটেড ও ৭. এল পি গ্যাস লিমিটেড।

বিপিসি শোধিত ও অশোধিত তেলজাত পদার্থ আমদানি করে উপরোল্লিখিত কোম্পানিসমূহের মাধ্যমে শোধন ও বাজারজাত করে থাকে। আমদানিকৃত অশোধিত তেলজাতের পাশাপাশি বিপিসি সিলেটের হরিপুর তেল ক্ষেত্রের উত্তোলিত তেল ও বিভিন্ন গ্যাস ফিল্ড হতে প্রাপ্ত কনডেন্সড গ্যাসও পরিশোধন করে থাকে। সংস্থার বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ৯৮৮২৬৩৭.৩৯ | ৯৫৩৬২৮৪.৭৬ | ৬৫১১১৭৩.৭৩ | ৬১৪৪৬৫২.৮০ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ৯৭৯৯৭১৯.৭৩ | ৯৪৫৪৭০০.৩২ | ৬৪২৯৩৬৩.৫৯ | ৬০৭০৩৫০.২৭ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৬৩৫৪৫.৪২ | ৬১৬৫৭.৬৪ | ৬২০০৩.০১ | ৫৩৫৫০.৬২ |
| **০৪.** | **মোট পরিচালন ব্যয় (২+৩)** | **৯৮৬৩২৬৫.১৫** | **৯৫১৬৩৫৭.৯৬** | **৬৪৯১৩৬৬.৬০** | **৬১২৩৯০০.৮৯** |
| **০৫.** | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **১৯৩৭২.২৪** | **১৯৯২৬.৮০** | **১৯৮০৭.১৩** | **২০৭৫১.৯১** |
| ০৬. | অ-পরিচালন আয় | ১১২১৮৭.৭১ | ১০৯৭২৫.৯৬ | ৮৪০২১.২৪ | ৮৪০৮২.৩৪ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ১৩৮৭০.৯১ | ১৩৫১৪.৮৩ | ১১৮২৯.২৪ | ১১৬৫২.২৫ |
| ০৮. | আয়কর | ২৭১২১.৬৮ | ২৬৩৯৭.৯৪ | ২৩০৯৯.৯৬ | ২০৯৫৭.১৭ |
| **০৯.** | **নিট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)** | **৯০৫৬৭.৩৬** | **৮৯৭৩৯.৯৯** | **৬৮৮৯৯.১৭** | **৭২২২৪.৮৩** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয়অবদান/লভ্যাংশ | ৪১০৬৪.৯৯ | ৪০৭৬৬.৮৮ | ৩৮৯৯৩.২৪ | ২৬১৮১.৪১ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৯২৯৮৮.২২ | ৯১২৩৫.৬১ | ৭৮৮৬০.০৬ | ৭২৭০০.৪৫ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৭৮৪৮১.৬০ | ২৯৭৪৪.৬০ | ৭৬৫২৩.৫০ | ৯৪২৬.৫১ |
| ১৪. | মোট সম্পদ | ৩৩৮২৯৪৬.৬৬ | ৩০৪১৩১৮.৪২ | ২৭৬৭৩৪৫.২৫ | ২৭৭২৬৭৬.৬৯ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত ( Debt Equity | ৭৮:২২ | ৭৮:২২ | ৭৭:২৩ | ৭৭:২৩ |
| ১৬. | মোট জনবল ( সংখ্যা) | ৩০০৮ | ২৯২৩ | ৩০৯০ | ২৭৫৪ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার প্রতিষ্ঠানসমূহের বিক্রয় রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৯৫৩৬২৮৪.৭৬ লক্ষ টাকা ও ৯৮৮২৬৩৭.৩৯ লক্ষ টাকা এবং এর বিপরীতে পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৯৫১৬৩৫৭.৯৬ লক্ষ টাকা ও ৯৮৬৩২৬৫.১৫ লক্ষ টাকা। ফলে এ বছরদ্বয়ে ব্যয় পরবর্তী পরিচালন মুনাফা হবে ১৯৯২৬.৮০ লক্ষ টাকা ও ১৯৩৭২.২৪ লক্ষ টাকা। অপরদিকে, ২০২১-২২ অর্থবছরে ৬১৪৪৬৫২.৮০ লক্ষ টাকা বিক্রয় রাজস্বের বিপরীতে পরিচালন ব্যয়ের পরিমাণ ছিল ৬১২৩৯০০.৮৯ লক্ষ টাকা এবং পরিচালন ব্যয় পরবর্তী পরিচালন মুনাফার পরিমাণ ছিল ২০৭৫১.৯১ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার যথাক্রমে ৮৯৭৩৯.৯৯ লক্ষ টাকা ও ৯০৫৬৭.৩৬ লক্ষ টাকা নিট মুনাফা হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে সংস্থার নিট মুনাফার পরিমাণ ছিল ৭২২২৪.৮৩ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪০৭৬৬.৮৮ লক্ষ টাকা ও ৪১০৬৪.৯৯ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ২৬১৮১.৪১ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী মোট সম্পদের পরিমাণ ছিল ২৭৭২৬৭৬.৬৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ছিল ৭৭:২৩। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৩০৪১৩১৮.৪২ লক্ষ টাকা এবং ৩৩৮২৯৪৬.৬৬ লক্ষ টাকা ও ঋণ মূলধনের অনুপাত ৭৮:২২ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ২৭৫৪ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ২৯২৩ জনে এবং ৩০০৮ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

## বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত)

১৯৮৩ সালে স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান পুনর্গঠন কমিটির সুপারিশ অনুযায়ী ১৯৮৫ সালে ৩০নং অধ্যাদেশ বলে ৫ টি সংস্থা যথা: (১) বাংলাদেশ জুট মার্কেটিং করপোরেশন, (২) বাংলাদেশ জুট ট্রেডিং করপোরেশন, (৩) বাংলাদেশ জুট এক্সপোর্ট করপোরেশন, (৪) এপিসি (রেলি) এবং (৫) বিশেষ সম্পত্তি (পাট) সেলকে একত্রিত করে 'বাংলাদেশ জুট করপোরেশন (বিজেসি)' গঠন করা হয়। এ কর্পোরেশনের মূখ্য উদ্দেশ্য ছিল পাট চাষীদের উৎপাদিত পাটের ন্যায্য মূল্য নিশ্চিত করা, চোরাচালান রোধকল্পে সীমান্তবর্তী এলাকায় পাট ক্রয় ও গুদামজাতকরণ, পাটের বাজার মূল্য স্থিতিশীল রাখা এবং বিদেশে পাট রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করা। সরকারের বিরাষ্ট্রীয়করণ নীতিমালার আলোকে বিগত ১২.১০.১৯৯৩ তারিখে এ করপোরেশনের যাবতীয় কার্যক্রম বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে সংস্থার যাবতীয় সম্পত্তি দেখাশোনা, রক্ষণাবেক্ষণ ও বিক্রয় করার জন্য শুধুমাত্র ২৪৪ জনবলের একটি বিলুপ্ত সেল গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।বিজেসি'র বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৪৭৫.৬১ | ৪৪২.৫৯ | ৪৪১.১৭ | ২৪৪.৮৩ |
| ০৪. | **মোট ব্যয় (২+৩)** | **৪৭৫.৬১** | **৪৪২.৫৯** | **৪৪১.১৭** | **২৪৪.৮৩** |
| ০৫. | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **-৪৭৫.৬১** | **-৪৪২.৫৯** | **-৪৪১.১৭** | **-২৪৪.৮৩** |
| ০৬. | অ-পরিচালন আয় | ৫৩৯.০০ | ৫২৫.০০ | ৬০০.০০ | ৪৩৭.৭২ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৯. | **নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)** | **৬৩.৩৯** | **৮২.৪১** | **১৫৮.৮৩** | **১৯২.৮৯** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ২.০০ | ২.০০ | ২১৭.০০ | ০.০০ |
| ১৪. | মোট সম্পদ | ১০,০২৯.১৯ | ৯১৩১.০৯ | ১০,২১০.২৩ | ৮৩১৪.৭৫ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৬০:৪০ | ৫৭:৪৩ | ৫৯:৪১ | ৫৩:৪৭ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ৫৬ | ৫৬ | ৬২ | ৬২ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট অপরিচালন আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫২৫.০০ লক্ষ এবং ৫৩৯.০০ লক্ষ টাকা। এর বিপরীতে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৪২.৫৯ লক্ষ এবং ৪৭৫.৬১ লক্ষ টাকা। বাংলাদেশ পাট কর্পোরেশন (বিলুপ্ত) এর কোন বিক্রয় রাজস্ব না থাকায় পরিচালন লোকসান দাঁড়াবে যথাক্রমে ৪৪২.৫৯ লক্ষ এবং ৪৭৫.৬১ লক্ষ টাকা। অ-পরিচালন আয় এবং ব্যাংকে জমাকৃত অর্থের সুদ যোগ করার ফলে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার নিট মুনাফা হবে যথাক্রমে ৮২.৪১ লক্ষ টাকা এবং ৬৩.৩৯ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৪৩৭.৭২ লক্ষ টাকা অ-পরিচালন আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২৪৪.৮৩ লক্ষ টাকা। ফলে নিট মুনাফার পরিমাণ ছিল ১৯২.৮৯ লক্ষ টাকা।

২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৮৩১৪.৭৫ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৫৩:৪৭। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৯১৩১.০৯ লক্ষ টাকা এবং ১০,০২৯.১৯ লক্ষ টাকা এবং উক্ত সময়ে ঋণ মূলধন অনুপাত হবে যথাক্রমে ৫৭:৪৩ এবং ৬০:৪০। ২০২১-২২ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৬২ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে ৫৬ জন।

# ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

স্বাধীনতা উত্তরকালে বিপর্যস্ত অর্থনীতি, বিচ্ছিন্ন যোগাযোগ ব্যবস্থা, অবিন্যস্ত বন্দর ইত্যাদির প্রেক্ষাপটে পর্যাপ্ত নিত্যপ্রয়োজনীয় ভোগ্য পণ্য ও শিল্পের কাঁচামাল জরুরি ভিত্তিতে যোগান দেয়ার পাশাপাশি ন্যায্য মূল্যে ভোগ্য পণ্য সরবরাহ নিশ্চিত করার প্রয়োজন দেখা দেয়। এ পরিপ্রেক্ষিতে রাষ্ট্রপতির আদেশ নম্বর-৬৮/১৯৭২ এর মাধ্যমে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) ১ জানুয়ারি ১৯৭২ সনে প্রতিষ্ঠিত হয়। টিসিবি'র বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

## বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয়/পরিচালন রাজস্ব | ৫৪২৯৯২.৫০ | ৫৪৮৯২০.০৫ | ১৫৬৪৫৬.৫০ | ১৩৯৮১২.৬৩ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | ক্রয়/পরিচালন ব্যয় | ১১৯০১১৬.২৪ | ১১০১৮১৮.২৫ | ২৭৮৯৩৮.০৫ | ২২৪৪৯১.৮৪ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৬৫০১.৫০ | ৬৩০৩.৫০ | ৬৪০৪.০৫ | ৪৭৫৮.৯৭ |
| ০৪. | মোট ব্যয় (২+৩) | ১১৯৬৬১৭.৭৪ | ১১০৮১২১.৭৫ | ২৮৫৩৪২.১০ | ২২৯২৫০.৮১ |
| **০৫.** | **পরিচালন মুনাফা/(লোকসান)(১-৪)** | **-৬৫৩৬২৫.২৪** | **-৫৫৯২০১.৭০** | **-১২৮৮৮৫.৬০** | **-৮৯৪৩৮.১৮** |
| ০৬. | অ-পরিচালন আয় | ৩৭২৭.৫০ | ৩৭২৭.৫০ | ৩৩৮৬.০০ | ৪৯৬১.৯১ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৮. | আয়কর | ৮০০.০০ | ৮০০.০০ | ৭০০.০০ | ৯৪৭.৭০ |
| **০৯.** | **নিট মুনাফা/(লোকসান)(৫+৬-৭-৮)** | **-৬৫০৬৯৭.৭৪** | **-৫৫৬২৭৪.২০** | **-১২৬১৯৯.৬০** | **-৮৫৪২৩.৯৭** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ২০৮৫.৭২ | ২০৭৫.৭২ | ২০৮৫.৭২ | ১০৩৩.২৫ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি.এস.এল.সহ) | ২৫০২২৯.৬৮ | ২৪৬৯৭০.৯১ | ২৫০২২৯.৬৮ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৬৮১১.০০ | ২৫৩১.০২ | ৭৪৪১.০০ | ৬০.৩১ |
| ১৪. | মোট সম্পদ | ৫৭৯৫৯.৪৯ | ৪৭৩০২.৫২ | ৫৫৫২১.১৪ | ৪১২৬১.৫৩ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt-Equity Ratio) | ২৩৭৬:-২২৭৬ | ১৫১৩:-১৪১৩ | ৫৮৪:-৪৮৪ | ৩৭২:-২৭২ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ২৫৭ | ২৬১ | ২৫৩ | ২৩২ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫৪৮৯২০.০৫ লক্ষ এবং ৫৪২৯৯২.৫০ লক্ষ টাকা। এর বিপরীতে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১১০৮১২১.৭৫ লক্ষ এবং ১১৯৬৬১৭.৭৪ লক্ষ টাকা। ফলে পরিচালন লোকসান দাঁড়াবে যথাক্রমে ৫৫৯২০১.৭০ লক্ষ এবং ৬৫৩৬২৫.২৪ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ১৩৯৮১২.৬৩ লক্ষ টাকার আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২২৯২৫০.৮১ লক্ষ এবং পরিচালন লোকসানের পরিমাণ ছিল ৮৯৪৩৮.১৮ লক্ষ টাকা। অ-পরিচালন আয় অর্থাৎ ভর্তুকি, ব্যাংকে জমাকৃত অর্থের সুদ যোগ করার ফলে এবং অ-পরিচালন ব্যয় এবং আয়কর পরিশোধের পর ২০২১-২২ অর্থবছরে সংস্থার কর উত্তর ঘাটতি পরিমাণ ছিল ৮৫৪২৩.৯৭ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ হিসাবে কোন লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২০৭৫.৭২ লক্ষ এবং ২০৮৫.৭২ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছের সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের পরিমাণ ছিল ১০৩৩.২৫ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৪১২৬১.৫৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৩৭২:-২৭২। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৪৭৩০২.৫২ লক্ষ এবং ৫৭৯৫৯.৪৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ১৫১৩:-১৪১৩ এবং ২৩৭৬:-২২৭৬। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ২৩২ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থায় জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ২৬১ ও ২৫৭ জন।

## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষকদের নিকট কৃষি উপকরণের সহজ প্রাপ্যতা নিশ্চিতকল্পে এবং দেশের সেচ এলাকা সম্প্রসারণের কাজ ত্বরান্বিত করার জন্য তদানীন্তন পাকিস্তান সরকার ১৯৫৯ সালের ১৬ জুলাই "খাদ্য ও কৃষি কমিশন" গঠন করে। এ কমিশন দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য চাহিদা পূরণের লক্ষ্যে কৃষি উৎপাদন বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন এবং কৃষি উপকরণ কৃষকদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে 'কৃষি উন্নয়ন কর্পোরেশন' প্রতিষ্ঠার প্রস্তাব করে। এর পরিপ্রেক্ষিতে ১৯৬১ সালের ১৬ অক্টোবর 'দি এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন অর্ডিন্যান্স, ১৯৬১ এর মাধ্যমে 'ইস্ট পাকিস্তান এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন (ইপিএডিসি)' প্রতিষ্ঠা লাভ করে, যা বর্তমানে 'বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)' নামে পরিচিত। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন বর্তমানে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন আইন, ২০১৮ দ্বারা পরিচালিত হচ্ছে। বিএডিসি'র বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হ'তে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ৫০০০০.০০ | ৪৮৮৭২.০০ | ৪৮৮৬০.০০ | ৪৫৬৩০.৭৫ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ৫৪০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ৫৪৫.০০ | ৪১৫.০০ | ৬৬২.৪৩ | ২৭৪.১৭ |
| ০৫. | অন্যান্য | ৩০৪৪.২০ | ১৮৩৫.২০ | ১৩৯৬.৯৮ | ১৩৬৬.৫৮ |
| ০৬. | **মোট আয় (১+...+৫)** | **৫৪১২৯.২০** | **৫১১২২.২০** | **৫০৯১৯.৪১** | **৪৭২৭১.৫০** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ২০৪৫০.০০ | ২০৬৪১.০০ | ২১৩৪০.৫০ | ১৯৭৯১.৪৪ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৫৪৯০.০০ | ৬৪১০.০০ | ৫৪০০.০০ | ৭৪৩০.২৫ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ২৪৮৭৫.২০ | ২০৩৫৯.২০ | ২২৮৮৫.৯৬ | ১৮৭১৯.১২ |
| ১০. | **মোট ব্যয় ( ৭+...+৯)** | **৫০৮১৫.২০** | **৪৭৪১০.২০** | **৪৯৬২৬.৪৬** | **৪৫৯৪০.৮১** |
| ১১. | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি) (৬ - ১০)** | **৩৩১৪.০০** | **৩৭১২.০০** | **১২৯২.৯৫** | **১৩৩০.৬৯** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ১৯৫.০৪ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৩০৮২.০০ | ২২৮৭.৪৬ | ২৮৯১.০০ | ৩৯০.৪০ |
| ১৬. | মোট সম্পদ | ১৫৯৩৭.৬২ | ১২৬২৩.৬২ | ১১৩৭১.৫২ | ৮৯১১.৬২ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৩:৯৭ | ৪:৯৬ | ১২:৮৮ | ৫:৯৫ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ৩৭০৫ | ৩৫৯২ | ৩৭৬৪ | ৩৪৬৪ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫১১২২.২০ লক্ষ এবং ৫৪১২৯.২০ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৭৪১০.২০ লক্ষ এবং ৫০৮১৫.২০ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ৩৭১২.০০ লক্ষ এবং ৩৩১৪.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৪৭২৭১.৫০ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৪৫৯৪০.৮১ লক্ষ টাকা। ফলে উদ্বৃত্ত অর্থের পরিমাণ ছিল ১৩৩০.৬৯ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/ লভ্যাংশ প্রদানের কোন লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান ছিল ১৯৫.০৪ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরেসংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৮৯১১.৬২ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৫:৯৫। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১২৬২৩.৬২ লক্ষ এবং ১৫৯৩৭.৬২ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ৪:৯৬ এবং ৩:৯৭। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৩,৪৬৪ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৩,৫৯২ জন ও ৩,৭০৫ জন। উল্লেখ্য, সরকারি অনুদান বাবদ প্রাপ্ত অর্থ কর্পোরেশনের সর্বশেষ ১২.০৩.২০২৩খ্রি.তারিখের হিসাব বিবরণী অনুযায়ী দেখানো হয়েছে।

# বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
## প্রধান কার্যালয়

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন (বামউক) ১৯৬৪ সনে তদানীন্তন পূর্ব পাকিস্তান অর্ডিন্যান্স নং ৪ বলে ইস্ট পাকিস্তান ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশন নামে প্রতিষ্ঠিত হয়। স্বাধীনতা পরবর্তীকালে ১৯৭৩ সনে এ্যাক্ট নং ২২ দ্বারা "বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন" নামকরণ করা হয়। প্রতিষ্ঠলগ্ন হতেই অত্র কর্পোরেশন বাংলাদেশে মৎস্য ও মৎস্য শিল্পের উন্নয়ন, আধুনিক ট্রলারের মাধ্যমে গভীর সমুদ্র হতে মৎস্য আহরণ, স্বাস্থ্যসম্মত উপায়ে আহরিত মৎস্যের অবতরণ, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণসহ মৎস্য রপ্তানিকারকদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করে আসছে। বামউক সরকারি মালিকানাধীন সেবাধর্মী স্বায়ত্তশাসিত বাণিজ্যিক প্রতিষ্ঠান, যার প্রধান কার্যালয় সহ ২০টি ইউনিট সম্পূর্ণরূপে দেশের মৎস্য সম্পদ ও মৎস্য শিল্পের উন্নয়নে নিবেদিত। এ কর্পোরেশন FAO এর সহযোগিতায় ১৯৬৬-৭২ সনে বঙ্গোপসাগরে সাউথ প্যাসেজ, এলিফ্যান্ট পয়েন্ট, ইষ্ট অব সোয়াচ অব নো গ্রাউন্ড ও সোয়াচ অব নো গ্রাউন্ড নামক ৪টি বাণিজ্যিক মৎস্য আহরণ ক্ষেত্র আবিষ্কার করে। কর্পোরেশন কাপ্তাই লেকে মিঠা পানির মাছ উৎপাদন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করে আসছে। কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে কাওরান বাজারস্থ ২৩-২৪ নং প্লটে বামউক প্রধান কার্যালয়ের ১৫ তলা ভিত সহ ৬ষ্ঠ তলা পর্যন্ত নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। বামউক'র প্রধান কার্যালয়ের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ৯৯৭.১০ | ৯৯২.২৪ | ৯৭৫.৮২ | ৫৭৪.৩০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | প্রাপ্য ভাড়া ও সুদ | ২৬৮.৫০ | ২৪৮.৫০ | ২১০.৫০ | ২৪৯.৮৮ |
| ০৫. | অন্যান্য | ৫০৮.৫০ | ৪৮৭.১০ | ৭৪৯.০০ | ৪২০.৫৩ |
| **০৬.** | **মোট আয় (১+...+৫)** | **১৭৭৪.১০** | **১৭২৭.৮৪** | **১৯৩৫.৩২** | **১২৪৪.৭১** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ৪৪২.৪০ | ৪২৯.৮৬ | ৪৭৩.৯৮ | ৩৯৪.৭৫ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৫৫৮.০০ | ৫৫৮.০০ | ৫৪৪.০০ | ৩৮৯.০৬ |
| ০৯. | অন্যান্য | ৪৪০.১০ | ৪২২.১০ | ৪১৯.৭০ | ২৭১.৪৩ |
| **১০.** | **মোট ব্যয় ( ৭+...+৯)** | **১৪৪০.৫০** | **১৪০৯.৯৬** | **১৪৩৭.৬৮** | **১০৫৫.২৪** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি): (৬-১০)** | **৩৩৩.৬০** | **৩১৭.৮৮** | **৪৯৭.৬৪** | **১৮৯.৪৭** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/√লভ্যাংশ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ | ৫.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১৭৪.৫৫ | ১৬৪.৯০ | ১৫১.৬৭ | ১১০.৫৮ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৪২২.০০ | ৭১.৫০ | ১১৫০.০০ | ৭৮.৫৪ |
| ১৬. | মোট সম্পদ | ৫৯৫১৬.১৬ | ৫৮৫৯২.৫৬ | ৫৬২৩৭.১৯ | ৫৭৪৭২.৬৮ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ১০৩:-৩ | ১০৩:-৩ | ১০৩:-৩ | ১০৪:-৪ |
| ১৮. | মোট জনবল ( সংখ্যা) | ১৩০ | ১৩০ | ১১২ | ১১২ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৭২৭.৮৪ লক্ষ টাকা ও ১৭৭৪.১০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৪০৯.৯৬ লক্ষ টাকা ও ১৪৪০.৫০ লক্ষ টাকা। ফলে এ বছরদ্বয়ে ব্যয় পরবর্তী আয় দাঁড়াবে যথাক্রমে ৩১৭.৮৮ লক্ষ টাকা এবং ৩৩৩.৬০ লক্ষ টাকা। অপরদিকে, ২০২১-২২ অর্থবছরে সংস্থার ১২৪৪.৭১ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ১০৫৫.২৪ লক্ষ টাকা এবং ব্যয় পরবর্তী আয়ের পরিমাণ ছিল ১৮৯.৪৭ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক লভ্যাংশ হিসাবে ১০.০০ লক্ষ টাকাসহ সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৬৪.৯০ লক্ষ টাকা ও ১৭৪.৫৫ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক লভ্যাংশ হিসাবে ৫.০০ লক্ষ টাকাসহ সরকারি কোষাগারে মোট অবদানের পরিমাণ ছিল ১১০.৫৮ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৫৭৪৭২.৬৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল (Debt Equity Ratio) ১০৪:-৪। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৫৮৫৯২.৫৬ লক্ষ টাকা এবং ৫৯৫১৬.১৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত ১০৩:-৩ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। অপরদিকে, ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ১১২ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ১৩০ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

## বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
## ইউনিট সমূহ

সংস্থার অধীনে ২০টি ইউনিট পরিচালিত হচ্ছে। ইউনিটগুলি দেশের গ্রাম ও উপজেলা পর্যায়ে মৎস্য সম্পদ উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করছে। বামউক'র ইউনিটসমূহের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ৭১৭৮.২০ | ৬৮৮১.৫৩ | ৬৯০৩.৫৮ | ৩৭৩৭.৯৮ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ৩২৭৪.৬০ | ৩১৫২.৫৯ | ২৯০১.০৩ | ১৮৩১.১১ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ১৪৫৯.০৫ | ১৩৮০.৭১ | ১৩০১.৯৭ | ১০২৮.৮২ |
| ০৪. | **মোট ব্যয় (২+৩)** | **৪৭৩৩.৬৫** | **৪৫৩৩.৩০** | **৪২০৩.০০** | **২৮৫৯.৯৩** |
| ০৫. | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **২৪৪৪.৫৫** | **২৩৪৮.২৩** | **২৭০০.৫৮** | **৮৭৮.০৫** |
| ০৬. | অ-পরিচালন আয় | ৩১৬.১০ | ৩১৩.৩৬ | ৩৪০.৯৫ | ৩২৬.২৮ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ১২৩২.৬২ | ১২২৫.৭৬ | ১২০৫.৩৯ | ৮০৩.০১ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৯. | **নিট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)** | **১৫২৮.০৩** | **১৪৩৫.৮৩** | **১৮৩৬.১৪** | **৪০১.৩২** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয়অবদান/লভ্যাংশ | ১০.০০ | ১০.০০ | ০.০০ | ৫.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১৭৪.৫৫ | ১৬৮.৯০ | ১৫১.৬৭ | ১১০.৫৮ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ৬.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৮৫২.৮৬ | ৩৫৩.১৫ | ৮৯৫.৮২ | ৩০৮.৯৯ |
| ১৪. | মোট সম্পদ | ৭৬৫৩৭.৯৭ | ৭১৪৭১.৫৫ | ৭১০৭৪.১৪ | ৬৭০৪০.৭৬ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt EquityRatio) | ৬৪:৩৬ | ৬৩:৩৭ | ৬৩:৩৭ | ৬৩:৩৭ |
| ১৬. | মোট জনবল ( সংখ্যা) | ৪০৬ | ৪০০ | ৩৮১ | ৩৭৩ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহের মোট বিক্রয় রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৬৮৮১.৫৩ লক্ষ টাকা ও ৭১৭৮.২০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৫৩৩.৩০ লক্ষ টাকা ও ৪৭৩৩.৬৫ লক্ষ টাকা। ফলে এ বছরদ্বয়ে ব্যয় পরবর্তী পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ২৩৪৮.২৩ লক্ষ টাকা ও ২৪৪৪.৫৫ লক্ষ টাকা। অপরদিকে, ২০২১-২২ অর্থবছরে সংস্থার ইউনিটসমূহের ৩৭৩৭.৯৮ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২৮৫৯.৯৩ লক্ষ টাকা। ফলে এবছর ইউনিটসমূহের পরিচালন মুনাফার পরিমাণ ছিল ৮৭৮.০৫ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধের লক্ষ্যমাত্রা ধার্য করেছে ২৫.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধের পরিমাণ ছিল ৬.০০ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটসমূহের মোট স্থায়ী সম্পদে বিনিয়োগের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৫৩.১৫ লক্ষ ও ৮৫২.৮৬ লক্ষ টাকা। অপরদিকে, ২০২১-২২ অর্থবছরে সংস্থার ইউনিটসমূহের স্থায়ী সম্পদে বিনিয়োগের পরিমাণ ছিল ৩০৮.৯৯ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের সাময়িক হিসাব অনুযায়ী সংস্থার ইউনিটসমূহের মোট সম্পদের পরিমাণ ছিল ৬৭০৪০.৭৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ছিল ৬৩:৩৭। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেট মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৭১৪৭১.৫৫ লক্ষ টাকা ও ৭৬৫৩৭.৯৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত যথাক্রমে ৬৩:৩৭ ও ৬৪:৩৬ দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থার ইউনিটসমূহে কর্মরত জনবলের সংখ্যা ৩৭৩ জন যা ২০২২-২৩ অর্থবছরে এবং ২০২৩-২৪ অর্থবছরে যথাক্রমে ৪০০ ও ৪০৬ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

## রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

The Town Improvement Act, ১৯৫৩ এর মাধ্যমে ১৯৫৬ সালের আগষ্ট আগস্ট মাসে ঢাকা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট প্রতিষ্ঠিত হয়। পরবর্তীকালে ৩০ এপ্রিল ১৯৮৭ খ্রি. তারিখে জারিকৃত The Town Improvement (Amendment) Ordinance, ১৯৮৭ বলে ঢাকা ইম্প্রুভমেন্ট ট্রাস্ট-কে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) নামকরণ করা হয়। পুরাতন রাস্তা সংস্কার, নতুন রাস্তাঘাট নির্মাণ, ঘনবসতিপূর্ণ বস্তি দূরীকরণ, শ্রান্তি বিনোদন কেন্দ্র ও নির্মল আলো-বাতাস চলাচলকল্পে পার্ক ও খেলার মাঠ নির্মাণ, নতুন আবাসিক, বাণিজ্যিক ও শিল্প এলাকা সৃষ্টির উদ্দেশ্যে প্রয়োজনীয় জমি হুকুম দখলের ব্যবস্থা করা ও উক্ত হুকুম দখলকৃত জমি সুষ্ঠুভাবে বরাদ্দের ব্যবস্থা গ্রহণ, ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন ইত্যাদি কাজ সম্পাদনের লক্ষ্যে নারায়ণগঞ্জসহ ঢাকা মহানগরী ও সন্নিকটস্থ স্থানসমূহের সামগ্রিকভাবে উন্নতি সাধনই রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের লক্ষ্য ও উদ্দেশ্য। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ২৯৯১৯.০০ | ৩০৮৬৭.০০ | ২৭৯২২.০০ | ২২৮০৬.৭৯ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ১২১০০.০০ | ১১০০০.০০ | ১১৬০০.০০ | ৭৭৫৭.৮৩ |
| ০৫. | অন্যান্য | ২২৫০.০০ | ২২৭৫.০০ | ২২২৫.০০ | ৫০৬.১৫ |
| ০৬. | **মোট আয় (১+...+৫)** | **৪৪২৬৯.০০** | **৪৪১৪২.০০** | **৪১৭৪৭.০০** | **৩১০৭০.৭৭** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ৭৮৮৩.৫০ | ৭৫৫৩.৫০ | ৬৯২৯.৫০ | ৫৮৭৯.৩১ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ১৭০০.০০ | ১৬০০.০০ | ১৫০০.০০ | ১২৩৫.৬০ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ৬৪১০.০০ | ৬১২২.৫০ | ৬৩০৪.০০ | ৪৭৩০.৪৬ |
| ১০. | **মোট ব্যয় ( ৭+...+৯)** | **১৫৯৮৩.৫০** | **১৫২৭৬.০০** | **১৪৭৩৩.৫০** | **১১৮৪৫.৩৭** |
| ১১. | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি): (৬-১০)** | **২৮২৮৫.৫০** | **২৮৮৬৬.০০** | **২৭০১৩.৫০** | **১৯২২৫.৪০** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ√ | ১৮৩০.০০ | ১৮৩০.০০ | ১৮৩০.০০ | ৫০০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১০২১০.০০ | ১০১৮৫.০০ | ১০১৬৫.০০ | ৯০৫৫.৮২ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৮২৮১২.০০ | ৫৫৬৮০.০০ | ১০৯২২৫.০০ | ৫৫৭৬২.৭৪ |
| ১৬. | মোট সম্পদ | ৩৫৬৮৫০২.৭৭ | ৩৩৯৩১০৪.২৭ | ৩২৮৩৪৪৪.৬৩ | ৩১৬৯৬০৯.২৭ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত ( Debt Equity | ৫:৯৫ | ৩:৯৭ | ৫:৯৫ | ১:৯৯ |
| ১৮. | মোট জনবল ( সংখ্যা) | ১৩১৪ | ১৩১৪ | ১৩০৪ | ১০৮৪ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৪১৪২.০০ লক্ষ টাকা ও ৪৪২৬৯.০০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৫২৭৬.০০ লক্ষ টাকা ও ১৫৯৮৩.৫০ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী এ বছরদ্বয়ে আয় দাঁড়াবে যথাক্রমে ২৮৮৬৬.০০ লক্ষ ও ২৮২৮৫.৫০ লক্ষ টাকা। অপরদিকে, ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৩১০৭০.৭৭ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ১১৮৪৫.৩৭ লক্ষ টাকা এবং ব্যয় পরবর্তী আয়ের পরিমাণ ছিল ১৯২২৫.৪০ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক ১৮৩০.০০ লক্ষ টাকা লভ্যাংশসহ সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১০১৮৫.০০ লক্ষ টাকা এবং ১০২১০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক ৫০০.০০ লক্ষ টাকা লভ্যাংশসহ সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ৯০৫৫.৮২ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৩১৬৯৬০৯.২৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ছিল ১:৯৯। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৩৩৯৩১০৪.২৭ লক্ষ টাকা এবং ৩৫৬৮৫০২.৭৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত যথাক্রমে ৩:৯৭ ও ৫:৯৫ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ১০৮৪ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছেরর প্রাক্কলিত বাজেটে ১৩১৪ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

## চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

১৯৫৯ সালে সরকার কর্তৃক জারীকৃত ৫১নং অধ্যাদেশ বলে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) গঠিত হয়। সুষ্ঠু ও পরিকল্পিত নগর উন্নয়নের লক্ষ্যে ১৯৯৫-৯৬ অর্থবছরে চট্টগ্রাম শহর এলাকায় একটি নতুন মাস্টার প্ল্যান প্রণয়ন করা হয়। অতপর চউক ২০০৬ সালে ৭০০ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে Detailed Area Plan প্রণয়ন করে। উক্ত পরিকল্পনায় চট্টগ্রামের অর্থনৈতিক, ভৌত উন্নয়ন, মানব সম্পদ উন্নয়ন ইত্যাদি ক্ষেত্রে একটি সুনির্দিষ্ট উন্নয়ন রূপরেখা প্রণয়ন করা হয়েছে। চট্টগ্রাম শহর এবং এর আশেপাশের এলাকার উন্নয়ন-এই সংস্থার মূল উদ্দেশ্য। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। চউক এর ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট- সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে লেভি সংগ্রহ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য সুদ ও ভাড়া | ২৮৯০.০০ | ২৯৩০.০০ | ২৯৩০.০০ | ৩১৬৩.৬০ |
| ০৫. | অন্যান্য | ৫৬৫১.০০ | ৫১২৬.০০ | ২০৯৯৫.৫০ | ৩৯৯৭.৩১ |
| **০৬.** | **মোট আয় ১+.. . . +৫)** | **৮৫৪১.০০** | **৮০৫৬.০০** | **২৩৯২৫.৫০** | **৭১৬০.৯১** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ১৪৮৯.৩০ | ১৪৭২.৪০ | ১৪৫২.০৫ | ১৩৮০.৩১ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্যৎ তহবিল/পেনশন | ১২৫০.০০ | ১০০৫.০০ | ৮২০.০০ | ৮১৭.৯২ |
| ০৯. | অন্যান্য | ২৫৩২.৯৭ | ২৪৫১.৬৫ | ২৭৬২.৯২ | ১৫৮১.৪৭ |
| **১০.** | **মোটব্যয় (৭+ . . . +৯)** | **৫২৭২.২৭** | **৪৯২৯.০৫** | **৫০৩৪.৯৭** | **৩৭৭৯.৭০** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) : (৬-১০)** | **৩২৬৮.৭৩** | **৩১২৬.৯৫** | **১৮৮৯০.৫৩** | **৩৩৮১.২১** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশ | ৬০০.০০ | ৭৬২.৫০ | ৬০০.০০ | ৪৩৭.৫০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১১০০.০০ | ১২৬২.৫০ | ১৪০০.০০ | ৮৪০.৩৫ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৯১৪২.৫৩ | ৩৭৪৫.০০ | ১৪৩১০.০০ | ২৫২৫.৭৮ |
| ১৬. | মোট সম্পদ | ২৪৭৫৮৩.২১ | ২৪৫৩৭৪.৪৮ | ২৯৪৭২২.৩৯ | ২৪৩৪৭০.০৩ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ২৪:৭৬ | ২৫:৭৫ | ২৪:৭৬ | ২৫:৭৫ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ৫১৯ | ৫১৯ | ৫১৯ | ৩২৬ |

২০২১-২২ অর্থবছরে চউক এর মোট ৭১৬০.৯১ লক্ষ টাকা আয়ের বিপরীতে মোট ব্যয় হয় ৩৭৭৯.৭০ লক্ষ টাকা। ফলে চউক এর ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ দাঁড়ায় ৩৩৮১.২১ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট আয় যথাক্রমে ৮০৫৬.০০ লক্ষ ও ৮৫৪১.০০ লক্ষ টাকা বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হয় যথাক্রমে ৪৯২৯.০৫ লক্ষ ও ৫২৭২.২৭ লক্ষ টাকা। ফলে চউক এর ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৩১২৬.৯৫ লক্ষ ও ৩২৬৮.৭৩ লক্ষ টাকা।

২০২১-২২ অর্থবছরে চউক লভ্যাংশ হিসেবে ৪৩৭.৫০ লক্ষ টাকাসহ বিভিন্ন খাতে মোট ৮৪০.৩৫ লক্ষ টাকা সরকারি কোষাগারে প্রদান করে। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে চউক লভ্যাংশ হিসেবে যথাক্রমে ৭৬২.৫০ লক্ষ ও ৬০০.০০ লক্ষ টাকাসহ যথাক্রমে মোট ১২৬২.৫০ লক্ষ ও ১১০০.০০ লক্ষ টাকা সরকারি কোষাগারে প্রদান করবে। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২৪৩৪৭০.০৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ২৫:৭৫। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছের প্রাক্কিলত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ২৪৫৩৭৪.৪৮ লক্ষ ও ২৪৭৫৮৩.২১ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ২৫:৭৫ ও ২৪:৭৬। ২০২১-২২ অর্থবছরে চউক এর জনবল ছিল মোট ৩২৬ জন। এ জনবল ২০২২-২৩ ও ২০২৩-২৪ উভয় অর্থবছরে বৃদ্ধি পেয়ে দাঁড়াবে ৫১৯ জনে।

## খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি স্বায়ত্বশাসিত সেবাধর্মী প্রতিষ্ঠান। পরিকল্পিত নগরায়ন ও আধুনিক খুলনা গড়ার প্রতিশ্রুতি নিয়ে ১৯৬১ সালের ২১ জানুয়ারি এ প্রতিষ্ঠানের সৃষ্টি। জন্মের সূচনালগ্ন থেকেই প্রতিষ্ঠানটি নগর পরিকল্পনা, মহানগর উন্নয়নে অংশ গ্রহণ এবং অপরিকল্পিত উন্নয়ন নিয়ন্ত্রণের উদ্দেশ্য নিয়ে কাজ করে যাচ্ছে। নগর পরিকল্পনার পাশাপাশি আধুনিক ও পরিকল্পিত খুলনা শহর বিনির্মাণে কেডিএ'র রয়েছে গুরুত্বপূর্ণ অবদান। আবাসন সমস্যার সমাধান, বাণিজ্যিক ও অর্থনৈতিক সুযোগ সুবিধা সৃষ্টি, যানজট নিরসন ও যোগাযোগ ব্যবস্থা সহজতরকরণ ইত্যাদি নাগরিক সুবিধা প্রদানের উদ্দেশ্যে কেডিএ উল্লেখযোগ্য সংখ্যক পরিকল্পিত আবাসিক, বাণিজ্যিক ও শিল্প এলাকার উন্নয়ন, সড়ক নির্মাণ, মার্কেট নির্মাণ, বাসটার্মিনাল নির্মাণ, কমিউনিটি সেন্টার নির্মাণ, শিশুপার্ক নির্মাণ ইত্যাদি ৫০ টির বেশি জনকল্যাণমূলক প্রকল্প সাফল্যের সাথে বাস্তবায়ন করেছে। ফলে খুলনা মাস্টার প্ল্যান এলাকায় নগরায়নের নুতন ধারার সৃষ্টি হয়েছে। কেডিএ এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২০২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ১২৫.০০ | ১১৫.০০ | ১১৫.০০ | ১১৪.৪৪ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ১৯৫০.০০ | ১৯০০.০০ | ২০০০.০০ | ১৯৩৬.৩৮ |
| ০৫. | অন্যান্য | ২৮৪১.০০ | ২৪৮১.০০ | ২৭৪৯.০০ | ২৪৯৯.৩৮ |
| **০৬.** | **মোট আয় (১+...+৫)** | **৪৯১৬.০০** | **৪৪৯৬.০০** | **৪৮৬৪.০০** | **৪৫৫০.২০** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ২০২৪.৫৮ | ১৫৭০.৫৮ | ১৮৫৪.১৭ | ১১৭১.৯০ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৩০০.০০ | ২৭০.০০ | ২৭০.০০ | ২৫০.০০ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ২৫৩৮.৫০ | ২২৯১.৫০ | ২০২৩.৫৮ | ১৭৮৭.১১ |
| **১০.** | **মোট ব্যয় ( ৭+...+৯)** | **৪৮৬৩.০৮** | **৪১৩২.০৮** | **৪১৪৭.৭৫** | **৩২০৯.০১** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি): (৬-১০)** | **৫২.৯২** | **৩৬৩.৯২** | **৭১৬.২৫** | **১৩৪১.১৯** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ√ | ২০০.০০ | ২০০.০০ | ১৫০.০০ | ১০০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থারমোট অবদান | ৬০০.০০ | ৬৬০.০০ | ৪৫০.০০ | ৫৮৭.৭০ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৬৫৪৪৮.৫১ | ১৭৬৪৩.০০ | ৫৭৬৫৪.২১ | ৪৮৫২.৩০ |
| ১৬. | মোট সম্পদ | ১৪১৮২৯.৬১ | ৮৮৯৬৭.৯৮ | ১৩৫৪৮৯.৯৭ | ৭২১৫০.৪৬ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত ( Debt Equity Ratio) | ৪:৯৬ | ৫:৯৫ | ৬:৯৪ | ৬:৯৪ |
| ১৮. | মোট জনবল ( সংখ্যা) | ৫১০ | ৪৫৬ | ৪৭১ | ২৪৬ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৪৯৬.০০ লক্ষ ও ৪৯১৬.০০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪১৩২.০৮ লক্ষ ও ৪৮৬৩.০৮ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী এ বছরদ্বয়ে আয় দাঁড়াবে যথাক্রমে ৩৬৩.৯২ লক্ষ টাকা ও ৫২.৯২ লক্ষ টাকা। অপরদিকে, ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৪৫৫০.২০ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৩২০৯.০১ লক্ষ টাকা এবং ব্যয় পরবর্তী আয়ের পরিমাণ ছিল ১৩৪১.১৯ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক ২০০.০০ লক্ষ টাকা লভ্যাংশসহ সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৬৬০.০০ লক্ষ ও ৬০০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক ১০০.০০ লক্ষ টাকা লভ্যাংশসহ সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ৫৮৭.৭০ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৭২১৫০.৪৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ছিল ৬:৯৪। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৮৮৯৬৭.৯৮ লক্ষ টাকা এবং ১৪১৮২৯.৬১ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত যথাক্রমে ৫:৯৫ ও ৪:৯৬ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবল ছিল ২৪৬ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছেরর প্রাক্কলিত বাজেটে ৪৫৬ এবং ৫১০ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

## রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ ১৯৭৬ সালের ৭৮ নং অর্ডিন্যান্স বলে সৃষ্টি করা হয়। এটি গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত সংস্থা। রাজশাহী শহরের বাসস্থান সমস্যার সমাধান, রাস্তাঘাট ও পয়ঃপ্রণালী নির্মাণ তথা শহরের সার্বিক উন্নয়নের লক্ষ্যে এই সংস্থা কাজ করে যাচ্ছে। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ :

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ৪০০.০০ | ৪০০.০০ | ৪০০.০০ | ৩১৭.৫০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ৬৯৬.০০ | ৬৮৬.০০ | ৬৫৯.০০ | ৫৩৮.৮৬ |
| ০৫. | অন্যান্য | ৪১৪২.৩৫ | ২০৩০.৩৫ | ৪৭৮৬.৮৫ | ১০৬২.৪৪ |
| **০৬.** | **মোট আয় (০১+... +০৫)** | **৫২৩৮.৩৫** | **৩১১৬.৩৫** | **৫৮৪৫.৮৫** | **১৯১৮.৮০** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ৫০২.৮৩ | ৪৮২.৬৮ | ৪৩২.৪৫ | ৩৭৫.২৭ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ১৫০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ৬৯.৪৭ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ৮২০৪.৬০ | ৭২৪.৬০ | ৮৭৯৭.১৮ | ৪২১.৩৯ |
| **১০.** | **মোট ব্যয় (০৭+... +০৯)** | **৮৮৫৭.৪৩** | **১৩০৭.২৮** | **৯৩২৯.৬৩** | **৮৬৬.১৩** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) (০৬-১০)** | **-৩৬১৯.০৮** | **১৮০৯.০৭** | **-৩৪৮৩.৭৮** | **১০৫২.৬৭** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/ লভ্যাংশ√ | ৪০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৪০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৮০.০০ | ৮০.০০ | ৮০.০০ | ৭৯.৫৭ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৭৪৭০.০০ | ৪৮৬৩.০০ | ৮৩৫৯.০০ | ৩২৯০.০০ |
| ১৬. | মোট সম্পদ | ৬৯১৬১.৬১ | ৬৭০১৪.৮৪ | ৮০৬৪৬.৩৭ | ৫৯৫৮৪.৪১ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত | ২৫:৭৫ | ২৫:৭৫ | ২৮:৭২ | ২৬:৭৪ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ৭১ | ৭১ | ৭১ | ৭১ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সরকারি অনুদানসহ সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩১১৬.৩৫ লক্ষ ও ৫২৩৮.৩৫ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৩০৭.২৮ লক্ষ ও ৮৮৫৭.৪৩ লক্ষ টাকা। ফলে ২০২২-২৩ অর্থবছরে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে ১৮০৯.০৭ লক্ষ টাকা ও ২০২৩-২৪ অর্থবছরে ব্যয় পরবর্তী ঘাটতি হবে ৩৬১৯.০৮ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের সংস্থার ১৯১৮.৮০ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৮৬৬.১৩ লক্ষ টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ১০৫২.৬৭ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা কর্তৃক ৪০.০০ লক্ষ টাকা করে লভ্যাংশসহ সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৮০.০০ লক্ষ টাকা করে। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে ৪০.০০ লক্ষ টাকা লভ্যাংশ প্রদানসহ সংস্থার মোট অবদান ছিল ৭৯.৫৭ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ৫৯৫৮৪.৪১ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ২৬:৭৪। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরের ৩০ জুন তারিখে সংস্থার মোট সম্পদের পরিমাণ হবে যথাক্রমে ৬৭০১৪.৮৪ লক্ষ ও ৬৯১৬১.৬১ লক্ষ টাকা এবং উভয় অর্থবছরে ঋণ মূলধন অনুপাত হবে ২৫:৭৫। ২০২১-২২ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৭১ জন। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ উভয় অর্থবছরে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে ৭১ জন করে।

# জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ আইন, ২০০০ এর মাধ্যমে সাবেক গৃহ সংস্থান অধিদপ্তর ও কমিশনার সেটেলমেন্ট কার্যালয় অবলুপ্ত করে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সৃষ্টি করা হয়। এটি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত সংস্থা। ঢাকাসহ দেশের বিভিন্ন জেলা ও উপজেলা শহরের বাসস্থান সমস্যার সমাধান তথা শহরের সার্বিক উন্নয়নের লক্ষ্যে এ সংস্থা কাজ করে যাচ্ছে। এ প্রতিষ্ঠানের উদ্দেশ্য, কার্যক্রম ও লক্ষ্য হচ্ছে-সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে আধুনিক নাগরিক সুযোগ-সুবিধসহ উপজেলা পর্যায় পর্যন্ত আবাসিক প্লট ও ফ্লাট তৈরি করা। কিস্তি সুবিধার মাধ্যমে জনগণের মধ্যে বরাদ্দ প্রদান করে জনগণের আবাসিক সমস্যা সমাধান করাই কর্তৃপক্ষের মূল উদ্দেশ্য। তাছাড়া দেশের অব্যবহৃত জায়গায় পর্যায়ক্রমে বিভিন্ন শ্রেণি/পেশার মানুষের জন্য পরিকল্পিতভাবে স্বল্প জমিতে বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণপূর্বক জনগণের বাসস্থানের সমস্যা সমাধান করাও প্রতিষ্ঠানের লক্ষ্য। জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

## বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ১৮২০.০০ | ১৫০২.০০ | ১৯০০.০০ | ১৮৭৭.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ১৬০৫.০০ | ১৫৯৭.০০ | ১৯১০.০০ | ২০২৮.৮৮ |
| ০৫. | অন্যান্য | ৬১৬৩.১২ | ৫৬৪৭.৩৯ | ৮৯৪৪.৮১ | ৬৪২৬.৮১ |
| ০৬. | **মোট আয় (০১+...+০৫)** | **৯৫৮৮.১২** | **৮৭৪৬.৩৯** | **১২৭৫৪.৮১** | **১০৩৩২.৬৯** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ২১৭৩.৩৮ | ২১৩৬.১৬ | ২০৭২.৬৯ | ১৯২০.৬০ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৬৪৪.৫০ | ১৬৬২.৯৮ | ৬৪০.০০ | ৯৮.৭৯ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ২৯১৩.৫০ | ৩০২৮.০০ | ২৯৮৫.০০ | ৩৩৪৩.৯৮ |
| ১০. | **মোট ব্যয় ( ০৭+...+০৯)** | **৫৭৩১.৩৮** | **৬৮২৭.১৪** | **৫৬৯৭.৬৯** | **৫৩৬৩.৩৭** |
| ১১. | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি): (০৬--১০)** | **৩৮৫৬.৭৪** | **১৯১৯.২৫** | **৭০৫৭.১২** | **৪৯৬৯.৩২** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ১০০.০০ | ১০০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থারমোট অবদান | ৪৩০০.০০ | ৪৭০০.০০ | ৪৭০০.০০ | ৪৮০৬.২৬ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৪৯৯২০.০০ | ৬২৭২৬.৪৫ | ৫০৬৮০.০০ | ৫১০৩৪.৫৩ |
| ১৬. | মোট সম্পদ | ৫২৯৭৪৬.১৬ | ৫২৭১৮৯.৪২ | ৬৪১৮৪৪.৯২ | ৫২৬৫৭০.১৭ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত ( Debt Equity Ratio) | ১:৯৯ | ১:৯৯ | ১৭:৮৩ | ১:৯৯ |
| ১৮. | মোট জনবল ( সংখ্যা) | ৪৮৪ | ৪৩৭ | ৪৯৫ | ৪২৭ |

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ -এর আয়ের খাতের মধ্যে সরকারি অনুদান, প্রাপ্য সুদ ও প্রাপ্য ভাড়া উল্লেখযোগ্য। ২০২১-২২ অর্থবছরে সরকার হতে প্রাপ্ত অনুদান এর পরিমাণ ছিল ১৮৭৭.০০ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সরকার হতে প্রাপ্ত অনুদানের পরিমাণ প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ১৫০২.০০ লক্ষ টাকা ও ১৮২০.০০ লক্ষ টাকা। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরে সরকার হতে প্রাপ্য অনুদান পরিবর্তনযোগ্য। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮৭৪৬.৩৯ লক্ষ টাকা ও ৯৫৮৮.১২ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৬৮২৭.১৪ লক্ষ টাকা ও ৫৭৩১.৩৮ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী এ বছরদ্বয়ে আয় দাঁড়াবে যথাক্রমে ১৯১৯.২৫ লক্ষ ও ৩৮৫৬.৭৪ লক্ষ টাকা। অপরদিকে, ২০২১-২২ অর্থবছরে সংস্থার ১০৩৩২.৬৯ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৫৩৬৩.৩৭ লক্ষ টাকা এবং ব্যয় পরবর্তী আয়ের পরিমাণ ছিল ৪৯৬৯.৩২ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক ১০০.০০ লক্ষ টাকা লভ্যাংশসহ সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৭০০.০০ লক্ষ টাকা এবং ৪৩০০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমান ছিল ৪৮০৬.২৬ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৫২৬৫৭০.১৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ছিল ১:৯৯। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৫২৭১৮৯.৪২ লক্ষ টাকা এবং ৫২৯৭৪৬.১৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত ১:৯৯ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের ছিল ৪২৭ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছেরর প্রাক্কলিত বাজেটে ৪৩৭ ও ৪৮৪ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

# কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

পর্যটন নগরী কক্সবাজার বাংলাদেশের সবচেয়ে আকর্ষণীয় পর্যটন কেন্দ্র। সেখানে রয়েছে পৃথিবীর দীর্ঘতম একক সমুদ্র সৈকত, বেশ কয়েকটি নৈসর্গিক ছোট ছোট দ্বীপ, পাহাড়, বনাঞ্চল ইত্যাদি। শিল্পায়ন, কৃষি উন্নয়ন, মৎস্য আহরণ ও প্রক্রিয়াকরণের বিশাল সুযোগ রয়েছে এ জেলায়। এ সকল বিষয়াদি বিবেচনায় কক্সবাজারকে আন্তর্জাতিক মান সম্পন্ন পর্যটন নগরীতে রূপান্তরের লক্ষ্যে ২০১৬ সালের ১৩ মার্চ তারিখে জাতীয় সংসদ কর্তৃক রাষ্ট্রপতির সম্মতি গ্রহণপূর্বক কক্সবাজার ও এর সন্নিহিত এলাকার সমন্বয়ে একটি আধুনিক ও আকর্ষণীয় পর্যটন নগরী প্রতিষ্ঠাকল্পে উক্ত অঞ্চলের সুপরিকল্পিত উন্নয়ন নিশ্চিত করার নিমিত্তে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক) প্রতিষ্ঠা করা হয়। কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ বাংলাদেশের প্রধান পর্যটন নগরী। বর্তমান উন্নয়নমুখী বাংলাদেশ সরকারের প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতায় পরিকল্পিত নগরায়ন প্রক্রিয়া দ্রুত অগ্রসর হচ্ছে। কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

## বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হ'তে লেভি সংগ্রহ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ১১৪৭.০০ | ৫১৯.০০ | ১০০৫.০০ | ৭৫৫.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ৪০.৭৭ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য সুদ ও ভাড়া | ১২.০০ | ১৬.০০ | ০.০০ | ২৮.৭৯ |
| ০৫. | অন্যান্য | ৫০০০.০০ | ৭০০০.০০ | ৫০০০.০০ | ১০০০০.০০ |
| **০৬.** | **মোট আয় (১+ . . . +৫)** | **৬১৮৪.০০** | **৭৫৬০.০০** | **৬০৩০.০০** | **১০৮২৪.৫৬** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ৩৮১.৬৩ | ১৩৭.৫৬ | ১৩১.২৬ | ৮০.৭৭ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৯. | অন্যান্য | ৫৫৬৬.৬২ | ৫৩৮৪.০৯ | ৫৩৭৫.৩৮ | ১০২০১.২৫ |
| **১০.** | **মোট ব্যয় (৭+ . . . +৯)** | **৫৯৪৮.২৫** | **৫৫২১.৬৫** | **৫৫০৬.৬৪** | **১০২৮২.০২** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি):(৬-১০)** | **২৩৫.৭৫** | **২০৩৮.৩৫** | **৫২৩.৩৬** | **৫৪২.৫৪** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ২৫.০০ | ২৫.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ০.০০ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৩৬২.০০ | ১১৫.৬৬ | ৩৬৩.০০ | ২২১.১০ |
| ১৬. | মোট সম্পদ | ৫২০০.৪৯ | ৪৯৬৪.৭৪ | ৩০৯৮.২৮ | ২৯১০.৩৯ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৩১:৬৯ | ৩২:৬৮ | ২৮:৭২ | ৫৪:৪৬ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ১২১ | ৫৬ | ৫৫ | ৪০ |

২০২১-২২ অর্থবছরে কউক এর মোট ১০৮২৪.৫৬ লক্ষ টাকা আয়ের বিপরীতে মোট ব্যয় হয় ১০২৮২.০২ লক্ষ টাকা। ফলে কউক এর ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ দাঁড়ায় ৫৪২.৫৪ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট আয় যথাক্রমে ৭৫৬০.০০ লক্ষ এবং ৬১৮৪.০০ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৫৫২১.৬৫ লক্ষ এবং ৫৯৪৮.২৫ লক্ষ টাকা। ফলে উক্ত সময়ে কউক এর ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ২০৩৮.৩৫ লক্ষ এবং ২৩৫.৭৫ লক্ষ টাকা।

২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২৯১০.৩৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ৫৪:৪৬। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছেরর প্রাক্কিলত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৪৯৬৪.৭৪ লক্ষ ও ৫২০০.৪৯ লক্ষ টাকা এবং উভয় অর্থবছরে ঋণ মূলধন অনুপাত হবে ৩২:৬৮ এবং ৩১:৬৯। ২০২১-২২ অর্থবছরে কউক এর জনবল ছিল মোট ৪০ জন। এ জনবল ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে দাঁড়াবে যথাক্রমে ৫৬ জন এবং ১২১ জন। উল্লেখ্য, সরকারি অনুদান বাবদ প্রাপ্ত অর্থ সংস্থার সর্বশেষ ১৪.০২.২০২৩খ্রি. তারিখের হিসাব বিবরণী অনুযায়ী দেখানো হয়েছে।

# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

১৯৭২ সালে মহামান্য রাষ্ট্রপতির ৯৪ নম্বর আদেশ এবং একই সালের ১৫৯ নম্বর সংশোধিত আদেশ বলে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট প্রতিষ্ঠিত হয়। যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সাহায্য ও পুনর্বাসনের ব্যবস্থা করাই এ ট্রাস্টের মূখ্য উদ্দেশ্য। এ উদ্দেশ্যে ট্রাস্ট সম্পত্তি ক্রয়/বিক্রয়, শিল্প ও বাণিজ্যিক কার্যক্রম পরিচালনসহ অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে থাকে। ১৯৭২ সালে বঙ্গবন্ধু কর্তৃক প্রদত্ত ১৮ টি শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান ও পরবর্তীতে আরও ১১টি শিল্প প্রতিষ্ঠান ট্রাস্টকে প্রদান করা হয়। এছাড়াও ট্রাস্ট নিজস্ব উদ্যোগে ৩টি প্রতিষ্ঠা করে। বর্তমানে ট্রাস্টের শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান/প্লট সংখ্যা ৩৩টি (জমির পরিমাণ ৭০.৩৭ একর)। উক্ত জমিতে ভাড়ায় পরিচালিত বিভিন্ন স্থাপনা ও উন্নয়ন প্রকল্প চলমান রয়েছে। অব্যবস্থাপনা ও অনিয়মের কারণে ট্রাস্ট একটি লাভজনক প্রতিষ্ঠান থেকে লোকসানি প্রতিষ্ঠানে পরিণত হয়। কর্মকর্তা/কর্মচারিদের বেতন-ভাতা ও সার্ভিস বেনিফিট প্রদান দুঃসাধ্য হয়ে পড়ে। সরকার হতে ঋণ গ্রহণ করে বেতন পরিশোধের কারণে প্রতিষ্ঠানটি ডিএসএল (DSL) ঋণের আওতায় পতিত হয়। যার কারণে উক্ত ঋণ বৃদ্ধি বর্তমানে ১০১.৮৭ কোটি টাকা দাঁড়িয়েছে। বিগত ০২ বছরে সর্বক্ষেত্রে শৃংখলা, ট্রাস্টের সকল সেবা ডিজিটালাইজ ও যুগোপযোগীকরণের মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু প্রতিষ্ঠিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট বর্তমানে আমূল বদলে এক প্রকৃত কল্যাণ ধর্মী, উৎকৃষ্ঠ সেবামূলক এবং বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পরিবারের এক নির্ভরতা ও আস্থার প্রতিষ্ঠানে নবরুপ লাভ করেছে। বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

**বাজেট-সংক্ষিপ্তসার**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ৫০৬৯৬.২৪ | ৫৩৪৫৩.২০ | ৪৭৪৪৪.৫৫ | ৫১৮৮৮.৬৭ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ৫১০০.০০ | ৪৫৮০.৬৭ | ৪০৮৬.০০ | ৪৪৩৭.১৮ |
| ০৫. | অন্যান্য | ১৮০.০০ | ৫৭.৬০ | ৫০.০০ | ১৮৬.০০ |
| ০৬. | **মোট আয় (১+...+৫)** | **৫৫৯৭৬.২৪** | **৫৮০৯১.৪৭** | **৫১৫৮০.৫৫** | **৫৬৫১১.৮৫** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ১৬২২.৩৭ | ১৫০৬.১১ | ১২২৫.৬৭ | ১৯০১.৭৩ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ২০৪.৬৭ | ১৯৪.৯৩ | ৪৬১.৭১ | ২৩৩.০৯ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ৫২৪৩৪.৭৬ | ৫৪৮৯৮.৯০ | ৪৯০১০.৯৯ | ৫৩০২৬.৮৬ |
| ১০. | **মোট ব্যয় ( ৭+...+৯)** | **৫৪২৬১.৮০** | **৫৬৫৯৯.৯৪** | **৫০৬৯৮.৩৭** | **৫৫১৬১.৬৮** |
| ১১. | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি): (৬-১০)** | **১৭১৪.৪৪** | **১৪৯১.৫৩** | **৮৮২.১৮** | **১৩৫০.১৭** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থারমোট অবদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৬৫৪৩.৯০ | ৫৮০.২৭ | ১৫৮৬.০০ | ২৮.৩৯ |
| ১৬. | মোট সম্পদ | ৬৯৯৮৭.৪৩ | ৬৮২৭২.৯৯ | ৩৪৭১৬.৫১ | ৬৬৭৮১.৪৬ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt EquityRatio) | ৬৪:৩৬ | ৬৬:৩৪ | ৭৯:২১ | ৬৭:৩৩ |
| ১৮. | মোট জনবল ( সংখ্যা) | ২৭১ | ২৭১ | ২৪৫ | ২৪৫ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫৮০৯১.৪৭ লক্ষ টাকা ও ৫৫৯৭৬.২৪ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫৬৫৯৯.৯৪ লক্ষ টাকা ও ৫৪২৬১.৮০ লক্ষ টাকা। ফলে এ বছরদ্বয়ে ব্যয় পরবর্তী আয়ের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১৪৯১.৫৩ লক্ষ ও ১৭১৪.৪৪ লক্ষ টাকা। অপরদিকে ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৫৬৫১১.৮৫ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৫৫১৬১.৬৮ লক্ষ টাকা এবং ব্যয় পরবর্তী আয়ের পরিমাণ ছিল ১৩৫০.১৭ লক্ষ টাকা।

২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ৬৬৭৮১.৪৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ছিল ৬৭:৩৩ । ২০২২-২৩ সংশোধিত ও ২০২৩-২৪ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৬৮২৭২.৯ লক্ষ টাকা এবং ৬৯৯৮৭.৪৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত যথাক্রমে ৬৬:৩৪ এবং ৬৪:৩৬ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের ছিল ২৪৫ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছেরর প্রাক্কলিত বাজেটে ২৭১ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

# বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন

১৯৫৭ সালের ১৫ নং এ্যাক্ট অনুযায়ী বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (বিএফডিসি) প্রতিষ্ঠিত হয়। কর্পোরেশন চলচ্চিত্র শিল্পের সার্বিক উন্নয়নে সহায়তা প্রদানের লক্ষ্যে চলচ্চিত্র নির্মাণ, স্টুডিও প্রতিষ্ঠা ও রক্ষণাবেক্ষণের জন্য ব্যক্তি বা কোম্পানিকে ঋণ প্রদান, কর্পোরেশন কর্তৃক নিজেদের স্টুডিও স্থাপন এবং ভাড়ার বিনিময়ে চিত্র নির্মাতাদের স্টুডিও ব্যবহারের সুযোগ প্রদান করে থাকে। তাছাড়া বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন বিভিন্ন উপায়ে চলচ্চিত্র শিল্পের বিকাশ ও উন্নয়নে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা করে থাকে। বিএফডিসি'র ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটের সংক্ষিপ্ত-সার নিম্নরূপ:

**বাজেট-সংক্ষিপ্ত সার**

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | পরিচালন রাজস্ব | ৫২৪.০০ | ৪৭৭.০০ | ৪৯৮.০০ | ৩৯৮.১০ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | পরিচালন ব্যয় | ২৪৬৭.৫৮ | ২৫৫১.০০ | ১৯৭৫.৩৫ | ২৪৬৮.৬৯ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৫৯০.৭৫ | ৫৩৪.৯৫ | ৫৩৯.১৫ | ৫৬৪.৭৫ |
| **০৪.** | **মোট ব্যয় (০২+০৩)** | **৩০৫৮.৩৩** | **৩০৮৫.৯৫** | **২৫১৪.৫০** | **৩০৩৩.৪৪** |
| **০৫.** | **পরিচালন উদ্বৃত্ত/ঘাটতি (১-৪)** | **-২৫৩৪.৩৩** | **-২৬০৮.৯৫** | **-২০১৬.৫০** | **-২৬৩৫.৩৪** |
| ০৬. | অ-পরিচালন আয় | ১৫৪.৫০ | ২২৯.৫০ | ১৪৬.৫০ | ৭০০.৮৬ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ২১১.০০ | ২১১.০০ | ২১১.০০ | ১৯৭.৬২ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **০৯.** | **নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)** | **-২৫৯০.৮৩** | **-২৫৯০.৪৫** | **-২০৮১.০০** | **-২১৩২.১০** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ২১৯.০০ | ২১৯.০০ | ২১৯.০০ | ৬.৭৯ |
| ১২. | দীর্ঘ্যমেয়াদি ঋণ পরিশোধ(ডিএসএলসহ) | ৩০০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ২৫.০০ | ২১.০০ | ৭১.০০ | ১২.৫৮ |
| ১৪. | মোট সম্পদ | ১০০৩৩.১৭ | ১০২১৭.৪৬ | ৯৮৪১.৩৯ | ১০৪৫৯.৫৪ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ১০০:০ | ১০০:০ | ১০০:০ | ১০০:০ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ২৩০ | ২৪৫ | ২৩৯ | ২৫০ |

২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের মোট ৩৯৮.১০ লক্ষ টাকা আয়ের বিপরীতে মোট ব্যয় হয় ৩০৩৩.৪৪ লক্ষ টাকা। ফলে কর্পোরেশনের পরিচালন লোকসানের পরিমাণ ছিল ২৬৩৫.৩৪ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয় যথাক্রমে ৪৭৭.০০ লক্ষ ও ৫২৪.০০ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হয় যথাক্রমে ৩০৮৫.৯৫ লক্ষ ও ৩০৫৮.৩৩ লক্ষ টাকা। ফলে সংস্থার নিট লোকসানের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ২৬০৮.৯৫ লক্ষ ও ২৫৩৪.৩৩ লক্ষ টাকা।

২০২১-২২ অর্থবছরে চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন লভ্যাংশ হিসেবে কোন অর্থ সরকারি কোষাগারে প্রদান করেনি। লোকসানের কারণে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা লভ্যাংশ হিসেবে কোন অর্থ সরকারি কোষাগারে প্রদান করবে না। তবে উক্ত সময়ে অন্যান্য খাতে সরকারি কোষাগারে যথাক্রমে ২১৯.০০ লক্ষ ও ২১৯.০০ লক্ষ টাকা প্রদান করবে। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১০৪৫৯.৫৪ লক্ষ টাকা ও ঋণ মূলধন অনুপাত ছিল ১০০:০। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছের প্রাক্কিলত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১০২১৭.৪৬ লক্ষ ও ১০০৩৩.১৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ১০০:০ ও ১০০:০। ২০২১-২২ অর্থবছরে কর্পরেশনের জনবল ছিল মোট ২৫০ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের জনবল দাঁড়াবে যথাক্রমে ২৪৫ এবং ২৩০ জন।

## বাংলাদেশ পর্যটন কর্পোরেশন

১৯৭২ সালের রাষ্ট্রপতির ১৪৩ নম্বর আদেশ বলে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়। পর্যটন শিল্পের উন্নয়নকল্পে পর্যটন খাতের সুযোগ সুবিধা অর্থাৎ পর্যটকদের থাকা খাওয়া এবং যাতায়াত ব্যবস্থার উন্নয়ন সাধন বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের মুখ্য উদ্দেশ্য। সমগ্র বাংলাদেশে পর্যটন কর্পোরেশনের ৩১টি ইউনিট রয়েছে যার মাধ্যমে পর্যটন কর্পোরেশন সকল কার্যাবলী বাস্তবায়ন করে থাকে। এ কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন ইউনিটের লাভ/লোকসান প্রধান কার্যালয়ের হিসাবের সাথে সমন্বয় করে করা হয় এবং একীভূত তহবিল হতে প্রয়োজন অনুসারে বিভিন্ন ইউনিটে বিনিয়োগ/ভর্তুকি প্রদান করা হয়। বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের ইউনিটসমূহের (প্রধান কার্যালয় সহ) বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ১৩৮৩০.৯৫ | ১২৮৫৮.২৫ | ১২৬৭২.০১ | ৯৭৪০.৯০ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | পরিচালন ব্যয় | ৪৯৯৩.৬৯ | ৪৬৪২.৮১ | ৪২৩৪.৩৯ | ৩৬৬৪.৯৫ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৬১৬৭.৬০ | ৫৮৭৩.০৬ | ৫৬২৩.৯৭ | ৪৬০০.১৯ |
| ০৪. | **মোট পরিচালন ব্যয় (২+৩)** | **১১১৬১.২৯** | **১০৫১৫.৮৭** | **৯৮৫৮.৩৬** | **৮২৬৫.১৪** |
| ০৫. | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **২৬৬৯.৬৬** | **২৩৪২.৩৮** | **২৮১৩.৬৫** | **১৪৭৫.৭৬** |
| ০৬. | অ-পরিচালন আয় | ১৩৩৬.৫২ | ১২২২.৮১ | ১১২৬.২৮ | ১১৫২.০৬ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ৩৮৯৭.১০ | ৩৪৩৪.৬০ | ৩৬১৮.১০ | ২৬১৯.৮৬ |
| ০৮. | আয়কর | ৩২.৭২ | ৩৯.১৮ | ১১২.৬৫ | ২.৩৯ |
| ০৯. | **নিট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)** | **৭৬.৩৬** | **৯১.৪১** | **২০৯.১৮** | **৫.৫৭** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ√ | ২০.০০ | ২০.০০ | ২০.০০ | ১৫.৫৪ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১১২৮.৩৩ | ১০৬৮.৭৭ | ১১৯৭.৮৯ | ১০২৭.৮২ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ৮৩৪.৬৭ | ৮৫৪.৬৭ | ৮৪৪.৬৭ | ২০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৯৫৩৪.০৫ | ৩৮০২.৪০ | ১২৮৫৮.৯০ | ৪৩০১.৪৭ |
| ১৪. | মোট সম্পদ | ৫০০৭৮.৬৫ | ৪০১২১.৮৫ | ৪৯৪৩৩.৮৯ | ৩৬০৪৪.৫৪ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ১৫:৮৫ | ১৫:৮৫ | ১১:৮৯ | ১৪:৮৬ |
| ১৬. | মোট জনবল ( সংখ্যা) | ৮৫৮ | ৮৮৯ | ১১৯৩ | ৮৯৯ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার ইউনিটের মোট পরিচালন রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১২৮৫৮.২৫ লক্ষ টাকা ও ১৩৮৩০.৯৫ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১০৫১৫.৮৭ লক্ষ টাকা ও ১১১৬১.২৯ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ২৩৪২.৩৮ লক্ষ ও ২৬৬৯.৬৬ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার অপরিচালন আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১২২২.৮১ লক্ষ ও ১৩৩৬.৫২ লক্ষ টাকা এবং অপরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৪৩৪.৬০ লক্ষ ও ৩৮৯৭.১০ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী সংস্থার কর উত্তর নিট মুনাফা দাঁড়াবে যথাক্রমে ৯১.৪১ লক্ষ ও ৭৬.৩৬ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ইউনিটের ৯৭৪০.৯০ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৮২৬৫.১৪ লক্ষ টাকা এবং পরিচালন মুনাফার পরিমাণ ছিল ১৪৭৫.৭৬ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের বাজেটে সংস্থার অপরিচালন আয় ছিল ১১৫২.০৬ লক্ষ টাকা এবং অপরিচালন ব্যয় ছিল ২৬১৯.৮৬ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী সংস্থার কর উত্তর নিট মুনাফা ছিল ৫.৫৭ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে লভ্যাংশ হিসাবে ২০.০০ লক্ষ টাকাসহ সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১০৬৮.৭৭ লক্ষ ও ১১২৮.৩৩ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সরকারি কোষাগারে মোট অবদানের পরিমাণ ছিল ১০২৭.৮২ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ৩৬০৪৪.৫৪ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio ) ১৪:৮৬। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৪০১২১.৮৫ লক্ষ এবং ৫০০৭৮.৬৫ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত যথাক্রম ১৫:৮৫ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৮৯৯ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ৮৮৯ ও ৮৫৮ জনে দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে।

## বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সাবেক বেসামরিক বিমান চলাচল বিভাগ ও বিমান বন্দর উন্নয়ন সংস্থাকে একীভূত করে অক্টোবর ১৯৮৫ খ্রি: অধ্যাদেশ নং- ৩৮ বলে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়। ১৯ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি. তারিখে সরকার কর্তৃক "দি সিভিল এভিয়েশন অথরিটি অ্যাক্ট" প্রণয়ন করা হয়। কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে বর্তমানে ৩টি আন্তর্জাতিক, ৫টি অভ্যন্তরীণ ও ৪টি STOL (Short Take-off & Landing) বিমান বন্দর রয়েছে। বাংলাদেশের আকাশ সীমানায় ও বিমান বন্দরসমূহে দেশি-বিদেশি বিমানের সুষ্ঠু ও নিরাপদ চলাচলের ব্যবস্থা নিশ্চিত করা এ প্রতিষ্ঠানের মুখ্য কাজ। বিমান চলাচলের সুযোগ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে কর্তৃপক্ষ প্রতি বছর বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করে থাকে।বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ২০২২-২৩ অর্থবছরে সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরে প্রাক্কলিত বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:-

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | মোট পরিচালন রাজস্ব | ১৫৭৮৯৬.৯৬ | ১৪৯৭৭৫.৫৪ | ১২৯৭৫২.৮৮ | ১৮১৫৪০.৩৯ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | পরিচালন ব্যয় | ৯৫১৪৪.০০ | ৯৬৩১৫.৫০ | ৮৪৭৩৮.০০ | ৬৩২০৮.২৪ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ২৫৯৯৩.৩৮ | ১৯৭৫৩.৮৭ | ১৬৭১৪.২২ | ১২৭৬৪.৪১ |
| ৪ | মোট পরিচালন ব্যয় (২+৩) | ১২১১৩৭.৩৮ | ১১৬০৬৯.৩৭ | ১০১৪৫২.২২ | ৭৫৯৭২.৬৫ |
| **০৫.** | **পরিচালন মুনাফা/(লোকসান) (১-৪)** | **৩৬৭৫৯.৫৮** | **৩৩৭০৬.১৭** | **২৮৩০০.৬৬** | **১০৫৫৬৭.৭৪** |
| ০৬. | অ-পরিচালন আয় | ৮০৩৯.২৫ | ৭৫৬৮.০৫ | ১০২৫৮.১১ | ৯৫৫৭.১৯ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৮. | আয়কর | ৩০০০০.০০ | ২৫০০০.০০ | ২০৫০০.০০ | ২০০০০.০০ |
| **০৯.** | **নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)** | **১৪৭৯৮.৮৩** | ১৬২৭৪.২২ | **১৮০৫৮.৭৭** | **৯৫১২৪.৯৩** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশ | ১২৫০০.০০ | ১২৫০০.০০ | ১২৫০০.০০ | ১২৫০০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৪৪৩৩৫.০০ | ৩৯১৩৪.০০ | ৩৪৪৮০.০০ | ৩২৮২৭.০১ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ১৭১০৪৯.৪১ | ১২৭৫৪০.৭২ | ১৮৬৩৯৯.৮৪ | ৮১৫৩০.৪৩ |
| ১৪. | মোট সম্পদ | ২৯১১৫৩৪.১৫ | ২৫৯৭২৯৭.৩০ | ২০৭৫৬৬১.৩৮ | ২৩৪০৯২৫.২৬ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৫৩:৪৭ | ৪৮:৫২ | ৪৬:৫৪ | ৪২:৫৮ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ৫৭১৫ | ৫৭১৫ | ৫৭১৪ | ৩৭৫৪ |

২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের মোট ১৮১৫৪০.৩৯ লক্ষ টাকা পরিচালন রাজস্বের বিপরীতে মোট পরিচালন ব্যয় হয় ৭৫৯৭২.৬৫ লক্ষ টাকা। ফলে কর্তৃপক্ষের পরিচালন মুনাফার পরিমাণ দাঁড়ায় ১০৫৫৬৭.৭৪ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছেরর প্রাক্কলিত বাজেটে কর্তৃপক্ষের মোট আয় যথাক্রমে ১৪৯৭৭৫.৫৪ লক্ষ ও ১৫৭৮৯৬.৯৬ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হচ্ছে যথাক্রমে ১১৬০৬৯.৩৭ লক্ষ ও ১২১১৩৭.৩৮ লক্ষ টাকা। ফলে কর্তৃপক্ষের পরিচালন মুনাফার পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৩৩৭০৬.১৭ লক্ষ ও ৩৬৭৫৯.৫৮ লক্ষ টাকা।

২০২১-২২ অর্থবছরে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ লভ্যাংশ হিসেবে ১২৫০০.০০ লক্ষ টাকাসহ বিভিন্ন খাতে মোট ৩২৮২৭.০১ লক্ষ টাকা সরকারি কোষাগারে প্রদান করে। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছেরর প্রাক্কলিত উভয় বাজেটে কর্তৃপক্ষ লভ্যাংশ হিসেবে ১২৫০০.০০ লক্ষ টাকাসহ যথাক্রমে মোট ৩৯১৩৪.০০ লক্ষ ও ৪৪৩৩৫.০০ লক্ষ টাকা প্রদান করবে। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২৩৪০৯২৫.২৬ লক্ষ টাকা ও ঋণ মূলধন অনুপাত ছিল ৪২:৫৮। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছেরর প্রাক্কিলত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ২৫৯৭২৯৭.৩০ লক্ষ ও ২৯১১৫৩৪.১৫ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ৪৮:৫২ ও ৫৩:৪৭। ২০২১-২২ অর্থবছরে কর্তৃপক্ষের কর্মরত জনবল ছিল ৩৭৫৪ জন। ২০২২-২৩ অর্থবছরে এবং ২০২৩-২৪ অর্থবছরে কর্তৃপক্ষের জনবল দাঁড়াবে ৫৭১৫ জন করে।

## বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

বাংলাদেশের জলপথে নৌ-পরিবহনের অবকাঠামোমূলক সুযোগ সুবিধা সৃষ্টি যথাঃ নৌ-যোগাযোগ ও পরিবহন ব্যবস্থার উন্নতিকল্পে এর যথাযথ সংরক্ষণ ও নিয়ন্ত্রণ, নিরাপদ নৌ-চলাচল এবং নদী বন্দর আধুনিকীকরণ প্রভৃতি কর্মকান্ড বাস্তবায়নের লক্ষ্যে ১৯৫৮ সালে একটি বিধিবদ্ধ সংস্থা হিসেবে তৎকালীন পূর্ব পাকিস্তান অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়। পরবর্তীকালে ১৯৭৭ সালে রাষ্ট্রপতি কর্তৃক জারীকৃত অধ্যাদেশ বলে এর নামকরণ করা হয় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীনে একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। এ সংস্থা বর্তমানে সারা দেশে বর্ষা মৌসুমে প্রায় ৭৪০০ কিলোমিটার এবং শুষ্ক মৌসুমে প্রায় ৫৭৩৩ কিলোমিটার নৌ-পথে প্রয়োজনীয় সেবা প্রদান করে থাকে। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট সংক্ষিপ্তসার (প্রধান কার্যালয়)

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ৫২৭৮০.০০ | ৫৩২৮৫.০০ | ৫০৫৬৫.০০ | ৫১৯২৬.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ২৭৫০০.০০ | ২৭০০০.০০ | ২৬৮০০.০০ | ২৮৯৮১.৮০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৫. | অন্যান্য | ০.০০ | ০.০০ | ২৭২০.০০ | ০.০০ |
| **০৬.** | **মোট আয় (১+... +৫)** | **৮০২৮০.০০** | **৮০২৮৫.০০** | **৮০০৮৫.০০** | **৮০৯০৭.৮০** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ২১৩৫৭.০০ | ১৯৯৪০.০০ | ২০৯৬২.০০ | ১৮৩৬২.০৯ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৪৯০০.০০ | ৪৭০০.০০ | ৪৯০০.০০ | ৪৫০০.০০ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ৬০৯৬৫.১৫ | ৬২৮৭৭.১৫ | ৫৯৪৭৭.১৫ | ৫৮৭০৪.৬১ |
| **১০.** | **মোট ব্যয় (০৭+... +০৯)** | **৮৭২২২.১৫** | **৮৭৫১৭.১৫** | **৮৫৩৩৯.১৫** | **৮১৫৬৬.৭০** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) (০৬-১০)** | **-৬৯৪২.১৫** | **-৭২৩২.১৫** | **-৫২৫৪.১৫** | **-৬৫৮.৯০** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১০০৫.০০ | ১৩৩৫.০০ | ১০০৫.০০ | ৮১৯.১৬ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৪৫০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ১৬১৩৭৭.০০ | ১২১০৭২.০০ | ১৩৯৬২৪.০০ | ৬২৮৭৫.৬০ |
| ১৬. | মোট সম্পদ | ১১০৩৯২১.০২ | ৯৪৪৭৬৮.১৭ | ১০৫০০৮৮.১৯ | ৮২৮৬৭১.৩২ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ১৫:৮৫ | ১৭:৮৩ | ১৯:৮১ | ২০:৮০ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ৪৯৪৫ | ৪৭১২ | ৪৩৬৩ | ৪৩০৩ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ৫৩২৮৫.০০ লক্ষ ও ৫২৭৮০.০০ লক্ষ টাকা রাজস্ব অনুদানসহ সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮০২৮৫.০০ লক্ষ ও ৮০২৮০.০০ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮৭৫১৭.১৫ লক্ষ ও ৮৭২২২.১৫ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত ঘাটতি দাঁড়াবে যথাক্রমে ৭২৩২.১৫ লক্ষ ও ৬৯৪২.১৫ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে ৫১৯২৬.০০ লক্ষ টাকা রাজস্ব অনুদানসহ সংস্থার মোট আয় ৮০৯০৭.৮০ লক্ষ টাকার বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৮১৫৬৬.৭০ লক্ষ টাকা এবং ব্যয় উদ্বৃত্ত ঘাটতি ছিল ৬৫৮.৯০ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক বিভিন্ন ধরনের শুল্ক ও কর বাবদ সরকারি কোষাগারে প্রদেয় অবদান প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ১৩৩৫.০০ লক্ষ ও ১০০৫.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদান ছিল ৮১৯.১৬ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৮২৮৬৭১.৩২ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ২০:৮০। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৯৪৪৭৬৮.১৭ লক্ষ ও ১১০৩৯২১.০২ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত যাথাক্রমে ১৭:৮৩ ও ১৫:৮৫। ২০২১-২২ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৪৩০৩ জন। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে জনবলের সংখ্যা দাঁড়াবে যথাক্রমে ৪৭১২ ও ৪৯৪৫ জন করে।

## বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) The Bangladesh Small and Cottage Industries Corporation Act ১৯৫৭ (Act No. XVII of ১৯৫৭) এর মাধ্যমে গঠিত একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। বিসিক দেশে ক্ষুদ্র, কুটির ও গ্রামীণশিল্পের উন্নয়ন, পরিবর্ধন ও সম্প্রসারণমূলক কার্য সম্পাদন করে আসছে। সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছেকর্মসংস্থান সৃষ্টি আয়বর্ধক কর্মকান্ডের মাধ্যমে দারিদ্র বিমোচন, বেকারত্ব দূরীকরণ, আয় বৈষম্য হ্রাস, শিল্প উদ্যোক্তা সৃষ্টি, ক্ষুদ্র ও কুটির শিল্পের পণ্যের বাজার উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে সহায়তা করা। বিসিক এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ২২৫০০.০০ | ১৯০৭৪.৪৭ | ২১৭৬৮.৮৯ | ১৯৪০৬.১১ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ১৬৪৩.৮০ | ২০৮৪.১২ | ১৯৮১.১২ | ১২৩৮.১৪ |
| ০৫. | অন্যান্য | ২০৩৯.২৯ | ১৮৭৯.০৩ | ১৮৪৭.২৫ | ১৭৪২.৮২ |
| ০৬. | **মোট আয় (১+...+৫)** | **২৬১৮৩.০৯** | **২৩০৩৭.৬২** | **২৫৫৯৭.২৬** | **২২৩৮৭.০৭** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ১২১০৬.১৪ | ১১৬৩৮.৩৫ | ১২৩৫৬.২৩ | ১১৯৪৫.৫৩ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৪০৫৩.০৯ | ৪৩৫৭.৯৮ | ৪৪৬১.৮৭ | ৩৬৩৭.৩৩ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ৬১৯৪.৬৬ | ৫৪২২.৩০ | ৭৮৪৪.৯০ | ৫৭৬৩.১৩ |
| ১০. | **মোট ব্যয় (৭+...+৯)** | **২২৩৫৩.৮৯** | **২১৪১৮.৬৩** | **২৪৬৬৩.০০** | **২১৩৪৫.৯৯** |
| ১১. | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি): (৬-১০)** | **৩৮২৯.২০** | **১৬১৮.৯৯** | **৯৩৪.২৬** | **১০৪১.০৮** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৩১০.০০ | ৩১০.০০ | ৩১০.০০ | ২৬৯.৯৮ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ৫০০.০০ | ৫০০.০০ | ৫০০.০০ | ৮০০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৩৬৬৭.৮৬ | ১৭১৮.৫০ | ৪৭২৮.৫০ | ২৫২৪.৮৬ |
| ১৬. | মোট সম্পদ | ২৪১০৮০.১৬ | ২৩৭৩৫৯.৯২ | ২৫০৫২৭.২৯ | ২৩৫৬৪৪.৯১ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৩০:৭০ | ৩১:৬৯ | ৪৩:৫৭ | ৩১:৬৯ |
| ১৮. | মোট জনবল ( সংখ্যা) | ১৯৯৫ | ১৯৯৫ | ২০৫৬ | ২০৫৬ |

বিসিক-এর আয়ের খাতের মধ্যে সরকারি অনুদান, প্রাপ্য সুদ ও প্রাপ্য ভাড়া উল্লেখযোগ্য। ২০২১-২২ অর্থবছরে সরকার হতে প্রাপ্ত অনুদান এর পরিমাণ ছিল ১৯৪০৬.১১ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সরকার হতে প্রাপ্ত অনুদানের পরিমাণ প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ১৯০৭৪.৪৭ লক্ষ টাকা ও ২২৫০০.০০ লক্ষ টাকা। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরে সরকার হতে প্রাপ্য অনুদান পরিবর্তনযোগ্য। সরকারি অনুদানসহ বিসিক-এর ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৩০৩৭.৬২ লক্ষ টাকা ও ২৬১৮৩.০৯ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২১৪১৮.৬৩ লক্ষ টাকা ও ২২৩৫৩.৮৯ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী এ বছরদ্বয়ে আয় দাঁড়াবে যথাক্রমে ১৬১৮.৯৯ লক্ষ টাকা ও ৩৮২৯.২০ লক্ষ টাকা। অপরদিকে, ২০২১-২২ অর্থবছরে সংস্থার ২২৩৮৭.০৭ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২১৩৪৫.৯৯ লক্ষ টাকা এবং ব্যয় পরবর্তী আয়ের পরিমাণ ছিল ১০৪১.০৮ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক (শুল্ক, বিভিন্ন কর বাবদ) সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৩১০.০০ লক্ষ টাকা টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ২৬৯.৯৮ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২৩৫৬৪৪.৯১ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ( Debt Equity Ratio ) ৩১:৬৯। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ২৩৭৩৫৯.৯২ লক্ষ টাকা ও ২৪১০৮০.১৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত যথাক্রমে ৩১:৬৯ এবং ৩০:৭০ হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ২০৫৬ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছের প্রাক্কলিত বাজেটে ১৯৯৫ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

## বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা)

রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) আইন ১৯৮০ (আইন নং-৩৬) এর বলে বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) গঠিত হয়। বেপজা'র প্রধান কার্যাবলী এবং উদ্দেশ্যসমূহ হলো: (১) রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় বিদেশি পুঁজি বিনিয়োগে সহযোগিতা ও উৎসাহ দানের মাধ্যমে দেশে অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করা; (২) রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা সম্প্রসারণের মাধ্যমে বাংলাদেশের মোট রপ্তানির পরিমাণ বৃদ্ধি করে বৈদেশিক মুদ্রা অর্জনের উৎস সৃষ্টি করা; (৩) রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় শিল্প কারখানা, বাণিজ্যিক ও সেবামূলক প্রতিষ্ঠান স্থাপনে যাবতীয় সহযোগিতা ও উৎসাহ দানের মাধ্যমে বাংলাদেশের অর্থনৈতিক ভিত্তিকে শক্তিশালী করা এবং (৪) রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা সম্প্রসারণের মাধ্যমে দেশে উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা ও আধুনিক উন্নততর প্রযুক্তিগত জ্ঞান আহরণের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি ও ব্যবস্থাপনা খাতে দক্ষতা আনয়ন করা। বেপজা-এর ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিববরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে লেভি সংগ্রহ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ১৮৪০০.০০ | ১৭৮০০.০০ | ১৮২৭০.০০ | ১৭৮৮৪.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য সুদ ও ভাড়া | ৩৭৭৯৬.১০ | ৩৬,২২১.৭৪ | ৩৩৯৭৪.০৪ | ৪৯৮০৮.৭৯ |
| ০৫. | অন্যান্য | ২৮০০.০০ | ২৭৫০.০০ | ২০৮৯.০০ | ৫৬৯১.৫৮ |
| **০৬.** | **মোট আয় (১+ . . . +৫)** | **৫৮৯৯৬.১০** | **৫৬৭৭১.৭৪** | **৫৪৩৩৩.০৪** | **৭৩৩৮৪.২৮** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ১০৭২১.৫৯ | ৯৮৫১.৬৩ | ১০১৩২.৪৮ | ৮৮২২.০৫ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৩১৪২.০০ | ২৬৩৫.০০ | ৩২৪১.৫৭ | ৪৫০০.৭০ |
| ০৯. | অন্যান্য | ৩৪৪১০.৫৯ | ৩০৫৭৫.৯৪ | ৩৩৮০৪.৬৬ | ১৯৮৪০.২৩ |
| **১০.** | **মোট ব্যয় (৭+ . . . +৯)** | **৪৮২৭৪.১৮** | **৪৩০৬২.৫৭** | **৪৭১৭৮.৭১** | **৩৩১৬২.৯৮** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি):(৬-১০)** | **১০৭২১.৯২** | **১৩৭০৯.১৭** | **৭১৫৪.৩৩** | **৪০২২১.৩০** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশ | ২০০০.০০ | ২০০০.০০ | ২০০০.০০ | ২০০০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১৪০০০.০০ | ১৪০০০.০০ | ১০০০০.০০ | ১১৫২০.৭২ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ২৪৭৩.৩৪ | ২২৬৫.৩৪ | ২২৬৫.৩৪ | ২৩৭০.৮৫ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৯১০৩৮.৭১ | ১২৭৬২৩.৯৪ | ৬৪১২৩.০৯ | ২২৫১১.৮৯ |
| ১৬. | মোট সম্পদ | ৩১৮৩১৫.১৬ | ৩২৪০৬৬.৫৮ | ২৯০০২৭.৬৮ | ৩২৬৬২২.৭৫ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ১৭:৮৩ | ২২:৭৮ | ০ : ১০০ | ২৩:৭৭ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ২৪২৮ | ২৩৪৪ | ২৫৭৬ | ১৬২৫ |

২০২১-২২ অর্থবছরে বেপজা'র মোট ৭৩৩৮৪.২৮ লক্ষ টাকার আয়ের বিপরীতে মোট ব্যয় হয় ৩৩১৬২.৯৮ লক্ষ টাকা। ফলে সংস্থার ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ দাঁড়ায় ৪০২২১.৩০ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয় যথাক্রমে ৫৬৭৭১.৭৪ লক্ষ টাকা ও ৫৮৯৯৬.১০ লক্ষ টাকার বিপরীতে মোট ব্যয় প্রাক্কলন করা হয় যথাক্রমে ৪৩০৬২.৫৭ লক্ষ টাকা ও ৪৮,২৭৪.১৮ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১৩৭০৯.১৭ লক্ষ টাকা ও ১০৭২১.৯২ লক্ষ টাকা।

২০২১-২২ অর্থবছরে বেপজা লভ্যাংশ হিসেবে ২০০০.০০ লক্ষ টাকা সরকারি কোষাগারে প্রদান করেছে। তাছাড়া ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছের প্রাক্কলিত উভয় বাজেটে বেপজা লভ্যাংশ হিসেবে ২০০০.০০ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করার জন্য বরাদ্দ রাখা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের উদ্বৃত্ত তহবিল হতে ৫০০ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করবে। ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থ বছরের প্রস্তাবিত উভয় বাজেটে ১৪০০.০০ লক্ষ টাকা করে সরকারি কোষাগারে প্রদান করবে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৩২৬৬২২.৭৫ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ২৩:৭৭। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৩২৪০৬৬.৫৮ লক্ষ টাকা ও ৩১৮৩১৫.১৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ২২:৭৮ ও ১৭:৮৩। ২০২১-২২ অর্থবছরে কর্মরত জনবল ছিল ১৬২৫ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছের প্রাক্কলিত বাজেটে সংস্থার জনবল দাঁড়াবে যথাক্রমে ২৩৪৪ ও ২৪২৮ জন।

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করার উদ্দেশ্যে কৃষি বিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে শিল্পের সম্প্রসারণ, শিক্ষা, যোগাযোগ-ব্যবস্থা, জনস্বাস্থ্যের উন্নয়ন, এবং পল্লীর জনগনের দোরগোড়ায় বিদ্যুৎ সুবিধা পৌঁছানোর লক্ষ্যে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে পল্লী বিদ্যুতায়ন বোর্ড অধ্যাদেশ, ১৯৭৭ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রতিষ্ঠিত হয়। ১৯৭৭ সালে বাপবিবো প্রতিষ্ঠার পর "না লাভ না লোকসান" নীতির উপর ভিত্তি করে পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস) গঠিত হয়। দেশের গ্রামীণ জনপদে 'পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম' পরিচালনা করাই বাপবি বোর্ড এর মুখ্য উদ্দেশ্য। ১৯৭৮ সালে পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম শুরুর পর হতে বাপবিবোর্ড পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ গঠনসহ, সমিতিসমূহের ভৌত অবকাঠামো নির্মাণের জন্য প্রয়োজনীয় তহবিলের সংস্থান এবং বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্ক নির্মাণ ও পরিচালনে সমিতিসমূহকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে আসছে। উল্লেখ্য, বর্তমানে ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি সারা দেশের গ্রামাঞ্চলে বিদ্যুৎ সুবিধা প্রদান করে আসছে। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর প্রধান কার্যালয়ের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ৮১১৭২.২৩ | ৭৩৮০৬.৫৭ | ১২৪৮৫০.৫৫ | ৫৪৭৫৬.৪৩ |
| ০৫. | অন্যান্য | ১৪৮৬০.০০ | ১৪৭৮৩.৯২ | ১২৩১০.০০ | ২৯৫৫৯.০৮ |
| ০৬. | **মোট আয় (১+...+৫)** | **৯৬০৩২.২৩** | **৮৮৫৯০.৪৯** | **১৩৭১৬০.৫৫** | **৮৪৩১৫.৫১** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ১৪৯১২.০০ | ১২৭০৪.০০ | ১১৩৬২.০০ | ৮৫০৫.০৪ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৫৭১০.০০ | ৫৭১০.০০ | ৫৭১০.০০ | ৫৩১০.০০ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ৩৫৮০২.৫০ | ২৯০৪০.০০ | ২৮৫৫৫.৫০ | ৪৩১৬২.৯৪ |
| ১০. | **মোট ব্যয় (৭+...+৯)** | **৫৬৪২৪.৫০** | **৪৭৪৫৪.০০** | **৪৫৬২৭.৫০** | **৫৬৯৭৭.৯৮** |
| ১১. | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি): (৬-১০)** | **৩৯৬০৭.৭৩** | **৪১১৩৬.৪৯** | **৯১৫৩৩.০৫** | **২৭৩৩৭.৫৩** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ৩০০.০০ | ০.০০ | ৩০০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থারমোট অবদান | ৪৭৬৮২.৫০ | ৯৪১৫০.০০ | ৪৬৬৫১.৫০ | ৯৪৬৩১.৮১ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ৩৭৯৬০.০০ | ২৩২৭৪.৬৮ | ২৩২৭৪.৬৮ | ২৩৪৭০.৮০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৯০১৩৮.২৪ | ৭৭৪৬৩.২৭ | ৭৯৮০৭৮.৭৯ | ১৭৮০৬.৯১ |
| ১৬. | মোট সম্পদ | ৭৫০১২৯৮.৬৩ | ৭০১৮২৪৫.৭১ | ১০৯৫৪৯৮৮.০৭ | ৬৫৮৮৪৮৬.৯৮ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত ( Debt Equity Ratio ) | ২৯:৭১ | ২৬:৭৪ | ৩৮:৬২ | ২৩:৭৭ |
| ১৮. | মোট জনবল ( সংখ্যা) | ১৬৮৫ | ১৬১৩ | ১৬১৩ | ১৩৬৩ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৮৮৫৯০.৪৯ লক্ষ টাকা ও ৯৬০৩২.২৩ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৭৪৫৪.০০ লক্ষ টাকা ও ৫৬৪২৪.৫০ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ৪১১৩৬.৪৯ লক্ষ টাকা ও ৩৯৬০৭.৭৩ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৮৪৩১৫.৫১ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৫৬৯৭৭.৯৮ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী এ অর্থবছরে সংস্থায় ব্যয় উদ্বৃত্ত আয় ছিল ২৭৩৩৭.৫৩ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক (শুল্ক, বিভিন্ন কর বাবদ) সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৯৪১৫০.০০ লক্ষ টাকা ও ৪৭৬৮২.৫০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ৯৪৬৩১.১৮ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৬৫৮৮৪৮৬.৯৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ছিল ২৩:৭৭। ২০২২-২৩ অর্থবছরে সংশোধিত ও ২০২৩-২৪ প্রাক্কলিত অর্থবছরে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৭০১৮২৪৫.৭১ লক্ষ টাকা এবং ৭৫০১২৯৮.৬৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত ২৬:৭৪ ও ২৯:৭১ দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবল ছিল ১৩৬৩ জন যা ২০২২-২৩ অর্থবছরে এবং ২০২৩-২৪ অর্থবছরে যথাক্রমে ১৬১৩ জনে ও ১৬৮৫ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ)

২০২১-২২ অর্থবছরের হিসাব অনুযায়ী পল্লী বিদ্যুতায়ন বোর্ডের অধীনে ঐ সময় পর্যন্ত মোট ৮০টি সমিতি বিদ্যুতায়ন ও ৮০টি সমিতি সংগঠিত করা হয়েছে। ২০২২-২৩ সংশোধিত অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে কোন নতুন সমিতি বিদ্যুতায়ন বা সংগঠিত করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর ইউনিটসমূহের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ৪০০১০৮৫.০০ | ৩৬৭৫৫৩৫.০০ | ৩৭৮২৬৬৯.০০ | ৩০৫৫৭৮৭.০০ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ৩৯৫৭৭৪০.০০ | ৩৬৪৮৫৭১.২১ | ৩৭২৩৯৩৭.০০ | ৩০৬১৭০০.০০ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ১০৩৬৩.০০ | ৯৪০৭.২৭ | ৭২৮৭.০০ | ৫৪৫৩.০০ |
| **০৪.** | **মোট ব্যয় (২+৩)** | **৩৯৬৮১০৩.০০** | **৩৬৫৭৯৭৮.৪৮** | **৩৭৩১২২৪.০০** | **৩০৬৭১৫৩.০০** |
| **০৫.** | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **৩২৯৮২.০০** | **১৭৫৫৬.৫২** | **৫১৪৪৫.০০** | (১১৩৬৬.০০) |
| ০৬. | অ-পরিচালন আয় | ৮২১২১.০০ | ৭৭৪৩৮.০০ | ৭৩০৮৬.০০ | ৬৯০২৫.০০ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ১৩৩৩০৮.০০ | ১২৫৩২০.০০ | ৯৯৮১৪.০০ | ১১০০৩৮.০০ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **০৯.** | **নিট মুনাফা/(লোকসান): (৫+৬-৭-৮)** | **(১৮২০৫.০০)** | **(৩০৩২৫.৪৮)** | **২৪৭১৭.০০** | **(৫২৩৭৯.০০)** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয়অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ২০৯৯৩৫.০০ | ১৯৩১৫৭.০০ | ১৯৭৯৬৪.০০ | ১৫৭৫১৩.০০ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ১৫১৩৩৫.০০ | ১৪৪১২৯.০০ | ১১১১৩১.০০ | ১৩৭২৬৬.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৭২২৭২৪.০০ | ৭০১৫৭৫.০০ | ৫৬১৯৯৪.০০ | ৩৫০১২৯.০০ |
| ১৪. | মোট সম্পদ | ৮৫২০৬৬৫.১৬ | ৮০৪৭৪৩৩.৬০ | ১০০২৪৩৭০.৩৪ | ৭৬৪৫৩২৮.০০ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত ( Debt Equity Ratio ) | ৯৯:১ | ৯৮:২ | ৯৮:২ | ৯৮:২ |
| ১৬. | মোট জনবল ( সংখ্যা) | ৪৯১৫২ | ৪৮৪২৫ | ৪৪৪৪৯ | ৪৩৮৭০ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট পরিচালন রাজস্বের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৬৭৫৫৩৫.০০ লক্ষ টাকা ও ৪০০১০৮৫.০০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৬৫৭৯৭৮.৪৮ লক্ষ টাকা ও ৩৯৬৮১০৩.০০ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী এ বছরদ্বয়ে পরিচালন মুনাফা দাঁড়াবে যথাক্রমে ১৭৫৫৬.৫২ লক্ষ টাকা ও ৩২৯৮২.০০ লক্ষ টাকা এবং অপরিচালন ব্যয় পরবর্তী কর উত্তর নিট লোকসান দাঁড়াবে যথাক্রমে ৩০৩২৫.৪৮ লক্ষ টাকা ও ১৮২০৫.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৩০৫৫৭৮৭.০০ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৩০৬৭১৫৩.০০ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী পরিচালন লোকসানের পরিমাণ ছিল ১১৩৬৬.০০ লক্ষ টাকা এবং অপরিচালন ব্যয় পরবর্তী নিট লোকসানের পরিমাণ ছিল ৫২৩৭৯.০০ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক (শুল্ক, বিভিন্ন কর বাবদ) সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৯৩১৫৭.০০ লক্ষ টাকা ও ২০৯৯৩৫.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ১৫৭৫১৩.০০ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৭৬৪৫৩২৮.০০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) ছিল ৯৮:২। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৮০৪৭৪৩৩.৬০ লক্ষ টাকা এবং ৮৫২০৬৬৫.১৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত যথাক্রমে ৯৮:২ এবং ৯৯:১ দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবল ছিল ৪৩৮৭০ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছেরর প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ৪৮৪২৫ জনে ও ৪৯১৫২ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

## বাংলাদেশ চা বোর্ড

বাংলাদেশ চা বোর্ড বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনস্থ একটি বিধিবদ্ধ সংস্থা। বাংলাদেশের চা শিল্পের উন্নয়ন এবং প্রণালীবদ্ধ নিয়ন্ত্রণ, চা এর উৎপাদন, বিপণন এবং রপ্তানি সংক্রান্ত যাবতীয় কাজ এ বোর্ডের অন্তর্ভূক্ত। চা শিল্পের সার্বিক উন্নয়ন এবং এর বিপণনের লক্ষ্যে 'পাকিস্তান টি এ্যাক্ট ১৯৫০' এর আওতায় ১৯৫১ সালে "পাকিস্তান টি বোর্ড" গঠিত হয়। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর 'চা অধ্যাদেশ ১৯৭৭' এর আওতায় "বাংলাদেশ চা বোর্ড" পুনর্গঠিত হয়। 'চা অধ্যাদেশ ১৯৭৭' এবং 'চা (সংশোধনী) অধ্যাদেশ ১৯৮৬' এর পরিবর্তে বর্তমানে 'চা আইন ২০১৬' এর অধীনে বাংলাদেশ 'চা বোর্ড' পরিচালিত হচ্ছে।বাংলাদেশ চা বোর্ড এর বাজেট- সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিট সমূহ হ'তে সংগৃহীত লেভি | ১২০.০০ | ১১২.০০ | ১১২.০০ | ১৪৯.৫২ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ১১৯০.০০ | ১১৪০.০০ | ১১৫০.০০ | ১২১৯.৮১ |
| ০৫. | অন্যান্য | ২৪৮০.০০ | ২১৭৬.৭৩ | ২৪৫০.০০ | ২৫৫৯.৫২ |
| **০৬.** | **মোট আয় (১+...+৫)** | **৩৭৯০.০০** | **৩৪২৮.৭৩** | **৩৭১২.০০** | **৩৯২৮.৮৫** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ১৫৭৩.২৫ | ১২৭৬.৭৫ | ১৬০৯.১০ | ১২১৯.৩৫ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৪৫৯.০০ | ৩৮১.০৫ | ২৭৮.৩০ | ২০৪.৩৩ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ১৪৮৮.৩০ | ১৩৫৫.৯৯ | ১৪০৩.৪০ | ৯৪৫.৬৬ |
| **১০.** | **মোট ব্যয় (৭+...+৯)** | **৩৫২০.৫৫** | **৩০১৩.৭৯** | **৩২৯০.৮০** | **২৩৬৯.৩৪** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি) (৬-১০)** | **২৬৯.৪৫** | **৪১৪.৯৪** | **৪২১.২০** | **১৫৫৯.৫১** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ ✓ | ৪০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৪০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ০.০০ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ১৫৩৮.৫০ | ৮৩৬.০০ | ৮৯০.৫০ | ৭০৫.৪২ |
| ১৬. | মোট সম্পদ | ১৪৫৯০.৪৯ | ১৪৩৬১.০৪ | ১৪৩৪৮.৯৯ | ১৩৯৮৬.১০ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ০:১০০ | ০:১০০ | ০:১০০ | ১:৯৯ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ৩০৮ | ২৬৭ | ২৯৪ | ২৫৩ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৪২৮.৭৩ লক্ষ এবং ৩৭৯০.০০ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩০১৩.৭৯ লক্ষ এবং ৩৫২০.৫৫ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ৪১৪.৯৪ লক্ষ এবং ২৬৯.৪৫ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৩৯২৮.৮৫ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২৩৬৯.৩৪ লক্ষ টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ১৫৫৯.৫১ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/ লভ্যাংশ প্রদানের লক্ষ্যমাত্র ধার্য করা হয়েছে ৪০.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ১৩৯৮৬.১০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ১:৯৯। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ১৪৩৬১.০৪ লক্ষ এবং ১৪৫৯০.৪৯ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে যথাক্রমে ০:১০০ এবং ০:১০০। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ২৫৩ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার জনবলের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ২৬৭ এবং ৩০৮ জন।

# বস্ত্র প্রক্রিয়াকরণ কেন্দ্র

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁত শিল্পের উন্নয়নে গভীরভাবে আগ্রহী ছিলেন। তিনি তাঁতিদের স্বল্প মূল্যে সুতা সরবরাহের ব্যবস্থা করেছিলেন। তাঁত শিল্পের বিকাশে ক্ষুদ্র ও প্রান্তিক তাঁতিদের কারিগরি সহায়তা প্রদান, তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে তথা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে ১৯৮৭ সনে ১৯৯.৬০ লক্ষ টাকা ব্যয়ে প্রাচ্যের ম্যানচেস্টার খ্যাত নরসিংদীর বাবুরহাটের সন্নিকটে ঢাকা-সিলেট মহাসড়কের পার্শ্বে নওপাড়া নামক স্থানে ৩.৬৩ একর জমিতে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক বস্ত্র প্রক্রিয়াকরণ কেন্দ্র (সিপিসি) প্রতিষ্ঠা করা হয়। এখান থেকে তাঁতি, ক্ষুদ্র ও প্রান্তিক ব্যবসায়ীদের সরবরাহকৃত কাপড়ের বিভিন্ন কারিগরি সেবা যেমন- ওয়াশিং এন্ড ডাইং, প্রিন্টিং, ফিনিশিং, ক্যালেন্ডারিং, সিঞ্জিং ও হাইড্রো-এক্সট্রাক্টিং ইত্যাদি সেবা প্রদান করা হয়। আশির দশকে দেশে গার্মেন্টস শিল্পের বিকাশ ঘটায় এ কেন্দ্রটি ব্যাকওয়ার্ড লিংকেজ হিসেবেও কাজ করছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ডিজিটাল বাংলাদেশের রুপকার বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনার একান্ত সানুগ্রহে কেন্দ্রটিকে আধুনিকায়ন ও যুগোপযোগি করণের নিমিত্ত ৪৪.৭০ কোটি টাকা ব্যয়ে বিএমআরইকরণ প্রকল্পের কাজ বাস্তবায়ন করা হয়েছে। বস্ত্র প্রক্রিয়াকরণ কেন্দ্র এর বাজেট - সংক্ষিপ্তসার নিম্নরূপ:

**বাজেট-সংক্ষিপ্তসার**

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | বিক্রয় রাজস্ব | ৭০৯.৭৮ | ৬২৮.২৩ | ৩২৮.৭৩ | ৩৩৩.২৯ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | উৎপাদন ব্যয় | ৬৩৫.৬৭ | ৫৫৬.৪০ | ২৯৬.৮৮ | ৩০৩.২৬ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | **মোট ব্যয় (২+৩)** | **৬৩৫.৬৭** | **৫৫৬.৪০** | **২৯৬.৮৮** | **৩০৩.২৬** |
| ০৫. | **পরিচালন মুনাফা/ (লোকসান) ( ১-৪)** | **৭৪.১১** | **৭১.৮৩** | **৩১.৮৫** | **৩০.০৩** |
| ০৬. | অ-পরিচালন আয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৯. | **নিট মুনাফা/(লোকসান) (৫+৬-৭-৮)** | **৭৪.১১** | **৭১.৮৩** | **৩১.৮৫** | **৩০.০৩** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১.৫০ | ১.২০ | ১.৫০ | ০.০০ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৩১.৩০ | ১১.৩৫ | ৬.২৫ | ৫.৩১ |
| ১৪. | মোট সম্পদ | ৩১৯.৫৩ | ২৮৪.৩৪ | ২৭৭.৫৭ | ২৬৯.৪৫ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ০:১০০ | ০:১০০ | ১০:৯০ | ১৩:৮৭ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ৭২ | ৭২ | ৪৮ | ৪৬ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৬২৮.২৩ লক্ষ ও ৭০৯.৭৮ লক্ষ টাকা এবং তার বিপরীতে মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫৫৬.৪০ লক্ষ ও ৬৩৫.৬৭ লক্ষ টাকা। ফলে পরিচালন এবং নিট মুনাফা দাঁড়াবে যথাক্রমে ৭১.৮৩ লক্ষ ও ৭৪.১১ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৩৩৩.২৯ লক্ষ টাকা রাজস্ব আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৩০৩.২৬ লক্ষ টাকা এবং পরিচালন ও নিট মুনাফার পরিমাণ ছিল ৩০.০৩ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ হিসাবে কোন লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ২৬৯.৪৫ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ১৩:৮৭। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ২৮৪.৩৪ লক্ষ ও ৩১৯.৫৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত হবে ০:১০০ ও ০:১০০। ২০২১-২২ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৪৬ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে ৭২ জন।

# বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড অবাণিজ্যিক, উন্নয়ন ও সেবামূলক প্রতিষ্ঠান। বোর্ডের নিজস্ব কোন আয় নাই। সরকার কর্তৃক প্রদত্ত রেকারিং অনুদানের মাধ্যমে বোর্ডের প্রশাসনিক ব্যয় নির্বাহ হয়ে থাকে। বোর্ডের মূল উদ্দশ্য হচ্ছে (ক) রেশম চাষের লাভজনক দিক চাষিদের নিকট তুলে ধরা (খ) চাষিদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদান করা (গ) প্রান্তিক চাষিদের আর্থিক কারিগরি সহায়তা দান এবং (ঘ) রেশম চাষকে জনপ্রিয় করে তোলার মাধ্যমে দ্রুত রেশম চাষ সম্প্রসারণ কর্মকান্ডের ব্যাপকভাবে দ্রুত মাঠপর্যায়ে বিস্তার ঘটিয়ে দারিদ্র বিমোচন করা। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডে-এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

## বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ২৮৬৮.০০ | ২৬৬৭.৬৩ | ৪২৩৪.৫০ | ৩০০৬.৪৮ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা প্রাপ্য ভাড়া ও সুদ | ০.০০ | ০.০০ | ১০.০০ | ০.০০ |
| ০৫. | অন্যান্য | ১২২.৩৪ | ৮৪.৮১ | ৩১.০০ | ১০০.১০ |
| **০৬.** | **মোট আয় (১+...+৫)** | ২৯৯০.৩৪ | ২৭৫২.৪৪ | ৪২৭৫.৫০ | ৩১০৬.৫৮ |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ১৩৮০.০০ | ১৩৬০.০০ | ১৫৩৪.৫০ | ১৩৮৭.৫৪ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৫৭৫.০০ | ৪৪৫.০০ | ৫৬৫.০০ | ৭৭৫.০০ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ৮৯১.০০ | ৮৫২.৫০ | ১৯৯৩.০০ | ৮১৩.৯০ |
| **১০.** | **মোট ব্যয় (৭+...+৯)** | ২৮৪৬.০০ | ২৬৫৭.৫০ | ৪০৯২.৫০ | ২৯৭৬.৪৪ |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি): (৬-১০)** | ১৪৪.৩৪ | ৯৪.৯৪ | ১৮৩.০০ | ১৩০.১৪ |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ৪১.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৪৪.০০ | ৪৪.০০ | ৯৪.০০ | ৩৮.৯৭ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ০.০০ | ০.০০ | ৪১.০০ | ৩২.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ২২.০০ | ১০.১৩ | ১৪২.০০ | ৩০.০৪ |
| ১৬. | মোট সম্পদ | ৬৭৪৯৪.৮১ | ৬৭৩৫০.৪৭ | ৬৫৫২৩.৭০ | ৬৭২৫৫.৫৩ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৭:৯৩ | ৭:৯৩ | ৭:৯৩ | ৭:৯৩ |
| ১৮. | মোট জনবল ( সংখ্যা) | ১৪৫ | ১৬৯ | ১৬৯ | ১৮০ |

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড- এর আয়ের খাতের মধ্যে সরকারি অনুদান, প্রাপ্য সুদ ও প্রাপ্য ভাড়া উল্লেখযোগ্য। ২০২১-২২ অর্থবছরে সরকার হতে প্রাপ্ত অনুদান এর পরিমাণ ছিল ৩০০৬.৪৮ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সরকার হতে প্রাপ্ত অনুদানের পরিমাণ প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ২৬৬৭.৬৩ লক্ষ টাকা ও ২৮৬৮.০০ লক্ষ টাকা। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরে সরকার হতে প্রাপ্য অনুদান পরিবর্তনযোগ্য। সরকারি অনুদানসহ বোর্ডের ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৭৫২.৪৪ লক্ষ টাকা ও ২৯৯০.৩৪ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৬৫৭.৫০ লক্ষ টাকা ও ২৮৪৬.০০ লক্ষ টাকা। ফলে এ বছরদ্বয়ে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ৯৪.৯৪ লক্ষ টাকা ও ১৪৪.৩৪ লক্ষ টাকা যা দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ এবং স্থায়ী সম্পত্তি বিনিয়োগে ব্যবহৃত হবে। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৩১০৬.৫৮ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২৯৭৬.৪৪ লক্ষ টাকা যার ফলে ব্যয় উদ্বৃত্ত আয় ছিল ১৩০.১৪ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা সরকারি কোষাগারে (শুল্ক, সরকারি ঋণের সুদ পরিশোধ, বিভিন্ন কর বাবদ) প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ৪৪.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ৩৮.৯৭ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ৬৭২৫৫.৫৩ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ( Debt Equity Ratio ) ছিল ৭:৯৩। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদ বৃদ্ধি পেয়ে যথাক্রম ৬৭৩৫০.৪৭ লক্ষ টাকা ও ৬৭৪৯৪.৮১ লক্ষ টাকা এবং ঋণ মূলধনের অনুপাত উভয় অর্থবছরে ৭:৯৩ দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ১৮০ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছেরর প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ১৬৯ জনে ও ১৪৫ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।

# রপ্তানি উন্নয়ন ব্যুরো

দেশের রপ্তানি বাণিজ্য প্রসার এবং রপ্তানিকারকদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের উদ্দেশ্যে মাহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ১০ অক্টোবর ১৯৭৭ খ্রি. তারিখে জারিকৃত অধ্যাদেশ The Export Promotion Bureau Ordinance, ১৯৭৭ বলে রপ্তানি উন্নয়ন ব্যুরো গঠিত হয়। রপ্তানি উন্নয়ন ব্যুরো বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত সংস্থার মুখ্য উদ্দেশ্য হলো দেশের রপ্তানি বাণিজ্য সম্প্রসারণকল্পে রপ্তানিনীতি প্রণয়ন, রপ্তানিকারকদের সহিত সমন্বয় রক্ষা করে রপ্তানি বাণিজ্য উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ, দেশি-বিদেশি ক্রেতা/বিক্রেতাদের মধ্যে সমন্বয়ের ব্যবস্থা, বহির্বিশ্বে দেশীয় পণ্যের বাজার সৃষ্টির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সরকারকে পরামর্শ প্রদান করা ইত্যাদি। রপ্তানি উন্নয়ন ব্যুরো এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

## বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | রাজস্ব আয় (অনুদানসহ) | ১২৫১২.৮০ | ১৪৯৯৫.৯০ | ৫৬৭১.০৫ | ৯৩৬৭.৮৩ |
| | **ব্যয়** | | | | |
| ০২. | পরিচালন ব্যয় | ৫৬২৪.৪৮ | ৪৩২৯.২৪ | ৩৭৩৪.৬০ | ২৯৮৮.০২ |
| ০৩. | অন্যান্য পরিচালন ব্যয় | ৩০৭১.২৯ | ৩৫৫৫.৯৩ | ২৭৮২.৮৬ | ১৯৫২.৬০ |
| **০৪.** | **মোট ব্যয় (২+৩)** | **৮৬৯৫.৭৭** | **৭৮৮৫.১৭** | **৬৫১৭.৪৬** | **৪৯৪০.৬২** |
| **০৫.** | **পরিচালন মুনাফা/(ক্ষতি) (১-৪)** | **৩৮১৭.০৩** | **৭১১০.৭৩** | **-৮৪৬.৪১** | **৪৪২৭.২১** |
| ০৬. | অ-পরিচালন আয় | ১২৫৮.০০ | ১২০৮.০০ | ১০০০.০০ | ১০৪৯.৫৩ |
| ০৭. | অ-পরিচালন ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৮. | আয়কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **০৯.** | **নিট মুনাফা/(ক্ষতি) (৫+৬-৭-৮)** | **৫০৭৫.০৩** | **৮৩১৮.৭৩** | **১৫৩.৫৯** | **৫৪৭৬.৭৪** |
| ১০. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১.০০ | ১.০০ | ১.০০ | ০.০০ |
| ১২. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ২২৭৯৩.০০ | ৫৫৭.০০ | ২৬৭৭৫.০০ | ১৩৮.১১ |
| ১৪. | মোট সম্পদ | ২৭০০৩৭.২০ | ২৪০৬৭১.০১ | ২৬৬৫৫৯.২০ | ২৩৪১৩৮.১০ |
| ১৫. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ১৭:৮৩ | ৯:৯১ | ২০:৮০ | ১০:৯০ |
| ১৬. | মোট জনবল (সংখ্যা) | ২৭৭ | ২৭৭ | ২৭৭ | ২৫০ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৪৯৯৫.৯০ লক্ষ ও ১২৫১২.৮০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৭৮৮৫.১৭ লক্ষ ও ৮৬৯৫.৭৭ লক্ষ টাকা। ফলে ২০২২-২৩ অর্থবছরে পরিচালন মুনাফা দাঁড়াবে ৭১১০.৭৩ লক্ষ টাকা ও নিট মুনাফা দাড়াঁবে ৮৩১৮.৭৩ লক্ষ টাকা। ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন মুনাফা দাঁড়াবে ৩৮১৭.০৩ লক্ষ টাকা এবং নিট মুনাফা দাঁড়াবে ৫০৭৫.০৩ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৯৩৬৭.৮৩ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৪৯৪০.৬২ লক্ষ টাকা এবং পরিচালন মুনাফার পরিমাণ ছিল ৪৪২৭.২১ লক্ষ টাকা ও নিট মুনাফার পরিমাণ ছিল ৫৪৭৬.৭৪ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত ও ২০২৩-২৪ প্রাক্কলিত উভয় বাজেট সংস্থা কর্তৃক বিভিন্ন ধরনের শুল্ক ও কর এবং উদ্বৃত্ত তহবিল বাবদ সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্র ধার্য হয়েছে ১.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সরকারি কোষাগারে সংস্থার কোন অবদান ছিল না। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২৩৪১৩৮.১০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ১০:৯০। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ২৪০৬৭১.০১ লক্ষ ও ২৭০০৩৭.২০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত যথাক্রমে ৯:৯১ ও ১৭:৮৩। ২০২১-২২ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ২৫০ জন। ২০২২-২৩ ও ২০২৩-২৪ উভয় অর্থবছরে রপ্তানি উন্নয়ন ব্যুরো এর জনবলের সংখ্যা দাঁড়াবে ২৭৭ জন।

## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

বাংলাদেশ টেলিযোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও দক্ষ নিয়ন্ত্রণের স্বার্থে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (২০০১ সনের ১৮ নং আইন) মোতাবেক বিগত ৩১ জানুয়ারি ২০০২ সালে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন গঠিত হয়। বিটিআরসি'র বাজেট সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিট সমূহ হ'তে লেভি সংগ্রহ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য সুদ ও ভাড়া | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৫. | অন্যান্য | ৩৫৫৫০০.০০ | ৩৪৩০০০.০০ | ৩৪২০০০.০০ | ৪৩৬৮৬০.৯১ |
| **০৬.** | **মোট আয় (১+. . .+৫)** | ৩৫৫৫০০.০০ | **৩৪৩০০০.০০** | **৩৪২০০০.০০** | ৪৩৬৮৬০.৯১ |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ৩৫৮০.৫০ | ৩২৮৬.০০ | ৩২৭৯.৫০ | ২৯২৭.৮৩ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৩৯০০.০০ | ৩৮৬০.০০ | ৩৭৮০.০০ | ৩২৬৯.৪৮ |
| ০৯. | অন্যান্য | ৯৬৫৪৬.০০ | ৫১৫৫৩.৭৫ | ৯৮৫৯২.৪৬ | ৪৭৫৯৬.৭৪ |
| **১০.** | **মোট ব্যয় (৭+. . .+৯)** | **১০৪০২৬.৫০** | **৫৮৬৯৯.৭৫** | **১০৫৬৫১.৯৬** | **৫৩৭৯৪.০৫** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি): (৬-১০)** | **২৫১৪৭৩.৫০** | **২৮৪৩০০.২৫** | **২৩৬৩৪৮.০৪** | **৩৮৩০৬৬.৮৬** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান✓/লভ্যাংশ | ২৫১৪৭৩.৫০ | ২৮৪৩০০.২৫ | ২৩৬৩৪৮.০৪ | ৩৮৩০৬৬.৮৬ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ২৫১৪৭৩.৫০ | ২৮৪৩০০.২৫ | ২৩৬৩৪৮.০৪ | ৩৮৩০৬৬.৮৬ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৬৮৭৬৬.৫০ | ২৬০৭৪.২৫ | ৬৬১৯৪.৬২ | ২৪৯৬৩.৫২ |
| ১৬. | মোট সম্পদ | ৯৮৩৯৯৯.১৭ | ৬৬৩৭৫৯.১৭ | ৮৭৪৮৩৩.৭২ | ৩৫৩৩৮৪.৬৭ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ০:১০০ | ০:১০০ | ০:১০০ | ০:১০০ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ৩৯০ | ৩৯০ | ৪১৮ | ৩৯০ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩৪৩০০০.০০ লক্ষ এবং ৩৫৫৫০০.০০ লক্ষ টাকা। এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৫৮৬৯৯.৭৫ লক্ষ ও ১০৪০২৬.৫০ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ২৮৪৩০০.২৫ লক্ষ এবং ২৫১৪৭৩.৫০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৪৩৬৮৬০.৯১ লক্ষ টাকার আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৫৩৭৯৪.০৫ লক্ষ টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ৩৮৩০৬৬.৮৬ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ প্রদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৮৪৩০০.২৫ লক্ষ এবং ২৫১৪৭৩.৫০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছের সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ প্রদানের পরিমাণ ছিল ৩৮৩০৬৬.৮৬ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৩৫৩৩৮৪.৬৭ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ছিল ০:১০০। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পেয়ে দাঁড়াবে যথাক্রমে ৬৬৩৭৫৯.১৭ লক্ষ এবং ৯৮৩৯৯৯.১৭ লক্ষ টাকা এবং উভয় অর্থ বছরে ঋণ মূলধন অনুপাত হবে ০:১০০। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৩৯০ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে ৩৯০ জন।

# বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ এর আওতায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন প্রতিষ্ঠিত হয়। বিশ্বায়নের যুগে মুক্তবাজার অর্থনীতির তীব্র প্রতিযোগিতার মুখে দেশের বিনিয়োগ খাতে টেকসই ও বিনিয়োগ বান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে এনার্জি খাতকে গতিশীল ও শক্তিশালী করার মাধ্যমে দেশের সামগ্রিক অর্থনীতির অগ্রগতির ধারাকে এগিয়ে নেওয়া বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন এর প্রধান লক্ষ্য। বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন এর বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

## বাজেট-সংক্ষিপ্তসার

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ৫৮৫.০০ | ৫৯০.০০ | ৫১০.০০ | ৫৯৬.১৫ |
| ০৫. | অন্যান্য | ৩৯০৪.০০ | ৩৭০০.০০ | ৩২৬০.০০ | ৩৬১০.৫৩ |
| **০৬.** | **মোট আয় (১+... +৫)** | **৪৪৮৯.০০** | **৪২৯০.০০** | **৩৭৭০.০০** | **৪২০৬.৬৮** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ৯৯৪.৫৯ | ৫৮৭.৬২ | ৯৭৮.৩৭ | ৫২৪.২৮ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৫৪২.০০ | ৬৪৫.০০ | ৫২৫.০০ | ১,৫১৭.৪১ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ২১৩৯.৫০ | ১৪০৯.৫০ | ১৯৭৮.৫০ | ৭৭০.৯০ |
| **১০.** | **মোট ব্যয় (৭+... +৯)** | **৩৬৭৬.০৯** | **২৬৪২.১২** | **৩৪৮১.৮৭** | **২৮১২.৫৯** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) (৬-১০)** | **৮১২.৯১** | **১,৬৪৭.৮৮** | **২৮৮.১৩** | **১,৩৯৪.০৯** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১৫০০.০০ | ১২০০.০০ | ১০০০.০০ | ০.০০ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৩২৪৩.০০ | ৩৭৮.০০ | ১১৯৩.০০ | ২২.৮৭ |
| ১৬. | মোট সম্পদ | ২০৮৬৮.৭৪ | ২১৫৫৫.৮৩ | ১৭১৯২.৭৭ | ২১১০৭.৯৫ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ০:১০০ | ০:১০০ | ০:১০০ | ০:১০০ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ১৬৯ | ৯৩ | ১৬৯ | ৮৩ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪২৯০.০০ লক্ষ ও ৪৪৮৯.০০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২৬৪২.১২ লক্ষ ও ৩৬৭৬.০৯ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ১৬৪৭.৮৮ লক্ষ ও ৮১২.৯১ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের সংস্থার ৪২০৬.৬৮ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ২৮১২.৫৯ লক্ষ টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ১৩৯৪.০৯ লক্ষ টাকা।

২০২১-২২ অর্থবছরে কমিশন হতে কোন অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি। ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে উদ্বৃত্ত অর্থ হতে সরকারি কোষাগারে যথাক্রমে ১২০০.০০ লক্ষ টাকা ও ১৫০০.০০ লক্ষ টাকা দেয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২১১০৭.৯৫ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ০:১০০। ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরের ৩০ জুন তারিখে মোট সম্পদ দাঁড়াবে যথাক্রমে ২১৫৫৫.৮৩ লক্ষ  টাকা ও ২০৮৬৮.৭৪ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৮৩ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে যথাক্রমে ৯৩ জন এবং ১৬৯ জন।

# বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

১৯৮৫ সালে বাংলাদেশ সরকারের জারিকৃত অধ্যাদেশ ৩৭ (The Bangladesh Standards and Testing Institution Ordinance, 37 of 1985) এর মাধ্যমে সেন্ট্রাল টেস্টিং ল্যাবরেটরি (CTL) এবং বাংলাদেশ স্ট্যান্ডার্ডস ইন্সটিটিউশন (BDSI) কে একীভূত করে শিল্প মন্ত্রণালয়ের অধীনে স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (BSTI) প্রতিষ্ঠিত হয়। পরবর্তীকালে ১৯৯৫ সালে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন কৃষি পণ্য বিপণন ও শ্রেণিবিন্যাস পরিদপ্তরটি ও (Department of Agricultural Grading and Marking) বিএসটিআই'র সঙ্গে একীভূত হয়। পণ্য ও সেবার জাতীয় মান প্রণয়ন ও প্রকাশ করা বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন এর প্রধান কাজ। বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশনের বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ :

## বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ১৮৯৮২..০০ | ১৭৪৪৮.০০ | ১৪৫৫২.০০ | ১২১৯৫.৩৫ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৫. | অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **০৬.** | **মোট আয় (০১+... +০৫)** | **১৮৯৮২.০০** | **১৭৪৪৮.০০** | **১৪৫৫২.০০** | **১২১৯৫.৩৫** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ৫৪৫৭.৬০ | ৫০১৭.৬০ | ৪৮৮৭.৫০ | ৩১০৬.৭১ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৩৫০.০০ | ৪০০.০০ | ৬০০.০০ | ২৬০.৪২ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ৮৯৩৩.০০ | ৭২৯৫.৫০ | ৭৭৩১.০০ | ৫৬২২.৫০ |
| **১০.** | **মোট ব্যয় (০৭+... +০৯)** | **১৪৭৪০.৬০** | **১২৭১৩.১০** | **১৩২১৮.০০** | **৮৯৮৯.৬৩** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) (০৬-১০)** | **৪২৪১.৪০** | **৪৭৩৪.৯০** | **১৩৩৩.৫০** | **৩২০৫.৭২** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ২০.০০ | ২০.০০ | ২০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ৩০৫৫.০০ | ২১৯৫.০০ | ১৭৯৫.০০ | ১১৮৫৩.৫৫ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৮০২০.০০ | ৪২১২.০০ | ৫৬২০.০০ | ৭৭০.০০ |
| ১৬. | মোট সম্পদ | ৩৮৫২৮.৭০ | ৩৪২৮৭.৩০ | ২৭৪৭২.১৫ | ২৯৫৫২.৪০ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত | ০:১০০ | ০:১০০ | ০:১০০ | ০:১০০ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ১৭২০ | ১৭২০ | ৮৫১ | ১১৫০ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১৭৪৪৮.০০ লক্ষ ও ১৮৯৮২.০০ লক্ষ টাকা এবং ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ১২৭১৩.১০ লক্ষ ও ১৪৭৪০.৬০ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ৪৭৩৪.৯০ লক্ষ ও ৪২৪১.৪০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের সংস্থার ১২১৯৫.৩৫ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৮৯৮৯.৬৩ লক্ষ টাকা এবং ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ৩২০৫.৭২ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা কর্তৃক ২০.০০ লক্ষ টাকা লভ্যাংশসহ সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ২১৯৫.০০ ও ৩০৫৫.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে প্রদেয় মোট অবদান ছিল ১১৮৫৩.৫৫ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ২৯৫৫২.৪০ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ০:১০০। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের ৩০ জুন তারিখে সংস্থার মোট সম্পদের পরিমাণ হবে যথাক্রমে ৩৪২৮৭.৩০ লক্ষ ও ৩৮৫২৮.৭০ লক্ষ টাকা এবং উভয় অর্থবছরে ঋণ মূলধন অনুপাত হবে ০:১০০। ২০২১-২২ অর্থবছরে কর্মরত জনবলের সংখ্যা ছিল ১১৫০ জন। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে উভয় বাজেটে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশনের জনবলের সংখ্যা দাঁড়াবে ১৭২০ জন করে।

## বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ

বাংলাদেশ ইকোনোমিক জোন অথোরিটি (বেজা) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ দ্বারা প্রতিষ্ঠিত হয়। বেজা শিল্পায়ন, কর্মসংস্থান, উৎপাদন ও রপ্তানি বৃদ্ধি এবং বৈচিত্রতা আনয়নের মাধ্যমে রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করার লক্ষ্যে পিছিয়ে থাকা অঞ্চলসহ সম্ভাব্য সকল এলাকায় অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বেজা প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত সংস্থা। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের বাজেট সংক্ষিপ্তসার নিম্নরূপ :

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ৪৩৯৬.০০ | ৩২৮৩.০০ | ৩৭৮৯.০০ | ৪৪১৩.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ০.০০ | ০.০০ | ৪০৫০.০০ | ০.০০ |
| ০৫. | অন্যান্য | ২৯৭১০.০০ | ৩৯১৭৮.০০ | ২৫০৮৫.০০ | ৪৫২৪০.০০ |
| **০৬.** | **মোট আয় (০১+... +০৫)** | **৩৪১০৬.০০** | **৪২৪৬১.০০** | **৩২৯২৪.০০** | **৪৯৬৫৩.০০** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ১৬৩৫.৩৫ | ১৩৩০.৭৩ | ১২৬০.৬২ | ১০১৮.১০ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৬৫.০০ | ৫৫.০০ | ৪০.০০ | ২০.৫০ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ৪৭৩৪.৩৫ | ৩৫৪০.০৫ | ৪৫৯৪.২৫ | ৩১৩১.০৪ |
| **১০.** | **মোট ব্যয় (০৭+... +০৯)** | **৬৪৩৪.৭০** | **৪৯২৫.৭৮** | **৫৮৯৪.৮৭** | **৪১৬৯.৬৪** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) (০৬-১০)** | **২৭৬৭১.৩০** | **৩৭৫৩৫.২২** | **২৭০২৯.১৩** | **৪৫৪৮৩.৩৬** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ১.০০ | ১.০০ | ১.০০ | ০.০০ |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডিএসএলসহ) | ৪৫৭০.০০ | ১০৮৭০.৫০ | ১০৮৮৩.৭০ | ১১৯১৮.৭০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৬৯৮৯১.০০ | ৪২১৭৬.০৬ | ৪৯৫৪৮.৯১ | ৭৫১৭৪.৯৮ |
| ১৬. | মোট সম্পদ | ৩৬৪৫৫৫.৬৮ | ৩৪১৪৫৪.৩৮ | ৩১৭৭৩২.৪১ | ৩১৪৭৮৯.৬৬ |
| ১৭. | ঋণ মূলধন অনুপাত (Debt Equity Ratio) | ৭৬:২৪ | ৮২:১৮ | ৭৮:২২ | ৯৩:৭ |
| ১৮. | মোট জনবল (সংখ্যা) | ২৪৭ | ১৮২ | ২৪৭ | ১৫০ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সরকারি আনুদানসহ সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪২৪৬১.০০ লক্ষ ও ৩৪১০৬.০০ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৪৯২৫.৭৮ লক্ষ ও ৬৪৩৪.৭০ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয় দাঁড়াবে যথাক্রমে ৩৭৫৩৫.২২ লক্ষ ও ২৭৬৭১.৩০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরের সংস্থার ৪৯৬৫৩.০০ লক্ষ টাকা আয়ের বিপরীতে ব্যয়ের পরিমাণ ছিল ৪১৬৯.৬৪ লক্ষ টাকা। ফলে ব্যয় উদ্বৃত্ত আয় ছিল ৪৫৪৮৩.৩৬ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদান প্রদানের লক্ষ্যমাত্র ধার্য করা হয়েছে ১.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে কোন অর্থ প্রদান করা হয়নি। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরের ৩০ জুন তারিখের হিসাব অনুযায়ী সংস্থার মোট সম্পদের পরিমাণ ছিল ৩১৪৭৮৯.৬৬ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত ৯৩:৭। ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরে সংস্থার মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৩৪১৪৫৪.৩৮ লক্ষ ও ৩৬৪৫৫৫.৬৮ লক্ষ টাকা এবং ঋণ মূলধন অনুপাত যথাক্রমে ৮২:১৮ ও ৭৬:২৪। ২০২১-২২ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ১৫০ জন। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে সংস্থার জনবলের সংখ্যা দাঁড়াবে যথাক্রমে ১৮২ ও ২৪৭ জন।

## বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

পণ্য, প্রক্রিয়া এবং দক্ষ জনবল সৃষ্টির মাধ্যমে জাতীয় অর্থনীতির উন্নতি সাধন করার উদ্দেশ্যে আইআরডিসি এবং পিআইপিএস নামক সরকারি খাতের অন্য দুইটি উৎপাদন মুখী সংস্থাকে একীভূত করে ১৯৬২ সালে পাকিস্তান শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র প্রতিষ্ঠিত হয়। স্বাধীনতার পরে এর নতুন নামকরণ করা হয় **বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র তথা** Bangladesh Industrial and Technical Assistance Center-BITAC। বিটাক কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে শিল্পে নিয়োজিত/শিল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের দক্ষতার মানোন্নয়ন, গবেষণার মাধ্যমে উন্নতমানের পণ্য/প্রযুক্তির উদ্ভাবন ও হস্তান্তর, দক্ষ শ্রমশক্তি তৈরিতে প্রশিক্ষণ প্রদান এবং আমদানি বিকল্প যন্ত্রাংশ তৈরি, যন্ত্রপাতি পরীক্ষণ ও স্থাপন ইত্যাদি ক্ষেত্রে উৎকর্ষ সাধন করে থাকে। বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট–সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে লেভি সংগ্রহ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ৫৮৯৪.৮৫ | ৫৮০৬.৬৬ | ৬৪৮৬.১৫ | ৬২৩৬.০০ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ১৮৮০.০০ | ১৯৭৮.৮০ | ১৮৭০.০০ | ১৮৭০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য সুদ ও ভাড়া | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৫. | অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **০৬.** | **মোট আয় (২+৩)** | **৭৭৭৪.৮৫** | **৭৭৮৫.৪৬** | **৮৩৫৬.১৫** | **৮১০৬.০০** |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ৩৪০০.৩৫ | ৩১০৪.৯১ | ৩২৩৬.৩৩ | ৩২৬২.১০ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্যৎ তহবিল/পেনশন | ০.০০ | ০.০০ | ১১১৪.৩২ | ০.০০ |
| ০৯. | অন্যান্য | ৩৭১৭.৫০ | ৪২৪২.৯৩ | ২৮৯১.০০ | ৩৮৩৩.৯০ |
| **১০.** | **মোট ব্যয় (৫+৭)** | **৭১১৭.৮৫** | **৭৩৪৭.৮৪** | **৭২৪১.৬৫** | **৭০৯৬.০০** |
| **১১.** | **ব্যয় উদ্বৃত্ত আয়/ঘাটতি)** | **৬৫৭.০০** | **৪৩৭.৬২** | **১১১৪.৫০** | **১০১০.০০** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থার মোট অবদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৬৫৭.০০ | ৪৩৭.৬২ | ১১০২.০০ | ৯৫০.০০ |
| ১৫. | মোট জনবল (সংখ্যা) | ৬৬৮ | ৬৬৮ | ৬৬৮ | ৫৮৫ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সরকারি অনুদান যথাক্রমে ৫৮০৬.৬৬ লক্ষ ও ৫৮৯৪.৮৫ লক্ষ টাকাসহ সংস্থার মোট আয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৭৭৮৫.৪৬ লক্ষ ও ৭৭৭৪.৮৫ লক্ষ টাকা এবং এর বিপরীতে ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৭৩৪৭.৮৪ লক্ষ ও ৭১১৭.৮৫ লক্ষ টাকা। ফলে পরিচালন উদ্বৃত্তের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৪৩৭.৬২ লক্ষ ও ৬৫৭.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থার ৬২৩৬.০০ লক্ষ টাকা অনুদানসহ মোট ৮১০৬.০০ লক্ষ টাকা আয়ের বিপরীতে ৭০৯৬.০০ লক্ষ টাকা ব্যয় পরবর্তী ব্যয় উদ্বৃত্ত আয়ের পরিমাণ ছিল ১০১০.০০ লক্ষ টাকা।

২০২১-২২ অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৫৮৫ জন। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ উভয় অর্থবছরে সংস্থার মোট জনবলের সংখ্যা দাঁড়াবে ৬৬৮ জন করে।

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীকে বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে বিগত ১৯৯৬ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে দেশে প্লানেটেরিয়াম প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়। বিগত ১৩/০৩/১৯৯৭ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)-এর সভায় “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার” শীর্ষক প্রকল্পটি অনুমোদিত হয়। বিগত ০৯ ফেব্রুয়ারি, ২০০০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার” এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার” শীর্ষক প্রকল্পটি ৩০ জুন, ২০০৪ তারিখে সমাপ্ত হয়। নভোথিয়েটারে প্রায় ২০ হাজার বর্গমিটার আয়তনের ৫ তলা উচ্চতা বিশিষ্ট মূল ভবনসহ অত্যাধুনিক প্রযুক্তিতে তৈরি ২৭৫ আসন বিশিষ্ট প্লানেটেরিয়াম হল, 5D Movie Theatre, ৩০টি এক্সিবিটস নিয়ে ১টি গ্যালারি 5D Interactive Edutainment Simulator অত্যাধুনিক সুযোগ সুবিধা সম্বলিত ১৫০ সিটের অডিটোরিয়াম ও ৫০ সিটের কনফারেন্স রুম, ১০০টি গাড়ি পার্কিং এর ব্যবস্থা রয়েছে। গত ১৮ মার্চ ২০১০ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন-২০১০ মহান জাতীয় সংসদে পাস হয়েছে এবং গেজেট প্রকাশের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসাবে স্বীকৃতি লাভ করে। সংস্থার বাজেট-সংক্ষিপ্তসার নিম্নরূপ:

### বাজেট-সংক্ষিপ্তসার

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| | **আয়** | | | | |
| ০১. | ইউনিটসমূহ হতে সংগৃহীত লেভি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০২. | সরকারি অনুদান | ৯০০.০০ | ৫৬০.০০ | ৭১৫.০০ | ৫৫৬.৮৩ |
| ০৩. | সেবার জন্য প্রাপ্য ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ০৪. | ব্যবসায়িক মুনাফা, প্রাপ্য ভাড়া ও সুদ | ৪০.০০ | ৩০.০০ | ৭৮.৫০ | ২৯.২৭ |
| ০৫. | অন্যান্য | ২০৫.০০ | ১৯০.০০ | ১৪১.৫০ | ৬১.০৪ |
| ০৬. | **মোট আয় (১+...+৫)** | ১১৪৫.০০ | ৭৮০.০০ | ৯৩৫.০০ | ৬৪৭.১৪ |
| | **ব্যয়** | | | | |
| ০৭. | বেতন ও ভাতাদি | ৩৯১.০০ | ৩০৫.০০ | ৩১৬.০০ | ২৭৮.৫৭ |
| ০৮. | কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন | ৩৫.০০ | ০.০০ | ৩৫.০০ | ২০.২৫ |
| ০৯. | অন্যান্য ব্যয় | ৫৩৪.০০ | ৪৫৬.০০ | ৩৯২.০০ | ২২৬.৩৬ |
| ১০. | **মোট ব্যয় (৭+...+৯)** | ৯৬০.০০ | ৭৬১.০০ | ৭৪৩.০০ | ৫২৫.১৮ |
| ১১. | **ব্যয় উদ্বৃত্ত আয়/( ঘাটতি): (৬-১০)** | **১৮৫.০০** | **১৯.০০** | **১৯২.০০** | **১২১.৯৬** |
| ১২. | সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | সরকারি কোষাগারে প্রদেয় সংস্থারমোট অবদান | **৪৫.০০** | **৩০.০০** | **৪০.০০** | **২৪.৯৪** |
| ১৪. | দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ (ডি এস এল সহ) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ১৮৫.০০ | ১৯.০০ | ১৯২.০০ | ৬১.৪৯ |
| ১৬. | মোট জনবল ( সংখ্যা) | ৮৪ | ৮৪ | ৬৩ | ৫২ |

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েট এর প্রধান কার্যালয়ের আয়ের খাতের মধ্যে সরকারি অনুদান, প্রাপ্য সুদ ও প্রাপ্য ভাড়া উল্লেখ যোগ্য। ২০২১-২২ অর্থবছরে সরকার হতে প্রাপ্ত অনুদান এর পরিমাণ ছিল ৫৫৬.৮৩ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সরকার হতে প্রাপ্ত অনুদানের পরিমাণ প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৫৬০.০০ লক্ষ টাকা ও ৯০০.০০ লক্ষ টাকা। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরে সরকার হতে প্রাপ্য অনুদান পরিবর্তনযোগ্য। ২০২১-২২ অর্থবছরে সংস্থার সরকারি অনুদানসহ মোট আয়ের পরিমাণ ছিল ৬৪৭.১৪ লক্ষ টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সরকার হতে প্রাপ্ত অনুদানসহ মোট আয়ের পরিমাণ প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ৭৮০.০০ লক্ষ টাকা এবং ১১৪৫.০০ লক্ষ টাকা। মোট আয়ের বিপরীতে উল্লিখিত অর্থবছরে সংস্থার মোট ব্যয়ের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৭৬১.০০ লক্ষ টাকা এবং ৯৬০.০০ লক্ষ টাকা। ফলে ব্যয় পরবর্তী উল্লিখিত বছরদ্বয়ে সংস্থার উদ্বৃত্ত আয় থাকবে ১৯ লক্ষ টাকা ও ১৮৫ লক্ষ টাকা।

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থাকর্তৃক (শুল্ক, বিভিন্ন কর বাবদ) সরকারি কোষাগারে প্রদেয় অবদানের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে যথাক্রমে ৩০.০০ লক্ষ টাকা এবং ৪৫.০০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থবছরে সংস্থা কর্তৃক সরকারি কোষাগারে অবদানের পরিমাণ ছিল ২৪.৯৪ লক্ষ টাকা। ২০২১-২২ সমাপ্ত অর্থবছরে সংস্থায় কর্মরত জনবলের সংখ্যা ছিল ৫২ জন যা ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছেরর প্রাক্কলিত বাজেটে ৮৪ জনে দাঁড়াবে মর্মে প্রত্যাশা করা যাচ্ছে।